Any writing always presupposes an approach, and thus engenders voices of assent as well as contention. The reader becomes a participant refuting, endorsing or even replenishing the writing with his/her quest for the unmentioned, embedded possibilities in the text. The third version of Bodhikala is a collection of critical essays exploring various potent topics- each unique in its flavor and significance, promising 'unenforced reading'. The 'text' has grown in magnitude encompassing areas beyond the printed book with line, and any critical orating on the 'text' speaks more than the original has ever communicated. The essays in this journal provide the reader with the scope of restructuring or remodeling his/her views ideas, scale of values and understanding of life and society.

We are extremely privileged to have the distinction of carrying the contributions of distinguished writes from various fields, academies and beyond, in other words, a panoply of wisdom in all its variegated colours. We hope to meet the expectations of our erudite readers this year too.

বাংলা গদ্যের ইতিহাস রচনা নিয়ে কিছু প্রশ্ন

দেবেশ রায়*

বাংলা গদ্যের ইতিহাস পড়া ও বোঝার যুক্তি নিয়ে কিছু প্রশ্ন তৈরি করে তুলতে চাই।

ভারতীয় ন্যায়শাস্ত্র বলে, প্রশ্ন তৈরি করে তোলাই প্রধানতর কাজ, উত্তর খোঁজা বা পাওয়া ততটা নয়। কোনো প্রশ্ন তৈরিই হতে পারে না, আগের কিছু উত্তরের ভিত্তি ছাড়া।

পরন্তু, ন্যায়শাস্ত্র, জ্ঞানের প্রমাণেরই অনুশীলন করে। ন্যায়শাস্ত্রে প্রমাণের পরিচয় নিয়ে মতভেদের শেষ নেই। সেই মতভেদের ভিত্তিতেই ন্যায়শাস্ত্রের বিভিন্ন টীকা বা স্কুল বা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। প্রমাণ-অপ্রমাণ নিয়ে কার্টেজীয় যুক্তিবিজ্ঞানও যথেষ্ট সক্রিয় কিন্তু সে-সক্রিয়তা ন্যায়শাস্ত্রের প্রমাণ-অপ্রমাণ অনুশীলনের তুলনায় প্রায় কিছুই নয়। এ-কথাটি মনে রাখা আমাদের আধুনিক জ্ঞানচর্চায় দরকার যে ন্যায়শাস্ত্রের বিভিন্ন টীকা বা ব্যাখ্যা বা প্রতিষ্ঠান এখনো কিন্তু প্রাসঙ্গিক। অনেকটা সক্রিয়ও বটে। বিশেষ করে, পাশ্চাত্য জ্ঞানতত্ত্বের (এপিস্টেমোলজি) অনেক আধুনিক সমস্যার সমাধানের ইশারা হয়তো ভারতীয় ন্যায়শাস্ত্রে কোথাও-কোথাও খুঁজে পাওয়া যায়। তেমন খুঁজেছেন, তাঁর স্বল্পায়ু জীবনে বিমলকৃষ্ণ মতিলাল, বা এখনো খুঁজছেন, জিতেন মহান্তি।

আপাত বিচারে, ইতিহাস-রচনা নৈয়ায়িক কোনো প্রমাণের বিষয় হতে পারে না। ইতিহাসের ধারণার মধ্যেই অনেক স্ববিরোধিতা আছে। যে-স্ববিরোধিতাকে ইতিহাসের ধারণার দ্বন্দ্ব বা ডায়ালেকটিকও বলা যেতে পারে। ইতিহাস বলতে একটা নির্দিষ্ট কিছু বোঝায় না। পরস্পর বিপরীতও বোঝায়। একদিকে ইতিহাস কালানুক্রমিক বিবরণ। আর একদিকে ইতিহাস অপরিবর্তনীয় একটি অবস্থানের ব্যাখ্যান। প্রথম ধারণাটি গতিশীল। দ্বিতীয় ধারণাটি অনড় ও স্থিতিশীল। সম্রাট অশোকের তৈরি বৌদ্ধ স্তূপগুলি কোথায়-কোথায় কী উপলক্ষে স্থাপিত হয়েছিল সেটা একটা ইতিহাস। আবার, তেমন একটি মাত্র স্তূপের গঠনবৈচিত্র্যের বিবরণও ইতিহাস। অজন্তা গুহায় কেন, কবে ঐ চিত্রমালা আঁকা হয়েছে সেই কালনির্ভর বিবরণ যেমন ইতিহাস, তেমনি একটি কোনো চিত্রের অঙ্কন-বৈশিষ্ট্য, বর্ণলেপনের ধরন ও রেখা ব্যবহারের বিবরণও ইতিহাস। অনেক সময়ই এই দ্বিতীয় ধরনের ইতিহাস, ঘটনা ঘটার সময়ের চাইতে ইতিহাস-রচনার কালের সঙ্গে অনেক নিকট ও ঘনিষ্ঠ সম্বন্ধে বাঁধা পড়ে, বিশেষ করে শিল্প-সাহিত্য ও বিদ্যাচর্চার ক্ষেত্রে।

ন্যায়শাস্ত্র সত্য বা জ্ঞান প্রমাণের জন্য যে-পদ্ধতি ও প্রকরণ স্থির করে দিয়ে আসছে, দূর অতীত কাল থেকে আধুনিক কালেও, সেইসব পদ্ধতি ও প্রকরণ ব্যবহার করে ইতিহাসের দ্বান্দ্বিকতার কোনো একটিকেও প্রমাণ করা যাবে না।

বাংলা গদ্য বলতে আমরা কী বোঝাব? মুখের ভাষার গদ্য নাকি লেখার গদ্য? এখানে 'ভাষা' শব্দটিকে ব্যুৎপত্তিগত অর্থেই যদি 'যা বলা হচ্ছে' বুঝে নিই, তা হলে, এমন একটা সূত্র বা ছুতো কি তৈরি করা যায়— যা লেখা হচ্ছে সেটা, যে-উপায়ে, যা বলা হয় তার মত একটা আকার পায়, সেই উপায়কে গদ্য বলে?

ইংরেজিতে 'প্রোজ' আর 'পোয়েট্রি' শব্দদুটি নিজেরা 'আকার'টাই বোঝায়। যদিও এটা বেশ কৌতুককর যে গ্রিক ' প্রোজোইদিয়া' শব্দটি থেকেই ছন্দের তাল বোঝাতে 'প্রোজোডি' শব্দটি ব্যবহৃত হতে থাকে ও লাতিন 'প্রেজো ওর‍্যাসিয়ো' থেকে মুখের কথা বা খোলোমলো কথা বলতে 'প্রোজ' শব্দটি ব্যবহৃত হতে থাকে। কথার রীতি সাব্যস্ত করতে গ্রিকরা যে 'প্রোজোইদিয়া' শাস্ত্র তৈরি করেছিলেন, তা থেকে কথা বলাকে মুক্ত করতে লাতিনরা তাকেই মুখের কথা, 'প্রোজো ওর‍্যাসিয়ো' চিহ্নিত করে। আমাদের সংস্কৃত অলঙ্কার শাস্ত্রেও অনুরূপ ঘটেছে। 'ভাষা' বলতে বোঝাত যা বলা হয়।

বাংলা গদ্যের ইতিহাস-রচনা সম্পর্কিত কোনো ভাবনায়— গ্রিক-লাতিন ও সংস্কৃত অলঙ্কার শাস্ত্রে গদ্যের সংজ্ঞা নিয়ে এই মত ও বিশ্লেষণের পার্থক্য খুব জরুরি। যদি ধরে নেয়া যায় যে উনিশ শতক থেকেই বাংলা গদ্য ভাষার জনচর্চা শুরু হয়েছে, তা হলে, এটাও খুব পরিষ্কার করে কি মেনে নেয়া উচিত নয় যে গদ্যচর্চার সেই পর্বে এই দুটি আদর্শই আমাদের লেখকদের প্রভাবিত করছিল, অন্তত মোটামুটি ১৮৬০ সাল পর্যন্ত? ঐ ১৮৬০ সাল নাগাদই মধুসূদন ও বঙ্কিমচন্দ্র বাংলায় সাহিত্যসৃষ্টির যে প্রবল দিকভাঙা বান

* প্রখ্যাত সাহিত্যিক ও প্রাবন্ধিক

ডাকালেন তাতে গদ্যের বা পদ্যের কোনো আদর্শ বা ছাঁচনির্ভর অনুশীলন, সে ইয়োরোপীয়ই হোক আর সংস্কৃতই হোক, অপ্রাসঙ্গিক হয়ে গেল ও সৃষ্টিকর্মের অদৃশ্য গভীরতা থেকে বাংলা গদ্য ও পদ্যের আকার পূর্বনির্ধারিত হতে থাকল।

কিন্তু সেই ১৮৬০-এর আগের ৬০ বছরের ইতিহাসে এই আদর্শ-সংকট বা ছাঁচ নিয়ে দ্বিধা, বাংলা সংবাদ-সাময়িকপত্রে, সমাজ সংস্কার নিয়ে নানা রকম ইস্তাহারে, কিছু বইপত্রে, নিবন্ধে, জনসাধারণের মধ্যে প্রচলিত নানা আলাপ-আলোচনায় (ডিসকোর্স), বাংলা গদ্য-রাজ্য গঠনে, বাক্যগুলিকে মিলিয়ে বাচ্য তৈরিতে, বাক্যগুলি মিলিয়ে নিবন্ধ তৈরিতে বারবার ঘটেই চলেছে। সেই দ্বিধাচিহ্নগুলি চিনে নিতে না পারলে কি বাংলা গদ্যের ইতিহাস তৈরি করা সম্ভব?

ঐ ৬০ বছরেরও আগে, আঠার শতকের শেষ ২৫-৩০ বছরের বেশ কিছু ব্যবসায়িক ও ব্যক্তিগত চিঠিপত্র ও দলিল দস্তাবেজ ইংল্যান্ডের ও ফ্রান্সের বিভিন্ন সংগ্রহশালায় পাওয়া গেছে। সে গদ্য কি গদ্যের ইতিহাসের অন্তর্ভুক্ত হতে পারে? সে-গদ্যের গড়ন, যেহেতু, পূর্বোক্ত দুই মডেল বা আদর্শ বা ছাঁচ থেকে আলাদা ও সেই ছাঁচের সঙ্গে হুতোম ও আলালের গদ্যের গড়নের মিল খুব স্পষ্ট। তা হলে বাংলা গদ্যের ইতিহাস রচনার ভাবনায় কি এই বিশেষ ছাঁচটির কথা বিশদে আলোচ্য হওয়া অনিবার্য নয়?

তাহলে, বাংলা গদ্য বলতে কি আমরা কোনো সমগ্রতা অনুমান করতে পারি, অন্তত সেই ১৮৬০ সাল পর্যন্ত বিস্তারিত কোনো সমগ্রতা? সেই সমগ্রতার অন্তর্ভুক্ত হতে পারে কি— আঠার শতকের চিঠিপত্র দলিল দস্তাবেজ, উনিশ শতকের প্রথম তিন দশক ধরে শ্রীরামপুর মিশনের ও ফোর্ট উইলিয়াম কলেজের ছাপা বইপত্র, ১৮১৮ থেকে প্রকাশিত সংবাদ-সাময়িকপত্রগুলি ও ১৮২০-২২ থেকেই ব্যক্তিগত উদ্যোগে মুদ্রিত ও প্রকাশিত বাংলা বইপত্র?

বাংলা গদ্যচর্চার কি তেমন কোনো সমগ্রতা আছে অন্তত ঐ ১৮৬০ পর্যন্ত?

নাকি ঐ চারটি স্বতন্ত্র উদ্যোগের মধ্যে কোথাও কোথাও সংলগ্নতা থাকলেও এগুলো আসলে স্বতন্ত্র ইতিহাস ও সেই স্বতন্ত্র খণ্ডগুলি কোনো সমগ্রতা তৈরি করছে না?

আপাতত অনেকগুলি প্রশ্ন তৈরি হয়েছে— অন্তত সাতটি। আমরা প্রথমেই বলেছি যে আমরা শুধু কিছু প্রশ্নই তৈরি করে তুলব। এ-ও আমরা বলে রেখেছি— যে-কোনো প্রশ্নই অন্য কোনো উত্তর থেকে জেগে ওঠে।

এই প্রশ্নগুলিও সেই পদ্ধতিতেই তৈরি হয়ে উঠেছে। বাংলা গদ্যচর্চার কোনো সামগ্রিক ইতিহাস রচিত হয়নি। বাংলা গদ্যের ইতিহাস— এই নিয়ে উনিশ শতকের প্রথমার্ধে লেখা কিছু বইয়ের বিবরণ আছে। বাংলা সাময়িক পত্রের ইতিহাস— এই নামে উনিশ শতকের পত্র-পত্রিকার বিবরণ আছে। বাংলা সাময়িক পত্রের নির্বাচিত সংকলনগ্রন্থ আছে। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়-এর দুই খণ্ডে বিভক্ত 'সংবাদপত্রে সেকালের কথা', বিনয় ঘোষের চার খণ্ডে বিভক্ত 'সংবাদপত্রে বাংলার সমাজচিত্র', সম্প্রতিকালে স্বপন বসুর খণ্ডে-খণ্ডে বিভক্ত 'সংবাদ-সাময়িক পত্রে উনিশ শতকের বাঙালি সমাজ' (এখনো অসম্পূর্ণ) ও ঢাকা থেকে প্রকাশিত মুনতাসীর মামুনের পূর্ববঙ্গের পত্রপত্রিকার সংকলন— এগুলি মূল্যবান আকর গ্রন্থ কিন্তু ইতিহাস নয়। ইতিহাসের অপরিহার্য উপাদান।

এই উপাদানগুলি ব্যবহার করে বাংলা গদ্যের কোনো সামগ্রিক ইতিহাস রচনার চেষ্টা হয়নি।

তার ফলে কিছু অপ্রমাণিত সিদ্ধান্ত আমাদের এই বিষয়ক বিদ্যাচর্চার অভ্যাসের ভিতর ঢুকে গেছে। শুধু তাই নয়, শিকড়ও গেড়েছে। তার ওপর, গদ্যের ইতিহাস চর্চার একটা ইয়োরোপীয় মডেল আমাদের হাতের নাগালে আছে। তাতে এমন যুক্তিনিষ্ঠ বিবরণ আছে— পাশ্চাত্যের বিভিন্ন দেশে খ্রিস্ট ধর্ম বিষয়ে জনবিতর্কে, রাজনৈতিক অধিকার সংক্রান্ত প্রকাশ্য আলোচনায়, তেমন অলোচনার ভিত্তিতে সংবাদ-সাময়িকপত্র একালের প্রয়োজনবোধে ও তেমন প্রকাশ্য আলোচনার ফলে শাসক ও প্রতিষ্ঠানকর্তাদের সংকটবোধে, ইয়োরোপের বিভিন্ন দেশের বিভিন্ন ভাষায় কীভাবে গদ্য তৈরি হয়ে উঠেছিল।

ইতিহাস-রচনার এই ছকটি আমাদের বিদ্যাচর্চায় বিশ্লেষণ ছাড়াই প্রয়োগ করা হয়েছে এমন সহজ মিল কল্পনা করে নিয়ে যে সতীদাহপ্রথা রদ করার জন্য রামমোহন রায়ের আন্দোলনে, তাঁর ব্রাহ্মধর্ম প্রতিষ্ঠায়, বাল্যবিবাহরদ ও বহুবিবাহ নিষিদ্ধ করার জন্য বিদ্যাসাগরের উদ্যমে, তাঁরই উদ্যোগে বিধবাবিবাহ আইন পাশে— ইয়োরোপের খ্রিস্টান ধর্মীয় জনমতের বিরোধের সমতুল্যতা আছে ও এই কথা সম্পূর্ণ ভুলে গিয়ে যে আমরা এক বিদেশী শক্তি কর্তৃক পরাভূত ও শাসিত অধীনস্থ দেশ।

এই সমতুল্যতা যে কতটাই কল্পনাবিলাস ও কতটাই অপস্মারক তা ইয়োরোপের ইতিহাস পড়লেই বোঝা যায়।

১৫১৬ খ্রিস্টাব্দে পারাক্লেসিস-এর দুটি ভূমিকায় দেসিদেরিউস ইরাসমাস তিনটি লক্ষের কথা বলেন। প্রথমত, ধর্মশাস্ত্র অনুবাদ করতে হবে দেশী ভাষায়, মানুষের মুখের কথায়, যে-ভাষা চাষাভুষোরা, মেয়েরা, শিশুরাও বুঝতে পারে। দ্বিতীয়ত, ধর্মশাস্ত্র শুধু সাধারণ মানুষদেরই ধর্ম শেখায় না, যাঁরা ধর্মকর্মের অছি, সেই রাজপুরুষদের, ধর্মগুরুদের ও পুরোহিতদেরও ধর্মবোধ-বিচারের পদ্ধতি শেখায়। ইরাসমাসের তৃতীয় কথা ছিল— প্রাচীন লাতিন ভাষা ধর্মালোচনার যোগ্য ভাষাই নয়, অথচ হাজার বছর ধরে সেই ভাষাতেই ধর্মকে আটকে রাখা হয়েছে।

ইরাসমাসের এই কর্মসূচি ছিল সক্রিয়। সেই সময়ই ইংল্যান্ডে ওয়াইক্লিয়ের অনুগামীরা, বোহেমিয়াতে হাসসাইরা, ও সারা ইয়োরোপে ছড়িয়ে থাকা বিচিত্র সব সম্প্রদায়, ওয়ালডেন-অনুগামীরা, ধর্মালোচনার ভাষার ও ধর্মপ্রতিষ্ঠানের সংস্কারের দাবিতে দীর্ঘ এক ব্যাপক আন্দোলনে যুক্ত হয়ে পড়েন। সেই আন্দোলনেরই শীর্ষবিন্দু হয়ে ওঠে মার্টিন লুথারের বজ্রনির্ঘোষ। জন্ম নেয় ইয়োরোপের বিভিন্ন ভাষার গদ্য-আকার।

এই এক পর্ব-পর্বান্তর জুড়ে ইয়োরোপের ইতিহাসের উল্লেখটুকু করছি শুধু এই কারণে যে ইয়োরোপের বিভিন্ন ভাষায় গদ্যরূপের বিকাশের ভিত তৈরি করেছিল প্রবল সামাজিক আন্দোলন, বিদ্যাচর্চা ও সংগঠন। সেই সময়কার সংবাদ-সাময়িক পত্রের পাতায় ও অসংখ্য ইস্তাহারে তৈরি হয়ে উঠেছে ইয়োরোপীয় ভাষাগুলির গদ্যরূপের মডেল।

সেই গদ্যের ইতিহাসের মডেল বাংলা সাংবাদিক ও জনসংযোগের গদ্যে প্রযোজ্যই না। বাংলায় এই বিশেষ গদ্যের ধারাটি দীর্ঘকালীন কোনো ধর্মীয় বা রাজনৈতিক সংস্কারের আন্দোলনের ফল নয়। সতীদাহরোধ, বাল্যবিবাহরোধ, বিধবাবিবাহপ্রবর্তন ও ব্রাহ্মধর্ম— সামাজিক ধর্মীয় দিক থেকে ভারতীয় জীবনের প্রায় হাজার বছরের আচার অন্ধতা থেকে মুক্তির নিশানা, ভূমিকম্পের মত। এক ধরনের নবজাগরণ সন্দেহাতীত ঘটছিল।

কিন্তু সাংবাদিক ও জনসংযোগের গদ্যের ইরাসমাস কথিত তিন লক্ষের একটি লক্ষও বাংলা সাংবাদিক ও জনসংযোগের গদ্যের লক্ষ ছিল না। চাষাভুষো, মেয়েদের ও শিশুদের বোধগম্য কোনো শাস্ত্রালোচনা বাংলা গদ্যে হয়নি। তার একটা কারণ হতে পারে যে ইয়োরোপে খ্রিস্টধর্ম তত্ত্বহিসেবে যে একটি অখণ্ডতার আধার, বাংলায় বা ভারতে হিন্দুধর্ম তা নয়। হিন্দুধর্ম বহুবাচনিক। প্রাতিষ্ঠানিক ধর্মের প্রান্তিক লোকধর্মের সংখ্যাও প্রচুর। হিন্দুধর্মের অনুগামীদের কাছে ধর্মতত্ত্বের চাইতে ধর্মাচরণ বা নিত্যকর্মপদ্ধতি অনেক বেশি ধর্মপরিচয়। যে-ধর্মীয় আলোচনা, বাংলা সাংবাদিক জনসংযোগী গদ্যে হয়েছে তাতে নতুন গদ্যের অনুসারীদের কোনো পক্ষই ধর্মাচরণ বা নিত্যকর্মপদ্ধতিকে খুব একটা আক্রমণ করেননি। তাই ধর্মতত্ত্বের যে সর্বজনীনতা ইয়োরোপীয় ভাষাগুলির গদ্যরূপের প্রথম লক্ষ হিসেবে ইরাসমাস নির্দিষ্ট করেছিলেন তা বাংলা গদ্যের ক্ষেত্রে প্রাসঙ্গিক ছিল না।

ইরাসমাস কথিত দ্বিতীয় লক্ষ— রাজপুরুষ, ধর্মগুরু ও পণ্ডিত-পুরোহিতদেরও ধর্মশাস্ত্র-আলোচনার দ্বারা বিচার করাও বাংলা গদ্যের পক্ষে প্রাসঙ্গিক ছিল না। শ্রীরামপুরের মিশানারিরা রাজপুরুষ ছিলেন না, বরং কোম্পানির সঙ্গে তাদের বিরোধই ছিল। তা হলেও তাঁরাও তো সাহেবই ছিলেন। ফোর্ট উইলিয়াম কলেজের কেরি তো রাজপুরুষই ছিলেন। মিশনারি ও কোম্পানির সব সাহেবরাই 'উচ্চতর' সংস্কৃতির ও সভ্যতার স্বনির্বাচিত দূত ছিলেন। সাংবাদিক গদ্যচর্চায় দু-রকমের সাহেবদেরই নির্ভর ছিলেন সংস্কৃতজ্ঞ ব্রাহ্মণ পণ্ডিতরা। হিন্দু আইনের অনুবাদও এই পণ্ডিতরাই করতেন। এটা বরং ছিল দুই 'ব্যুরোক্রেসির ঐক্য'। সাহেবদের সঙ্গে বামুনদের।

ইরাসমাস কথিত ইয়োরোপীয় সামাজিক গদ্যের তৃতীয় লক্ষও বাংলাগদ্যের ক্ষেত্রে প্রাসঙ্গিক নয়। কারণটা খুব সরল। সংস্কৃত পণ্ডিতরা যদি গদ্য লেখেন সে গদ্য সংস্কৃত নির্ভর তো হবেই। বাংলা সাংবাদিক গদ্যে সংস্কৃত শব্দের ব্যবহার উনিশ শতক জুড়েই ছিল, একুশ শতকেও আছে। কিন্তু সেই সংস্কৃতপ্রাধান্যের মধ্যেই 'সম্বাদ ভাস্কর' ও 'সংবাদ প্রভাকর'-এ ও আরো কিছু কিছু কাগজে বাংলা কথ্যভঙ্গি কিছু-কিছু আসতে শুরু করে। কিন্তু সংস্কৃতনির্ভরতা থেকে বাংলা গদ্যের কোনো মুক্তি ঘটেনি। তেমন মুক্তি আদৌ সম্ভব কী না, কতদূর সম্ভব ও উচিত কী না এই তাত্ত্বিক তর্কেই সেই মধ্য উনিশ শতক থেকেই বারবার ফেঁসে যাওয়া হয়েছে। কিন্তু শব্দার্থগত বা সেমানটিকসে ও বাক্যগঠনে বা সিনট্যাকসে যে অনেকটাই সম্ভব হয়েছিল তার কিছু প্রমাণ সাম্প্রতিক কালে পাওয়া যাচ্ছে।

আঠার শতকের চিঠিপত্রে গদ্যভাষার যে নিদর্শন পাওয়া গেছে তাতে এমন অনুমান করাই যায় যে সংস্কৃতনিরপেক্ষ ও মুখের ভাষা-নির্ভর গদ্যভাষার ইশারা সেখানে ছিল। কিন্তু সাহেব-পণ্ডিত ঐক্য সে ইশারাকে গদ্যের উপাদানে পরিণত হতে দিল না।

সংস্কৃত থেকে সম্পূর্ণ মুক্তি বলে কিছু বাংলা গদ্যে সম্ভব হয়ে ওঠেনি। এখনকার বাংলাদেশে ও পশ্চিমবঙ্গে সংস্কৃতচর্চা তেমন হয়ই না বলা যায়। বাংলাদেশে তো একেবারেই সে-চর্চা নেই। কিন্তু একটি বাক্যের গঠনে (সিনট্যাক্স) পদগুলির অবস্থান ও বিভক্তি বা বিভক্তিতুল্য শব্দ প্রয়োগ করে বাক্যের পদগুলির ভিতর কারক-সম্পর্ক স্পষ্ট রাখার সংস্কৃত ব্যাকরণের রীতিই বাংলা বাক্যগঠনেরও অনতিক্রম্য রীতি। বিশেষণের বিশেষ্য-আনুগত্যের বাধ্যতা, লিঙ্গ-বচন-কাল নির্দেশের বাধ্যতা, বাক্যের ভিতরে পদের স্থানের নির্দিষ্টতার বাধ্যতা (এটা অবিশ্যি সংস্কৃত ব্যাকরণে নেই, এটা এসেছে ইংরেজি ব্যাকরণের তথা লাতিন ব্যাকণের, বাধ্যতা থেকে), শব্দের ধাতু ও গণের বাধ্যতা— এগুলো থেকে বাংলা গদ্য ও সাংবাদিক গদ্য অন্তত পুরো উনিশ শতক জুড়েই খুব শ্লথ গতিতে মুক্তি পেয়েছে। গদ্যের শুদ্ধতা নির্ণয়ে সংস্কৃতের ওপর নির্ভরতা বাংলা গদ্যের আদিযুগেও ছিল, আধুনিক যুগেও আছে। যেন, সেই শুদ্ধতায় অভ্যস্থ হওয়াটাই গদ্যশিক্ষা। যেন বাংলা গদ্য জ্ঞাননির্ভর, মুখের ভাষানির্ভর নয়।

আঠার শতকের যে-চিঠিপত্র এখন পাওয়া গেছে, তাতে মুখের প্রচলিত শব্দার্থ ও বাক্যগড়নের (সেমানটিকস ও সিনট্যাকস) ওপর নির্ভর করে বক্তব্য লেখার অভ্যেস তখন যে ছিল তা বোঝা যায়। এগুলি ব্যবসায়িক ও বৈষয়িক চিঠি, টাকাপয়সার হিসেব ও কাজের কথার চিঠি, অর্থ বোঝানো ও বোঝাটাই এই চিঠিগুলির একমাত্র লক্ষ। তাই, সেখানে মুখের ভাষার যতটা কাছাকাছি লিখিত বাক্যের গড়ন (সিনট্যাকস) রাখা সম্ভব, ততটাই কাছাকাছি রাখতে হবে। ব্যাকরণ এখানে নির্ণায়ক ছিল না, বক্তব্যটাই এখানে নির্ণায়ক। ফলে, স্বাধীন এক সিনট্যাকস বা বাক্যনির্মাণ রীতি তৈরি হয়ে উঠছিল হয়তো।

ব্যাকরণের ত্রুটিতে বক্তব্যের বিকার সম্ভবই নয়। বরং বক্তব্যের স্পষ্টতা ব্যাকরণের চলিত অভ্যাসকে উৎরে যাচ্ছে বা শুধরে নিচ্ছে। এখন কাজে আঠার শতকের এই চিঠিগুলিতে শব্দার্থের (সেমানটিকস) নির্দিষ্টতাই অনেক সময়ই নিজস্ব বাক্যগঠন (সিনট্যাক্স) হয়ে উঠছে।

আমরা একটি দীর্ঘ উদাহরণ নিচ্ছি গোলাম মুরশিদ-এর 'আঠারো শতকের বাংলা গদ্য ইতিহাস ও সংকলন' বইটি থেকে। ইন্ডিয়া অফিস (লণ্ডন) লাইব্রেরি থেকে তিনি এমন অনেকগুলি দলিল, চিঠিপত্র, রশিদ ও বিজ্ঞাপন সংগ্রহ করে এই বইটিতে সংকলন করেছেন। আমাদের নির্বাচিত উদাহরণটিকে মুরশিদ 'হ্যাল-হেড ও বোগল'-এর সংগ্রহ বলেছেন। আমরা দীর্ঘ একটি উদাহরণ বেছে নিয়েছি এই কারণে যে রশিদ বা পরচা বা দলিল জাতীয় বাঁধা গতের রচনাকে গদ্য হিসেবে মেনে নিতে আপত্তি থাকতে পারে ও সে-আপত্তির পক্ষে যুক্তিও আছে। কিন্তু এই উদাহরণটি একটি দীর্ঘ রচনা। রচনাটির মধ্যে ঘটনার পরম্পরা, বৈচিত্র্য, একটি মতের সমর্থন-অসমর্থন, কোনো ঘটনা নিয়ে লেখকের মত ও অমত— এমন নানা বৈশিষ্ট্য খুব স্পষ্ট। সেই কারণে— এটি চিঠি হলেও একটি সম্পূর্ণ রচনা হিসেবে বিচার করা যায়। আমরা প্রথমে মূল রচনা ও তার পরে এখনকার প্রচলিত গদ্যে, সেটি সাজিয়ে দিচ্ছি।

শ্রীশ্রীকৃষ্ণঃ সরণং

মোং হরিপাল আমিন ও গোমাস্তা

সে আড়ঙ্গের দালালসকল কএক সন হইতে মোকরর[১] আছে ইহারা কুম্পানির কাজ অনেক খতরা[২] করিয়াছে তাতিরদিগের উপর একান্ত এক্তিয়ার[৩] পাইয়া তাহাদিগের[৪] উপর জোর ও জবরদস্তিতে ও গোমাস্তা ও কোটীর[৫] দোসরা আমরা হায়ের[৬]-সঙ্গে এক এতফাক[৭] হইয়া মবলগ[৮] বাকি পড়িয়াছে তাহার কিছুই আদায় করিতে পারে না এ কারণ আমি যুন্দর তজবিজ[৯] করিয়া তাহার দিগের কাজে হইতে জগির[১০] করিলাম আমার মনস্ত দালাল রাখিয়া হরগিজ[১১] কাজ করিতাম না কিন্তু দালাল ছাড়াইলে কুম্পানির দাদানির দফার জামিন কেহ থাকে না এ কারন এ কএকজন ফলানা[১২] সেখানকার নিকটাবর্ত্তি ও মাতবরিও আছে ইহাদিগের দালালিতে মোকরর[১৩] করিলাম।

নয়া দালালের দিগের কর্ত্তব্য কাজ এই মধ্যে২ তাঁত নজর করিবেকও কাপড়ের রকম বুনিবার সময় তজবিজ করিয়া দেখিবেক খবরদারি[১৪] করিবেক জেন নমুনা সহি সরস রকম হয়ও জে কিছু দাদানি তাঁতিদিগকে তুমি করিবা তাহার জামিন ওই নয়া দালালেরা হইবেক ওই জামিনির জন্যে দালালি খরচ বদস্দর[১৫] সাবেক থান করা জেমত২ মোকরর আছে তাহা

পাইবেক নয়াদালাল দিগকে আপন এক্তারি[১৬]তে দাদনি কএক টাকা হরগিজ দিবা না কারন এই এমত ধারার বেআন্দাজ[১৭] বাকী কদাচ হইতে পাইত না জদি মপশ্বল কুটীর আমলা লোক করার কিস্তিবন্দি[১৮] মাফিক[১৯] কাপড় বুঝিয়া লইতও মপশ্বল তজবিজ করিয়া দাদনি করিত অতএব এ হুকুম ও না পচন্দকাজের মহকুম[২০] হামেস গির[২১] জন্যে লিখিতেছি।

জদ্যপী কারবারের আনওান[২২] বদলির জন্য তোমার কাজ্য কথক তফাত পরিবেক জে ধারার কাজ করিতে হইবক ভাল বুঝিয়া তাহার আনওান নসিয়ত[২৩] মত লিখি ইহাতে মালুম করিবা ও বেহতর[২৪] জানিলাম তোমার কাজ যুবিতামত[২৫] ও খোলাসারূপে জাহাতে চলিবেক তাহা লিখিতেছি।

তোমাকে বেগর হেম্মত[২৬] ও এবাদতে[২৭] ও নেহাইয়ত চালাকিতে একাজ করিবা ইহা বেগর তোমাকে মোকরর করি নাই আমি একান্ত মোস্তাজর[২৮] থাকীলাম তুমি কাজ ভাল করিবা বিশেষত তোমাকে জোয়াদা মেহনত[২৯] আপন হাতে দাদনির কারন করিতে হবেক এ কারন সাবেক বরাওদ্দ[৩০]? হইতে দুই মুহরির[৩১] জেয়াদা[৩২] মোকরর করিলাম।

সদর আড়ঙ্গ দ্বারহাটায় তুমি আপন দস্তে[৩৩] দালাল কিম্বা দালালের গোমাস্তার মোকবিলায়[৩৪] তাতিকে দাদনি করিবা ও জখন তাতি কুটীতে কাপড় দাখিল করিবেক তখন দালাল কিম্বা দালালের তরৎ গোমাস্তা হাজির থাকীবেক এবং থান[৩৫] চুক্তির সময় তাতি সাক্ষাতে থাকীয়া চুক্তি করিবেক জখন থান খাম[৩৬] সোজ ধোলাই হইবেক সাবেক দস্তুর[৩৭] মত সেই সময় চুক্তি হবেক। জে কাপড় ফেরত হবেক সে কাপড় তাবত কুটীতে কোরক[৩৮] রাখিবা জাবত তাহার এওজ[৩৯] কাপড় সরকারি গোছমত[৪০] দাখিল না করে জদি নমুনা সই কাপড় দাখিল করিতে না পারে তাবত ঐ ফেরত কাপড় কুম্পানির তরফ হইতে বিক্রি হইয়া তাতির নামে টাকা জমা হইবেক এ হুকুম হাজত[৪১] আছে জদি সরবরাহ যুন্দর মত হয় তবে বাকী হর গিজ পড়িবেক না জদি তাতি খবরদার না হয় ও কাপড় সরস না করে ও সরবরাহে খতরা করে গোমাস্তার নসিয়ত না যুনে ও এতো জেয়াদা কিম্মতে[৪২] ও বেগাফিল[৪৩] না হয় তবে তাহারদিগকে আনওান মত কাইকে সাজাই করিবা কি তুমি বেহুদা[৪৪] সাজাই[৪৫] জদি করহ তবে অতি তাতে তোমার নামে মোক্তারের নিকট নালিস করিতে পারিবেক এ হুকুম খুব তহকিক[৪৬] জানিয়া কখনো বদল করিবা না পহিলা[৪৭] তাতির জে রকম কাপড় দিবার করার করিবেক তাহার হাতে হরগীজ তাহার দুইথানের জেয়াদা দাদনি দিবে না তাঁতি এক থান দাখিল করিবার পূর্ব্ব আর এক থানের দাদনি করিবে না থান দাখিল হইলে পর দাদনি করিবা মালুম হইল তাতি ফিতাঁত দুই থানের জেয়াদা কাপড় দাখিল করিতে পারে না এই কারন ফিমাহা[৪৮] একবার সেওয়ায়[৪৯] দাদনি হইতে পারিবেক না।

সংপ্রতি খাজনা পৌঁছিলে পর এই মত দাদনির দস্তুর মাফিক করার বমৌজি[৫০]র তুমি দিবাও নায়েব গোমস্তাকে হুকুম করিয়া তাহার হাতে দেয়াবা এবং দাদনির দফায় তুমিও তোমার নাএব[৫১] কিছু গৌন[৫২] করিবা না অনেক লোক পূর্ব্ব আপন মুনাফার জন্যে তাতির খতরা করিয়া তাহাদিগকে আজিজ[৫৩] করিয়াছে জদি তুমি সে ধারা কাজ করহ তবে জেতাগাদি[৫৪] তোমার উপর বোর[৫৫] হবি।

এ কথা খুব এয়াদ[৫৬] রাখিবা তুমিও নাএব ও আমলা হয়ে[৫৭] জে কেহ সরকারে মাহিনা পায় হরগিজ কেহ আগামি মাহিনা খরচ করিবে না এবং খরিদের কারন দাদনি হইবে না।

পেটার[৫৮] আড়ঙ্গের মধ্যে হরিপাল ও মোড়া দ্বারহাটার নিকটে কারন সেখানকার আলাদা কোটী ছাড়াইয়া দ্বারহাটার সামিল[৫৯] করিবা সেখানকার তাতিলোক সদর কোটিতে সরবরাহ করিবেক কিন্তু দোসরা পেটার আড়ঙ্গ ধন্যখালি মায়াপুর রাজবন হাট কৈকানা কনিমা জয়নগর ও সকল জায়গার তাতিলোক সদর কোটীতে কাপড় দাখিল করিতে লাগিলে তাহার দিহের অনেক তছদিয়া[৬০]? হয় এ কারন সে সকল আড়ঙ্গ মোকরর থাকিবেক নাএব গোমাস্তা ও আমলাহায় দোসরা মাফিক তফসিল মনফুক[৬১] এই সকল নাএব গোমাস্তা আপন কাজে জায়গায়২ মোকরর হইয়া মাফিক হুকুম কী তোমাকে লিখিলাম এই মাফিক কাজ করিবেন।

তোমাকে উচিত জে হামেসা পেটার আড়ঙ্গের কাজ নজর করহ মোকামি[৬২] গোমাস্তা ও দালালরা কি ধারায় কাজ করে এবং তাতিও পেটার আমলা দালালের সহিত কোন মোকদ্দমা রোয়দাদ[৬৩] হয় কিম্বা তাতি তাতিতে মোকদ্দমা হয় তাহাও ফয়সল[৬৪] করিবা ফয়সল করিবার দফায় খুব সেতাবিও[৬৫] আদালত করিবা।

বেগর তোমার নিতান্ত খবরদারি ও মোকামি গোমাস্তা দিপের স্থানে সেলামি ও রেসয়ত৬৬ কিছু লইবে না আর অবস্য কুম্পানির কাজ ভালমতে সরবরাহ হইবেক জদি তুমি এ দফার সাচা৬৭ হইতে পারহ তবে তোমার নেকনামি৬৮ হইবেক এবং জে উপজুক্ত তোমার দেলবরি৬৯ করিব কিন্তু জদি তুমি কিম্বা আমলহায় দোসরা হুকুম ছাড়া কোন কাজ করহ তবে উপজুক্ত সাজাইতে পৌঁছিবা।

হুকুম জানিবা মাষ কাবার৭০ কাগজ সদর কুটীর ও পেটার কুটীর মাষ২ কলিকাতায় মোক্তারকারে৭১র নিকট পাঠাইবা সে কাগজের এই বেওরা৭২ লিখিবা মাষ২ কতো দাদনি করহ তাহার আসামিওার৭৩ নামনবিসি৭৪ ও মজুত তহবিল এবং জে কাপড় দাখিল তাহার আলাদা হিসাব পাঠাইবা কোন রকম কার কতো জাচাইসই কতো ফেরত তাহা লিখিবা করারের বাকি কাহার কতো তাহা লিখিবা কি কারন করারের বাকি পড়ে তাহারো বেওরা লিখিবা এ কাগজ হরেক৭৫ মাষের ত্রিষা তইয়ার৭৬ করিয়া দস্তখতি৭৭ যুদে আগামি মাষের ৭ রোজের মধ্যে চালান করিতে চাহ জখন খাজানা তহবিল জেয়াদা হবেক তখন কতো টাকার দরকার তাহা দরজ৭৮ দিয়া লিখিবা আইন্দাম৭৯ জমা খরচী কাজ দুর করিবার কারন জে কিছু বাকি দালালের জিম্মে আখেরি৮০ মৌযুমেহইবেক তাহা আদায় করিয়া লইবা তাতিদিগের করার৮১ সাল তমামি৮২ সরার কাপড় আখেরি ফিবরিল নাগাদি দাখিল করিবেক তবেই তজবিজ ও ফয়সল কারন ত্রিষা আবরিল৮৩ যুদ্দা৮৪ তোমাকে আইযামে৮৫র ফোরসত৮৬ খুব মিলিবেক জদি এ কাজে কোন বকেড়া৮৭ রোয়দাদ হয় সিঘ্র মোক্তারকারে খবর লিখিবা

তাহার খোলাসা৮৮ হইয়া আইলে ফয়সল হইবেক ও ওজর ওছিলা৮৯ জারি হইবেক না আর তাতিলোক জে মাফিক করার করিয়াছে তাহার করার নামার নকল মনফুক করিয়া পাঠাই তাহাতেই পেটার আড়ঙ্গের করার মালুম হইবেক তোমার কাজ এই খবরদার হইয়া করার মাহফিক৯০ কাপড় আদায় করিয়া লইবা।

জদি নয়া রকম কাপড় পেটার আড়ঙ্গে পয়দা৯১ হয় তাহার নমুনা মোক্তারকারের নিকট পাঠাইবা মোক্তার তজবিজ করিয়া দেখিবেক কুম্পানির কাজের উপজুক্ত হয় কিনা ও বেওরা লিখিবা কতো কাপড় ঐ নয়া রকমের সরবরাহ সালিয়ানা৯২ হবেক তাহার মাফিক জবাব লিখিবেন

ছোট মোকদ্দমা জে রোয়দাদ হইবেক তাহা ফল জন্যে তাহাদিগকে সমঝায়িা সালিস তুরায় রফা করিয়া দিবেক জদি তাতিলোক ইজারদারের নামে নালিষ করে কিম্বা ইজারদার তাতির নামে নালিষ করে তবে ঐ মত তাহাদিগকে সমঝাইয়া ১ সালিষ তুমি মোকরর করিয়া দিবা এক সালিষ সদর ইজারদার করিয়া দিবেক জদি ইহাতে মোকদ্দমা রফা না হয় তবে মোকদ্দমার তামাম৯৩ হকিকত৯৪ আরজি লিখিয়া মোক্তারকারকে খবর জানাইবা তাতিলোক সকলে গোল করিয়া নালিষ কারন জদি কলিকাতা জাইতে উদ্যতো হয় তবে খুব মোজাহেম হইবা কারন এই তাহাদিগের জাওনে খরিদের কাজের খতরা এবং মালগুজারিতেও খতরা হয় অতএব জদি তাহাদিগের কোন ফরিয়াদী দফা সালিসিতে রফা না হয় তবে কলিকাতায় তাহারা গোল করিয়া না গিয়া আপন তরফ জনেক উকিল পাঠাইবেক সেই উকিল সকল তাতির হইয়া মালিকের কাছে ফরিয়াদ৯৫ করিবেক।

দালালের মারফত বাকী তিন সনের টাকা হিসাবে আন্দাজী ৯০০০ হাজার টাকা তাতি লোকের জিম্মে আছে এ বাকি উষুল করিবার জন্যে তুমি খুব মকেদী৯৬ করিবা জে উষুল হইবেক তাহা সাবেক দালালের দিগের বাকীর আন্দরে জমা করিয়া লইবা সরহদ৯৭ কাপড় একসীযুত৯৮ না হওাতে অনেক কথা জন্মিয়াছে ও একসী না হওন কেবল গোমাস্তার কমতবদ্বদি৯৯ সংপ্রতি হুকুম লিখি তুমি কিম্বা তোমার খাতিরজমা মত জনের মাতবর লোক হপ্তা২ তাত সকল ও ভাল(?) ভরনিরযুত ভালো হাটাবার সময় বারিক১০০ ও একসী যুত তজবিজ করিয়া দিবা জেনো ভারিযুত ও ফড়্যা১০১ তানার মধ্যে না থাকিতে পায় আর বুনিবার সময় ভরনিরযুতেও কোন ফড়্যাদিগর আএব না থাকে ভরনিরযুতা বারিক হয় খবরদারি করিবা তাতি জেন আপন কেফাইতে১০২র জন্যে ভারিযুত পড়্যানের মধ্যে আনোনা(?) না করে সকল পাত একসী হয় এই সকল জন্যে কাপড় বেআন্দাজ হয় ও সরবরারে খতরা হয় তুমি খুব খবরদারিতে হরেক থান কাপড় তজবিজ করিয়া লইবা গজবর১০৩ ও গোছে হরগিজ

(পাণ্ডুলিপিটির পরবর্তী অংশ হ্যালহেডের সংগ্রহে নেই।

এখন আমরা এই রচনাটিকে এখনকার প্রচলিত গদ্যে লিখছি।

আড়ঙ্গের (কাপড়ের গুদাম) দালালরা কয়েক বছর ধরে কাজে নিযুক্ত আছে! এরা কোম্পানির কাজের অনেক ক্ষতি করেছে। তাঁতিদের ওপর এদের একচেটিয়া এক্তিয়ার। তাদের ওপর জোর-জবরদস্তি (চালায়)। আর গোমাস্তা ও কুঠির অন্যান্য সব আমলাদের সঙ্গে মিলে নগদ, বাকি ফেলেছে। কিছুই আদায় করতে পারে না। এই কারণে আমি খুব ভাল করে ভেবেচিন্তে তাদের কাজ থেকে ছাঁটাই করলাম। আমার মনমত দালাল রেখে সব সময় খুশিমত কাজ করতে পারিনি। কিন্তু দালালদের ছাড়িয়ে দিলে কোম্পানির দাদনের জামিন পাওয়া যাবে না। সেই কারণে এই কয়েকজন অমুক-তমুককে (দালালি) দিলাম। এরা ওখানকার কাছাকাছি থাকে, চেনাজানাও আছে। এদের দালালিতে নিযুক্ত করলাম।

নতুন দালালদের কাজ এই (রকম)। মধ্যে-মধ্যে তাঁত নজর করবে ও বোনার সময় কাপড়ের রকম পরীক্ষা করবে, নমুনাসই হচ্ছে কী না দেখবে। তুমি তাঁতিদের যে-দাদন দেবে ঐ নতুন দালালেরা তার জামিন থাকবে। জামিনের জন্য দালালি-খরচের যা দস্তুর চালু আছে তারা তা পাবে। নতুন দালালদের সব সময় দাদনবাবদ টাকা দেবে না। এত বেআন্দাজ টাকা বাকি পড়ত না যদি মফস্বল কুঠির আমলারা শর্ত অনুযায়ী কাপড় কিস্তিবন্দি করে বুঝে নিত ও মফস্বলের খোঁজখবর নিয়ে দাদন দিত। সেই জন্য এই না-পসন্দ কাজের বিচার করে এই আদেশ জানাতে লিখছি।

যেহেতু কারবারের সুবিধের জন্য এই অদলবদলে তোমার কাজের কিছু তফাৎ হবে তাই যে-ধরনের কাজ করতে হবে তা ভাল করে বুঝিয়ে সুবিধাগুলির নির্দেশ দিচ্ছি। এটা ভাল করে বুঝে নেবে। তোমার কাজ যাতে ভাল ভাবে ও কুশলতার সঙ্গে করতে পারো সেই জন্যে সব খোলসা করে লিখছি।

তুমি দুর্বল ভাবে ও উদ্দেশ্যহীন ভাবে নেহাত চালাকি দিয়ে কাজ সারবে এমন ভেবে তোমাকে নিযুক্ত করিনি। আমি একান্ত অপেক্ষা করে থাকব যে তুমি ভালভাবে কাজ করবে। বিশেষ করে তোমাকে নিজের হাতে দাদন দেয়ার জন্য যথেষ্ট পরিশ্রম করতে হবে। সেই জন্য পুরনো বরাদ্দ থেকে তোমাকে দুই মোহুরি বেশি দিতে রাজি হয়েছি। সদর আড়ঙ্গ দ্বারহাটায় তুমি দালাল কিংবা দালালের গোমস্তার সামনে তাঁতিকে দাদন দেবে। তাঁতি যখন কুঠিতে কাপড় জমা করবে তখন দালাল কিংবা দালালের তরফে গোমস্তা হাজির থাকবে। থান কাপড়ের বেলায় তাঁতি সামনে থেকে চুক্তি করবে। যখন থান কাপড়ের পয়লা ধোলাই হবে, বরাবর যেমন হয়ে থাকে, তখনই চুক্তি হবে।

যে-কাপড় বাতিল হবে, সে-কাপড় কুঠিতে জমা করে রাখবে যদ্দিন-না সেই বাতিল কাপড়ের বদলে সরকারি চাহিদা-মত নতুন কাপড় জমা করে। যদি নমনুাসই কাপড় জমা করতে না পারে, তাহলে ঐ বাতিল কাপড় কোম্পানির তরফ থেকে বিক্রি করে তাঁতির কাছে প্রাপ্য টাকা শোধ হবে। এ হুকুমটি দরকারি। যদি সরবরাহ ঠিকঠাক হয়, তবে কাপড় বাতিল হবে না। তাঁতি যদি সাবধান না হয় ও কাপড় সরেস না করে, সরবরাহে ঝামেলা করে, গোমস্তার কথা না শোনে, খরচ বাড়ায় ও গাফিলতি করতেই থাকে, তবে তুমি সুবিধেমত তাকে সাজা দেবে। কিন্তু তুমি যদি অকারণে সাজা দাও তবে তাঁতি তোমার নামে মোক্তারের নিকট নালিশ করতে পারবে— এটা হুকুম থাকল। যাচাই-করা সত্য বদলাবে না। প্রথমে তাঁতি, যে-রকম কাপড় দেয়ার কথা, দেবে, সেই-মত কাপড়ের জন্য তাকে দুই থানের বেশি দাদন দেবে না। তাঁতি একথান জমা না করলে আর এক থানের দাদন দেবে না। থান জমা করার পর দাদন দেবে। মনে হয়, তাঁতি তাঁত পিছু দুই থানের বেশি কাপড় জমা করতে পারে না। এই কারণে প্রতি মাসে একবারের বেশি দাদন দিতে পারবে না।

এখন টাকা পৌঁছুলে নিয়মমাফিক দাদন দেয়ার ব্যাপারে তুমি জোর করবে। নায়েব-গোমাস্তাকে নির্দেশ দেবে সেই মত দিতে ও তাদের হাত দিয়ে দেওয়াবে। দাদন দেয়ার ব্যাপারে তুমি বা তোমার নায়েব দেরি করবে না। অনেক লোক এর আগে নিজের লাভের জন্য তাঁতিদের কষ্ট দিয়েছে। তুমিও যদি তেমন কাজ করো তাহলে তোমার ওপর অসন্তুষ্ট হব।

এ কথা খুব খেয়ালে রাখবে যে তুমি, নায়েব ও আমলারা, যারা সরকারের মাইনে পাও তারা, সব সময় মাইনে আগাম নেবে না এবং কোনো কিছু কেনার দরকারে কাউকে দাদন দেবে না।

মফস্বলি আড়ঙ্গের মধ্যে হরিপাল ও মোড়া যেহেতু দ্বারহাটার নিকটে তাই সেখানকার আলদা কুঠি না রেখে দ্বারহাটার সঙ্গে মিলিয়ে দেবে। সেখানকার তাঁরা সদর কুঠিতে সরবরাহ করবে। কিন্তু অন্যান্য মফস্বলি আড়ঙ্গ— ধন্যাখালি, মায়াপুর, রাজবনহাট, কৈকানা, কনিমা, জয়নগর ও আরো জায়গার তাঁতিদের সদর কুঠিতে কাপড় জমা করতে বললে তাদের অনেক ঝামেলা হবে। সেই কারণে ঐ সব জায়গার আড়ঙ্গ যেমন আছে তেমন থাকবে। নায়েব, গোমাস্তা ও আমলারা হুকুম মাফিক ও তালিকা অনুযায়ী কাজ করবে। এই সকল নায়েব গোমাস্তা নিজের নিজের কাজের জায়গায় জায়গায় মোতায়েন থেকে তোমাকে যে হুকুম জানালাম সেই হুকুম মাফিক কাজ করবে।

মফস্বলি আড়ঙ্গের কাজ তোমাকে হামেশা নজর করতে হবে। ঐ সব জায়গায় যে-গোমাস্তা ও দালালরা থাকে, তারা কী ধারায় কাজ করে ও তাঁতি ও খুচরো কুঠির আমলা-দালালদের মধ্যে কোনো ঝুটঝামেলা হয় কী না কিংবা তাঁতি-তাঁতিতেও কোনো গোলমাল হয় কী না, তাও ফয়শালা করবে, ফয়শালা খুব দ্রুত করবে।

মফস্বলি কুঠিগুলির ওপর তোমার এই খবরদারির জন্য ওখানকার গোমাস্তাদের কাছ থেকে কোনো সেলামি বা ঘুষ নেবে না। এ কাজ তুমি ভালভাবে করতে পারলে কোম্পানির কাজের সুরাহা হবে। তোমারও তাতে সুনাম হবে ও তোমাকে উপযুক্ত পুরস্কার দেব। কিন্তু যদি তুমি কিংবা আমলারা হুকুমের বাইরে কোনো কাজ করো তবে উপযুক্ত সাজা পাবে।

সদর কুঠির ও মফস্বলি কুঠির মাসকাবারি কাগজ মাস-মাস কলকাতায় মোক্তারকারের (ম্যানেজমেন্টর) কাছে পাঠাবে— এটা হুকুম বলে মানবে। সেই কাগজে এই বিস্তারিত বিবরণ লিখবে— মাস-মাস কত দাদন দাও, দাদন গ্রাহকদের নাম ও পাত্তা লিখবে, মজুত তহবিল এবং যে-কাপড় জমা পড়েছে তার আলাদা হিসাব পাঠাবে, কার কাপড় যাচাই করে (হুকুম বরাবর কাজ হয়নি বলে) কত ফেরৎ দেয়া হল তা লিখবে। কথা অনুযায়ী কার কত বাকি থাকল তা লিখবে। কী কারণে বাকি থাকল তারও বিবরণ লিখবে। এ-কাগজ প্রত্যেক মাসের তিরিশে তৈরি করে দস্তখত দিয়ে পরের মাসের সাত দিনের মধ্যে চালান করে দেবে। যখন খাজনা-তহবিল বেশি হয়ে যাবে তখন কত টাকার দরকার তা বিস্তারিত লিখবে। অগ্রিম জমাখরচের কাজ করবে না। সে জন্য দালালের জমাখরচের কিছু বাকি থাকলে শেষ-হিসাবে ঠিক হবে। সেটা আদায় করে নেবে। তাঁতিদের বছরওয়ারি বরাত শেষ ফিবরিল (?) নাগাদই দাখিল করবে। তা হলেই কাজ সুসম্পন্ন হবে। কারণ ত্রিশে এপ্রিল পর্যন্ত তোমার সময় থাকবে। যদি এ কাজে কোনো গোলমাল ঘটে তবে যত তাড়াতাড়ি সম্ভব মোক্তারদের (ম্যানেজমেন্ট) জানাবে।

সব খোলসা হয়ে গেলেই ফয়সালা হয়ে যাবে। আর-কোনো ওজর-অছিলা চলবে না। তাঁতিরা যে-কথা দিয়েছে সেই করারনামা (বা বায়নানামা) ভাল করে নকল করে পাঠাবে। তাতেই বোঝা যাবে— খুচরো আড়ঙ্গের করার (বা বায়না) কত। এই কাজ খবরদারি করে করতে পারলে করার (বা, বায়না বা কথা) অনুযায়ী কাপড় আদায় করে নেবে। যদি নতুন রকমের কাপড় খুচরো কুঠিতে তৈরি হয় তার নমুনা মোক্তারদের (ম্যানেজমেন্টের) কাছে পাঠাবে। মোক্তার পরীক্ষা করে দেখবে তাতে কোম্পানির কাজ হবে কী না। নতুন রকমের কত কাপড় বছরে পাওয়া যাবে তার বিবরণ লিখলে মোক্তাররা জবাব দেবে।

ছোটখাটো মোকদ্দমায় তাদের বুঝিয়ে-সুঝিয়ে তাড়াতাড়ি সালিশ করে মিটিয়ে দেব। যদি তাঁতিরা ইজারাদারের নামে নালিশ করে কিংবা ইজারাদার তাঁতির নামে নালিশ করে, তা হলে তাদের বুঝিয়ে-সুঝিয়ে তুমি সালিশ করে দেবে অথবা সদর ইজারাদার সালিশ করে দেবে। যদি এতে মোকদ্দমা রফা না হয় তাহলে মোকদ্দমার সব বিবরণ আর্জিতে লিখে মোক্তারদের (ম্যানেজমেন্ট) খবর জানাবে। তাঁতিরা যদি গোলমাল পাকিয়ে নালিশ করে ও যদি কলকাতা যেতে উদ্যত হয় তবে খুব আপত্তি করবে। কারণ, তারা এমন গেলে কাপড় কেনার কাজের ক্ষতি ও রাজস্বেরও ক্ষতি। অতএব যদি তাদের কোনো ফরিয়াদি সালিশিতে রফা না হয় তবে তারা দল বেঁধে কলকাতায় না গিয়ে নিজেদের তরফের কোনো উকিল পাঠাক। সেই উকিল সকল তাঁতির হয়ে মালিকের কাছে নালিশ করবে।

তিন বছরের আন্দাজ ৯০০০ টাকা দালালের মারফৎ তাঁতিদের জিম্মায় বাকি আছে। এই টাকা উশুল করার জন্য তুমি কয়েদ করবে। যে-টাকা উশুল হবে তা পুরোনো দালালদের বাকি (শোধ) হিশেবে জমা করে নেবে।

চুক্তি-অনুযায়ী কাপড় মিহি সুতোর না হওয়ার কারণ একমাত্র গোমাস্তাদের মনোযোগের অভাব। তাই তোমাকে হুকুম দিচ্ছি— তুমি কিংবা তোমার চেনাজানা মাতব্বর লোকজন তাঁতগুলি ও সুতোগুলি যথেষ্ট মিহি কী না তা পরীক্ষা করে দেখবে— যেন মোটাসুতো মিহিসুতোর ভিতর না থাকে। আর, বোনার সময় মিহিসুতোর ভিতর মোটাসুতো ঢুকিয়ে দেয়া না হয়। মোটাসুতো মিহিসুতো বলে চালানো হচ্ছে কী না তার খবরদারি করবে। তাঁতি যেন নিজে শস্তা করার জন্য মোটাসুতো বুনটের ভিতর না আনে। কাপড়ের পুরো জমি যেন একই রকম মিহি হয়। এই দোষে কাপড় বেআন্দাজি হয় (অর্ডার মত হয় না) ও সরবরাহে গোলমাল বাধে। তুমি অনেক থান কাপড় পরীক্ষা করে নেবে ও মাপ ঠিকমত আছে কী না দেখে নেবে, মাপ ও গোছ সব সময়...

(পাণ্ডুলিপির পরবর্তী অংশ হ্যালহেডের সংগ্রহে নেই।)

পাণ্ডুলিপিতে স্পষ্ট প্যারা নেই বটে কিন্তু নির্দিষ্ট জায়গায় লাইন ছেড়ে শাদা রাখা আছে। মুদ্রণে সেই জায়গাগুলিতে প্যারা করে দেখা হয়েছে। তাতে প্যারার কাজই হচ্ছে কিন্তু শাদা রাখা হয়েছে পাণ্ডুলিপি লেখার নিয়মেই। যদিও তাতে প্যারা ভাগের একটা সমতুল্যতা আছে, তবু সেটা রীতিসম্মত প্যারা নয়। না হলেও এখন ধরে নেয়া যেতে পারে যে প্রসঙ্গান্তর বোঝাতে প্যারার সমতুল্য শাদা জায়গা রাখার রীতি পাণ্ডলিপিগুলিতে ছিল। শব্দগুলির অভিধানিক অর্থ সম্পাদক-সংকলক পাতার তলার দিকে একটু ছোট হরফে জানিয়েছেন। আমরা যখন রচনাটিকে এখনকার গদ্যে পুনর্লিখন করেছি, এই নির্দিষ্ট আভিধানিক অর্থ সব জায়গায় ব্যবহার করিনি। হয় মূল আরবী-ফারসি শব্দটিই রেখেছি, এটা বুঝে, যে ঐ শব্দটিই, বাক্যটি বোঝার পক্ষে কোনো বাধা হচ্ছে না, নয় তো আভিধানিক অর্থের বদলে মুখ-ফেরতা কোনো শব্দ ব্যবহার করেছি। তেমন মুখ-ফেরতা কোনো শব্দ ব্যবহার করেছি। তেমন মুখ-ফেরতা শব্দ আছে অনেকগুলি।

এখন, মূল পাণ্ডুলিপিটি পড়ে তার অর্থ সঙ্গে সঙ্গে বুঝে ওঠা তিনটি কারণে কঠিন। প্রথম কারণ— লেখার বিষয়টি সম্পর্কে অজ্ঞানতা। দ্বিতীয় কারণ— রচনাটির মধ্যে দাঁড়ি-কমার কোনো রকম সংকেত না থাকা। তৃতীয় কারণ— বাংলা গদ্যের বাক্য গঠনের আধুনিক কালের প্রচলিত রীতি থেকে এই রচনাটির বাক্যগঠন আলাদা।

মজার কথা হচ্ছে— এ চিঠিটিও সাহেবই লিখছে। সাহেবের চিঠি লিখে দিচ্ছে কোনো পত্রনবিশ। এই সব চিঠিলেখার ভাষা বা লব্ধ নিশ্চয়ই সামাজিকভাবে প্রতিষ্ঠিত। পত্রনবিশকে সেটা আয়ত্ত করতে হয়েছে ও তিনি পেশাদার পত্রলেখক। সুতরাং যাঁর চিঠি তিনি লিখছেন, তাঁর বলার কথা থেকে পত্রনবিশ সরে যেতে পারেন না।

তা হলে, বাচ্য বা সিনট্যাকস এখানে পূর্বনির্ধারিত। সেই ভাষা যাঁর আয়ত্তে তেমন মুন্সিও আছেন। কর্তা হিসেবে সাহেব সেই মুন্সি মারফৎ ভাষাটা ব্যবহার করছেন। সেই কারণেই তখন 'মুখতিয়ার' শব্দটি বেশি ব্যবহার হত। তাঁর কাজ শুধুই আইন-অনুযায়ী মুখপাত্রের।

উনিশ শতকের শুরু থেকেই শ্রীরামপুর মিশন, ফোর্ট উইলিয়াম কলেজ, স্কুল বুক সোসাইটি সংবাদ-সাময়িকপত্র ইত্যাদি ভাষা-ব্যবহারকারীরা পুরনো এই প্রক্রিয়াটি উল্টে দিলেন। আঠার শতকের ব্যবসায়ী সাহেবের কাজ ছিল ব্যবসার দরকারে তার নায়েব গোমাস্তাদের সঙ্গে কথা বলা। উনিশ শতকের মিশনারি ও সরকারি সাহেবদের কাজ ছিল— নানা উদ্দেশ্যে বাংলায় গদ্যভাষা তৈরি করা। তাঁদের কাজগুলো নতুন তাই কোনো তৈরি ভাষার কাছে তাঁরা গেলেন না। সাহেবরাও না, রামমোহন রায়ও না। রামমোহন ফারসি ভাষায় 'মীরাতুন আখবর' পত্রিকা প্রকাশ করলেন কিন্তু তাঁর নিজের গদ্য লিখলেন সংস্কৃত রীতি অনুযায়ী। তিনি বাংলা ভাষায় লেখার যে-নির্দেশাবলি তৈরি করলেন তাও সংস্কৃত ইংরেজি মিলিয়ে তৈরি। আর সাহেবরা কর্তা→ক্রিয়া→কর্ম বাক্যের এই লাতিনি/ইংরেজি সংগঠনকে মাত্র কর্তা→কর্ম→ক্রিয়াতে বদলে নিলেন কিন্তু বাক্যকে করে তুললেন উপবাক্যনির্ভর (ক্লজ নির্ভর)। পাণ্ডুলিপির আরবী-ফারসি সিনট্যাকস (বাক্যগঠন) থেকে বাংলা গদ্য ছাপার হরফে একেবারে সরে এল। অথচ অর্থের দিক থেকে তো এমন কোনো দুরধিগম্যতা সত্যিই ছিল না।

আলোচ্য এই উদাহরণটিকে আধুনিক প্রচলিত অর্থে বোধগম্য করতে আমরা পুনর্লিখন করেছি। করতে গিয়ে প্রায় সব সময়ই আমরা বাক্যের আধুনিক সীমার ভিতর থাকতে পেরেছি। এই পারাটা প্রমাণ করে যে আঠার শতকের গদ্যের এই বাক্য তার গভীর সংগঠনে বাংলা বাক্যের মৌলিক গঠনের সন্নিহিত ছিল। সাহেব-পণ্ডিতদের গদ্য বাক্যের তেমন সন্নিহিতি ছিল না। অর্থকে সহজবোধ্য

করতে প্রায় কোনো সময়ই বাক্যকে ভাঙতে হয়নি বা একাধিক বাক্য জুড়তে হয়নি। আমরা উদারভাবে যতিচিহ্ন ব্যবহার করেছি। কী নিয়ে লেখা হচ্ছে তা যদি জানা থাকে ও একটু-আধটু দাঁড়ি-কমা যদি মনে মনেও দিয়ে নেয়া যায়, তা হলে যেকোনো পাঠকের পক্ষে লেখাটি পড়ে ফেলা সম্ভব।

যে আরবী-ফারসি শব্দগুলি লেখাটিকে দুর্গম করেছে বলে মনে হতে পারে, তার অনেকগুলিই বাংলা শব্দই হয়ে গিয়েছিল ও পরবর্তী বাংলা অভিধানে শব্দগুলির অর্থও পাওয়া যায়— বিশেষত জ্ঞানেন্দ্রমোহন দাস, সুবলচন্দ্র মিত্র, কাজী আবদুল ওদুদ ও যোগেশচন্দ্র রায়ের অভিধানগুলিতে। কিন্তু এই 'অনেকগুলির' মধ্যে আবার বেশ কিছু মুখের ভাষাতেই থেকে গেছে, লেখার বাংলাতে এগুলো চলে না। এখনো চলে না।

সম্পাদক এই রচনাটিতেই ১০৩টি আরবী-ফারসি শব্দের তালিকা দিয়েছেন। তা থেকেই আমরা অনেক শব্দকে বাংলা বলেই চিনে নিতে পারি, অনেক সময় মুখের কথা হিসেবেও। যেমন— খতরা, এক্তিয়ার, মবলগ, তজবিজ, হরগিজ, ফলানা, খবরদারি, বেআন্দাজ, কিস্তিবন্দি, মাফিক, হামেশা, হেম্মত, এবাদত, মেহনৎ, বরাদ্দ, জেয়াদা, মোকাবিলা, থান, দস্তুর, কোরক(ক্রোক), গোছমত, কিস্মত, বেহুদা, সাজাই, পহেলা, ফি-মাহিনা, বেজার, ইয়াদ, সামিল, মোকামি, রোয়েদাদ, ফয়শালা, বেগর সেলামি, রসিয়ত, সাচা, হরেক, তৈয়ার, দস্তখতি, সালতামামি, ফুরসুত, বখড়া, খোলসা, অছিলা, মাফিক, পয়দা, তামাম, ফরিয়াদ, খাতিরজমা।

সম্পাদক-সংকলক ১০৩টি শব্দের 'বাংলা' অর্থ দিয়েছেন। সেই ১০৩-টি শব্দের ভিতর দু-চারটি আছে যৌগিক শব্দ। আবার, কোন কোন শব্দ এখনো বাংলা শব্দ হিশেবেই প্রচলিত সেটা গুনতে গিয়ে আমরাও দু-চারবার ঐ তালিকাবদ্ধ ১০৩টি শব্দের বাইরে গেছি। হয়তো কোথাও পুনরাবৃত্তিও ঘটেছে। তবু এই গোনাগুনতিতে এই হিসেবটা স্পষ্ট বেরিয়ে আসে যে ১০০টি আরবী-ফারসি থেকে গৃহীত বাংলা শব্দের মধ্যে ৫০টিই বাংলায় মুখের কথা হিসেবে এখনো ব্যবহৃত হয়। হিন্দু-বাঙালি ও মুসলিম-বাঙালিদের শব্দব্যবহারে পার্থক্য আছে। যদি মুসলিম বাঙালিদের শব্দ ব্যবহার থেকে আলোচ্য রচনাটির দুর্বোধ্যতা মাপা যায় তা হলে শতাংশের হিশেবে আরো বাড়বে ও এই রচনাটির মৌলিক ও বিশিষ্ট বাংলাত্ব আরো নিঃসংশয় হবে।

আঠার-শতকের শেষ পঁচিশ-তিরিশ বছরে বাংলা গদ্যের ব্যবহারযোগ্য একটি গড়ন ও উনিশ শতকের প্রথম তিরিশ-পঁয়তিরিশ বছর বাংলা গদ্যের একটি শিক্ষাযোগ্য গড়নকে কোন পদ্ধতিতে আমরা বিচার করতে পারি?

আমরা আঠার শতকের গদ্যের যে-নমুনা নিয়ে কথা বলছি তাকেই 'ব্যবহারযোগ্য' বলতে চাই। আর উনিশ শতকের দ্বিতীয় দশক থেকে চর্চিত সাংবাদিক গদ্যের যে-নমুনা আমাদের খুব চেনা, তাকেই 'শিক্ষাযোগ্য' বলতে চাই। সেই শিক্ষার সংগঠন নিয়েও কিছু প্রশ্ন তৈরি করে তোলা যায়।

এখন আমরা বুঝতে চাইছি 'ব্যবহারযোগ্য' গদ্যটির সংগঠন কী ছিল। সেই গদ্যে একটি বাক্য কী উপায়ে সংগঠিত হত। দাঁড়ি-কমাহীন এক-একটি বাক্য কোন অন্তর্লীন সম্পূর্ণতার শক্তিতে বোধগম্য হয়ে উঠত।

যেকোনো ব্যাকরণবিধিই একটি বাক্যের গঠনের ওপর সম্পূর্ণ নির্ভরশীল। সেই ব্যাকরণবিধি যখন স্বতন্ত্র বিষয় হয়ে ওঠে, তখনই, ব্যাকরণবিধিই বাক্যের গঠনকে নিয়ন্ত্রণ করে। মাতৃভাষার দ্বারা ব্যাকরণ নিয়ন্ত্রিতা যাঁর মাতৃভাষা নয়, তিনি ব্যাকরণবিধির দ্বারা নিয়ন্ত্রিত। আমাদের আলোচ্য নমুনাটিতে মাতৃভাষার শব্দ ও গঠন দ্বারা বাক্যগুলি নিয়ন্ত্রিত বলেই তার অর্থ বোঝার জন্য কোনো দাঁড়ি-কমার কাজ করছে।

আমাদের নমুনাটির পুনর্লিখনে আধুনিক বাংলা গদ্যরীতি অনুযায়ী ১১টি বাক্যে যে প্যারাগ্রাফটি তৈরি করা হয়েছে, পাণ্ডুলিপিতে তা একটিমাত্র সিনট্যাকস বা সংগঠিত বাক্য। পাণ্ডুলিপির ছাপা চেহারায় একটা প্যারাগ্রাফের ভাব আসছে, তা ছাড়া সাদা জায়গাও ছেড়ে দেয়া আছে, প্রসঙ্গান্তর বোঝানোর একটা স্পষ্ট ইশারা আছে। কিন্তু যদি তা না-থাকত তাহলে প্রথম থেকে সিনট্যাকসের যে-প্রবাহ চলছিল তারই ভিতর পরের অংশটুকুও জায়গা হয়ে যেত। সিনট্যাকস বা বাক্যের নির্দিষ্ট গড়নই, নিয়ন্ত্রণ করছে বক্তব্যের পরম্পরা।

এখানে একটা বড় পার্থক্য ঘটে যাওয়ার ভয় থাকে 'সিনট্যাকস' বা 'বাক্য' শব্দটির মর্মার্থ ও প্রয়োগার্থের ভিতর ব্যবহারিক ব্যবধানে। 'সিনট্যাকস' পরিভাষাটির মূল অর্থ হচ্ছে— নিজেদের ভিতরের সম্পর্ক অনুযায়ী শব্দগুলির একটা সংযোগ তৈরি হয় ও তা থেকেই একটা অর্থ তৈরি হয়। 'সিনট্যাকস'-এর আর-একটি অর্থ— ব্যকরণ অনুযায়ী বাক্য তৈরির নিয়ম ও অভ্যাস।

সাধারণভাবে— এই অর্থ দুটি পরিপূরক। কিন্তু আমাদের এখনকার আলোচনায় এই দুই অর্থের ভিতরে একটা বিরোধ ঘটছে। কোন ব্যাকরণ অনুযায়ী নিয়ম ও অভ্যাস দিয়ে বাংলা গদ্যের বাক্য তৈরি হচ্ছে? আর, শব্দগুলির ভিতরকার সম্পর্কই বা কোন রীতি অনুযায়ী স্পষ্ট হচ্ছে? আর, সেই সম্পর্কই বা কোন সংযোগ চিহ্ন দিয়ে চিহ্নিত হচ্ছে?

এখানেই আমরা কয়েকটি অনুমানে পৌঁছচ্ছি ও সেই অনুমানকে, আমাদের হাতে যে-তথ্য আছে, তার ভিত্তিতে প্রমাণের চেষ্টা করছি।

১. বাংলা জনসংযোগের গদ্য সাহেবদের ও পণ্ডিতদের মিলিত সক্রিয়তায় একটা নির্দিষ্ট সিনট্যাকস তৈরি করেছিল।

২. আঠার শতকের শেষ পঁচিশ-তিরিশ বছরে বাংলা গদ্যের একটা বিশিষ্ট সিনট্যাকস তৈরি হচ্ছিল। সাহেব-পণ্ডিতরা সেই সিনট্যাকস মানলেন না। ফলে কর্তা-নির্ভর সমাপিকা ক্রিয়া ও সমাপিকা-ক্রিয়া নির্ভর বাক্য, যতিচিহ্নের ব্যবহারসহ, বাংলা সাংবাদিক গদ্যের সিনট্যাক্স হয়ে উঠল। অর্থাৎ এক-একটি বাক্যই হয়ে উঠল সিনট্যাকস।

৩. কিন্তু ১৮৩০-৩৫ এর পর থেকে নানা উপলক্ষে সরকারি নানা ব্যবস্থার বিরুদ্ধে আপত্তিই হয়ে উঠল বাংলা সংবাদ-সাময়িকপত্রের বিষয়। সরকারের প্রতি আনুগত্য অথচ সরকারের বিবিধ ব্যবস্থা নিয়ে আপত্তি— এমন একটি পরস্পরবিরোধীয় মনোভাবকে সামাজিক গদ্যের সিনট্যাকসে আকার দিতে হল।

৪. ইতিপূর্বে 'সমাচার চন্দ্রিকা'র ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ই এই বিপরীত সিনট্যাকস ব্যবহার করেছেন। প্রধানত সতীদাহ প্রথাবিরোধী আইনের পক্ষে আন্দোলনের বিরুদ্ধে ও সেই সূত্রে কলকাতা শহরের নাগরিক ঐহিকতার বিপরীতেও হিন্দুধর্মীয় আচারবিচারের ভিত্তিতে নাগরিক জীবনকে সংগঠিত করার চেষ্টায় অথচ সেই চেষ্টাকে সব সময়ই সরকার আনুগত রাখার দায়— এতগুলো বিপরীতকে তাঁর সামাজিক গদ্যরচনার নিয়মিত বিষয় করতে হয়েছে।

৫. ভবানীচরণের গদ্যভঙ্গির এই প্রাধান্যের আরো একটি বড় কারণ— তিনি সামাজিক গদ্যকে সংবাদপত্রের চৌহদ্দির বাইরেও ব্যবহার করেছেন। তখন সৃষ্টিশীল বাংলা গদ্য কিছু ছিল না। ভবানীচরণের নকশাজাতীয় লেখা অন্যান্য সাময়িকপত্রেও বেরত। ১৮২৫-এ তাঁর লেখা 'দূতীবিলাস' পুরনো বিদ্যাসুন্দরের গল্পের এক নাগরিক পুনর্লিখন। বিদ্যাসুন্দর'-এর চেনাজানা মালিনী ও গোপী বলে একটি চরিত্র 'দূতীবিলাস'-এ আছে। কিন্তু এর নায়িকা অনঙ্গমঞ্জুরী নামে এক বিবাহিতা ও গৃহস্থ মেয়ে। ঐ দূতীদের মারফৎ অনঙ্গমঞ্জুরী, শ্রীদেব বলে এক পরপুরুষের সঙ্গে নিয়মিত শারীরিক সম্পর্ক তৈরি করে। ঐ অনঙ্গের এক পিসি অনঙ্গের স্বামীকে রাজি করায় যাথে অনঙ্গ পরপুরুষের সঙ্গে যৌন সম্পর্ক তৈরি করে সমন্তানবতী হতে পারে। পুত্র না জন্মালে পরলোকে পিণ্ড পাবে না, এই ভয়ে অনঙ্গের স্বামী অনুমতি দেয় ও অনঙ্গের এই পরপুরুষ অনঙ্গের স্বামীর বাড়িতেই অনঙ্গের সঙ্গে যৌনকর্মের অধিকার পায়। 'দূতীবিলাস'-এ হিন্দু-বাঙালির মধ্যে জনপ্রিয় একটি কাহিনিকে তৎকালীন নগর জীবনের পরিবেশে পুনর্স্থাপিত করা হয়েছে যে-ভাষায় ও ঘটনা বর্ণনায় তাতে এক উদ্ভট বিপরীতের ভিতর সামঞ্জস্য তৈরি করা হয়েছে। ১৮৩১-এ প্রকাশিত ভবানীচরণের 'নববিবিবিলাস'-এও এই বিপরীতের সংস্থান ঘটেছে। নববিবিও বিবাহিতা। তারও সংসার আছে। কিন্তু তার নিজেরই কথায়, 'যদি গোপনে এদিক ওদিক কোনো দিব চাই... বাটীর রসুয়্যা, ব্রাহ্মণ, কিংবা জলতোলা ভারী অথবা কুটুম্ব লোকজন কাহারও সঙ্গে কালেভদ্রে পিত্তরক্ষা নিমিত্ত আলাপ করিলে অভাগা মাগীগুলা কতই কয়, এত কি প্রাণে সয়, যেমন পাপিষ্ঠ ভাতার, তেমন তার আর ভাত খাইব না এবং গুরুজনেও যে-প্রচার ভর্ৎসনা করে তেমনই তাহাদিগকেও আক্কেল দিব।' নববিবি এরপর পেশাদার গণিকা হয়ে যায়। এক বুড়ি বেশ্যার কাছে খোলাখুলি বেশ্যাদের পেশাদারি যৌনক্রিয়ার কৌশল শেখে। এই শিক্ষাও কিন্তু এই রচনার পাঠ্য অংশ।

৬. এমন বিপরীতের সংস্থান ভবানীচরণের গদ্যরীতির গ্রাহ্যতা তৈরি করেছিল। এই সংস্থানের মধ্যে ছলনা ছিল। যেন শহুরে সমাজে পরিবারের ভেঙে যাওয়ার বিষয়ে লেখক অপেক্ষা করছেন বা তেমন পরিস্থিতির দিকে নজর টানতে চাইছেন। তখনকার সংবাদপত্রে এখন খবর কিন্তু চাপা হত— কোনো বাড়ির বৌ কীভাবে তার পরপুরুষদের কাছে চলে যাচ্ছে বা বাড়ির বৌ-রা কী ভাবে বাড়ির ঠাকুর-চাকরদের সঙ্গেও যৌন সম্পর্কে জড়িয়ে পড়ছে। এ-সব প্রকাশিত সংবাদের সত্যমিথ্যা যাচাইয়ের কোনো উপায় ছিল না। কিন্তু এমন সব কাহিনী লেখা ও সংবাদ তৈরির মধ্যে নতুন নাগরিক জীবনে নারী শরীরের পরোক্ষ আস্বাদনও একটা লক্ষ হিসেবে কাজ করত।

ইংরেজদের সঙ্গে আমাদের সম্পর্ক তৈরি হওয়ার পর ও ইংরেজি শিক্ষায় ভারতে বাঙালিরাই প্রথম শিক্ষিত হওয়ার পর আমাদের ভাষার ও সাহিত্যের নানা নতুন আকার তৈরি হয়েছে। বাংলা গদ্যকে তেমনই একটি নতুন আকার ভাবা হয়। সেই ভাবনা আমাদের আত্মসচেতনতার শিকড়ও হয়ে উঠেছে।

সেই আত্মসচেতনতাতে অনেক বিস্মরণও ঘটেছে। ভাষার ও সাহিত্যের নতুন আকার যেমন তৈরি হয়েছে, পুরনো ও প্রতিষ্ঠিত আকার তেমনি নষ্ট হয়েছে। সাম্রাজ্যশক্তির অধীনস্থ উপনিবেশের জীবনের সেই ধ্বংসের দিক সম্পর্কে আমাদের ইতিহাস-চেতনা সজাগ হতে পারেনি, যদিও অর্থনীতি নিয়ে সেই চেতনা উনিশ শতকের শেষ থেকেই যথেষ্ট সবাক।

রক্ষণশীল ও সংস্কারবাদী হিন্দুদের চর্চিত এক গদ্যভাষাই যে পরবর্তী সময়ে সাংবাদিকতার ও জনসংযোগের ভাষা হয়ে উঠল, সেই কারণেই কি সৃষ্টিশীল প্রাবল্যের পাশেই সেই গদ্য এমন সমালোচনাপ্রবণ, প্রায় কোনো কিছুকেই সমর্থন করে না, আত্মকথনবিহ্বল, শ্লথ, অতিকথাপ্রবণ, ক্ষুদ্রদৃষ্টি, যৌনবাচাল?

আপাতত এটাই শেষ প্রশ্ন।

SPELLING SHOULD BE PENSIONED OFF, IT TERRORIZES HUMAN BEINGS FROM BIRTH

Vivek Sahay*

One wonders what the late Nobel Laureate and the author of *One Hundred Years of Solitude* would have said about English pronunciation. In fact, the litany of complaints against the latter shows no sign of abatement. Recently, a friend of mine, in a rare fit of confession, owned up that she had been wrong about her pronunciation of the word 'epitome'- rhyming tome with stone and not with tummy- till an Anglophile tourist guide at a Greek ruin corrected her. Another admitted that the stubborn "P" 'mocks, burlesques (and I learnt a new word!) and levels phthisis, psychology, pthonic and pterosaur'. A friend who teaches English bemoaned that even knowledge of the origin of the words did not help much - though they were borrowed from French, the words *change*, *charge* and *chimney* are pronounced differently from *champagne, chevron*, and *chivalry*.

For most Indians, exposed to languages in which the basic written symbols or graphemes are quite consistent with the basic sounds or phonemes, (like *r* in ring or *a* in *a*go) the main function of the written word or orthography was to reduce in print how and what we speak . But the English had other designs for their orthography; it was to tell about the history of the word, its origin and evolution. In the process, if it helped in pronunciation it was good, if it did not, well, it was collateral damage. One can go a step forward and say that it was more of a canvas to paint the many facets of their personality and to depict their history. The story of the English Language could easily be passed off as the History of the English-Speaking Peoples.

At a cellular level, the English exhibited a streak of quirkiness by developing a script of 26 alphabets (with *u* and *j*, as distinct from *v* and / *i* being introduced in 16th century), after supplanting the old Runic alphabets of the Anglo- Saxons, even though they have at least 44 basic sounds to account for. The script has five vowels but they actually speak in 12 pure (monophthongs) and 8 gliding (diphthongs) vowels - thongs here are not what you are thinking! It has 21 consonants but by a combination of single and double alphabets, there are 24 consonant phonemes including *th* which has two sounds (different in *the* from *thin*). The alphabets *c*, *q* and *x* have been retained even though they could be represented by *k/s*, *kw* and *ks* respectively.

I am inserting this table of phonetics since I am sure most of us do check the dictionary from time to time but mostly to look up for meaning of words but not rigorously for pronunciation. This would probably help one understand when we are talking of more than 5 vowels and gliding vowels and the consonants - it will not be a bad idea if you could read this at least three times and pick out the monophthongs and diphthongs, before moving to the next paragraph.

* Inspector General of Police, Central Reserve Police Force

iː READ	ɪ SIT	ʊ BOOK	uː TOO	ɪə HERE	eɪ DAY	TEACHER: LILIAN VERGARA
e MEN	ə AMERICA	ɜː WORD	ɔː SORT	ʊə TOUR	ɔɪ BOY	əʊ GO
æ CAT	ʌ BUT	ɑː PART	ɒ NOT	eə WEAR	ɑɪ MY	ɑʊ HOW
p PIG	b BED	t TIME	d DO	ʧ CHURCH	ʤ JUDGE	k KILO	g GO
f FIVE	v VERY	θ THINK	ð THE	s SIX	z ZOO	ʃ SHORT	ʒ CASUAL
m MILK	n NO	ŋ SING	h HELLO	l LIVE	r READ	w WINDOW	j YES

To this alphabetical quirkiness, they added their dry sense of humour by triggering, on the one hand, similar pronunciation through different spellings like too, flew, and *through*, and on the other, dissimilar pronunciation through similar spellings like *over*, *oven*, *move* and *but*, *put* (which even made Dharmendra squirm much later in *Chupke Chupke*) - and the master of them all, the word ough which is celebrated in that line from Robert A Heinlein's "The Door into Summer" - '*though the tough cough and hiccough plough him through*'. The situation is analogous to a painter who is required not only to paint 44 colours from 26 pigments, but is also handicapped with a gnawing certainty that blue and yellow will not always add up to be green- sometimes they become magenta, sometimes white!! The roller coaster ride to confusion had truly begun.

No other people have so much history woven in their orthography as the British. So *i* in *pith* indicates its Germanic origin and *y* in *myth* its Greek. And it is in their spellings that their respect for Intellectual Property Rights of the language from where they have borrowed is reflected. Under Norman rule when the Anglo Norman French and the Parisian softer Francien divide existed, French loan words were altered so that harder Anglo Norman *c* replaced the softer *'ch'* and *charier* became *carrier*, *chauldron cauldron*. But later on, after the end of Norman rule, they made no such attempt- so it is with a French *sh* that one pronounces the *ch* in *champagne* and *chevron*, borrows and ties oneself

in knots with other words of foreign origin like the *cz* in Czech as well all as *pizza*, *lasso*, *czar*, *coyote*, *aardvark*, *lingerie*, *garage*, *cabernet*, *taupe* even if one encounters difficulty in speaking them.

Even though their phonotactics do not allow it, the markers like *ps*/ *pn*/*gn* were retained to indicate the Greek origin of words. Of course, to the Indians the British-Chini *bhai bhai* is a bit too much as English continues to incorporate too many tongue- twisting Chinese words at a frenetic pace like Bok choy, Wuxia, Souchong, Shih Tzu, cheongsam, Ch'i, etc.

One may be at one's wit's end to fathom why *accommodate* has an extra *c* and *m* and *misspell* an extra *s* and *l*, why a single letter *f* represents *gh* or *ph*, guess what *n* and *m* are doing in *damn* and *phlegm* respectively, and wonder how does *w* assist us to pronounce ans*w*er, s *i*sland, h Sara*h*, and *t* balle*t*. These silent letters do look like fiendish traps set all over to confound pronunciation.

However, it must not be forgotten that silent letters bear silent testimony to the British trait of being an extremely caring people. They help to distinguish between homophones, e.g *in*/*inn*; *be*/*bee*/*lent*; leant; *wright*/*right*/*write*/*rite*. They give an insight into the meaning or origin of the word (*vineyard* and not vinyard), provide useful information about pronunciation of other letters- the letter *e* in *cottage* and *bane* tells how *g* and *a* will be uttered respectively. They assist in improved diction by putting a weight on a certain syllable - the final [fe] in giraffe signals the second syllable stress whereas only giraf could suggest the initial stress on *r*.

Silent letters simplify clusters of consonants, largely due to *in situ* adoption of loanwords, like the silent *th* in as(th)ma, *t* in Chris(t)mas, *p* in (p)sychology, *m* in (m)nemonic, and *ph* in (ph)thalate - which is as soothing as a glass of chilled water after you have bit into a pungent Bhut Jolokia. Silent letters also complete the minimum letter requirement of three alphabets of *content words* (the nouns, most verbs, adjectives, and adverb state refer to some object , action, or characteristic), especially the ones containing fewer than three phonemes by adding phonetically redundant letters, such as *ebb*/*add*/*inn*/*be*/*buy, owe, etc*.

Of course the English overdid the silent letter stuff later in their passion for the classical languages, Latin and Greek, during 16/17th century English Renaissance period - unnecessarily added *b*'s to make *det debt* (to link to Latin debitum), and *dout doubt* (to link to Latin dubitare), *c's* to make *sissors scissors* and *site scythe*, *h's* to make *anchor*, *school* and *herb*, and due to misguided scholasticism an *s* to *island* (which someone wrongly thought to come from Latin insula). But let us be a bit charitable about that. People do try to show off - and the English were no exception to the rule. Anyway, this confusion created by adding a few silent letters is much less than than the verbosity the Latin zealots, derogatorily dubbed as 'inkhorns' had inflicted-*devaluate*, *ingent*, *attemptate*, *deruncinate*, *nidulate*, *abstergify*.

Silent letters are also emblematic of the British love for heritage with little utility or function - like their monarchy as some uncharitably mock. So within the folds of silent letters, they have enveloped many phonological museums- retaining sounds which they do not make no more . So *knight* is a hark back to the days when both, the *k* and the digraph *gh*, which had a throat clearing sound, were pronounced (the word itself being derived from *cneht* in Old English). *G* in *g*naw and *g*nome, *w* in *w*rite, *w*hen, *w*here and *w*rap, the final *b* in lam*b*, the median *t* in this*t*le and lis*t*en - all these had

ceased to be pronounced but were lovingly retained in the spellings. Infact, voiceless fricatives began to be pronounced like an *f* (e.g., laugh, cough) while *b* in *comb*, *dumb* and *l* in *talk*, *walk*, *folk* were dropped from around 16th century onwards.

This brings us to the main question- why did these things happen? It seems that for the better part of its history, English evolved in a manner that best describes life in a hostel of raucous boarders without regular wardens- utter chaos and confusion. There was no language synod such as the Spanish *Real Academia Espanola* or the French *Academie franchise* to act as a central pivot. Grammar remained in a flux-nothing remotely resembling Panini's *Ashtadhyayi*, or eight chapters or the foundational text of the grammatical branch of of the Vedanga, was ever developed. Even in the Old English phase (5th century AD to 11 th century AD), there were four main dialects; West Saxon, Kentish, Mercian and Northumbrian. West Saxon being the dominant, it was also called the Winchester standard.

Dialectical laissez faire however was at its peak for a period of 300 years beginning 1066 AD when England was ruled by French monarchs from Normandy who never spoke English! This Norman French rule substantially Frenchified English, added almost 10,000 Anglo- Norman words , greatly altered the largely phonemic orthography of Old English, and pushed it to the countryside from the court where it broke up into broadly five dialects, more spoken than written- Northern, West Midlands , East Midlands(a region which included present London) , Southern and Kentish. These dialects in turn had such myriad distinct regional usages that people in one part of England could not understand people from another part just 50 miles away. Latin, the language of the new Norman bishops and nobility, became the new 'language of serious writing" to the extent that even the Anglo-Saxon Chronicle, which along with Bede's *Historia Ecclesiastica gentis Anglorum* (the Ecclesiastical History of the English people) has been our greatest source of Old English, ceased to be written in English after 1154. So in less than a hundred years of the establishment of the Norman Rule, written English became a distant memory by the middle of the 12th century.

That the English took as much as 500 years more to inflict a Waterloo on the French speaks of their remarkable *sang froid*. That they persisted with their language in the face of the Norman molestations and did not give up like 'Celts did in Spain and France, as the Vikings did in Normandy, and France,... and countless others did in America" speaks volumes of their strength of character. But what is more remarkable, if you ask me, is how English, from such a chaotic start, could evolve into a world language and have strict Grammar Nazis and sticklers, glaring in a mother-in-law sort of disapproving way and sniping, in clipped accents, at fumblers of its spellings, pronunciation and syntax.

When the English collected their horses to put the language back on track after the passing of the Pleading in English Act of 1362 (curiously written in French language) which made English the only language for pleading in court proceedings, if not for maintenance of court record which continued to be maintained in Latin for sometime, the lack of a Central control informed the course they took. There were two famous books which signalled the re- birth of English in the sense that a) the books were written in English language after such a long time ; b) a very large number words of Old English and words used by the commoners (even though of foreign origin) were resurrected (*churlish*, *farting*, *miscarry*, *desk*, *edifice*, *injury*, *lecher*, *cradle*] to portray English as a confident language in its own right

and c) gave a fairly consistent spelling system. These were the *Canterbury Tales*, written in 1380s by the Father of Modern English *Geoffrey Chaucer* and the *English "Bible"* of *John Wycliffe* (1384).

Curiously, the resurrection of Modern English was made phonically inconsistent by the 120 odd clerks of Chancery set up in 1420 in Westminster to introduce English as the language of administration! (hence the term, Chancery Standard). The fairly consistent spelling system (e.g., *erly, hed, lern, beleve, resin*) seen in Chaucer's "Canterbury Tales" was diluted and changed to more phonically baffling versions by the Chancery clerks who were more comfortable with French than English. In addition to the unease with the English of the Chancery clerks, one major development that made pronunciation and spellings at odd ends was what was ironically undertaken to standardise them..

That development was printing, brought to England by *William Caxton* in *1476* with his "*The Recuyell of the Historeys of Troye*". Printing started in an era when England was beset with different dialectical regions as mentioned above, and there was very little orthographic harmonization. Church could be spelt 30 different ways, people in 22, receive in 45-not to mention, though much later on, Shakespeare in 80. Forget concord on spellings and pronunciation, there was little consensus on words itself- whether eggs or eggys or eyren.

Having lost touch with his mother tongue having been away from England for the preceding three decades, and assisted by bewildered Belgian assistants, Caxton chose the Chancery Standard which had become dominant owing to the political, cultural and commercial dominance of the East Midlands triangle (London-Oxford-Cambridge). Sometimes in the confusion, this merry band of printers borrowed the spelling of a word from one dialect and adopted pronunciation of another. So West Midland spelling of *busy* and *bury* were pronounced as the London Standard *bizzy* and Kentish *berry* respectively. But the printers were not finished yet.

The Dutch printers of William Tyndale, who translated the New Testament in English in defiance of a papal decree, would often change English spellings to match their Dutch orthography. A majority of these printers were Belgian, so while printing an alien language, they never let go away nostalgia- which they famously inserted through the letter 'h' in ghost (to match the Dutch gheest), aghast, ghastly and gherkin.

Despite these hiccups, there can be no denying the fact that spellings, with whatever little consistency with pronunciation, did continue to get fixed in the 100-200 years transition period from Middle English to early Modern period starting 1476. But this was also the period when huge changes in English pronunciation came about. So even as the spellings continued to be spelt as per their Middle English pronunciation, the English had stopped using g in gnaw, w in write and I in talk. The back of the throat sound (represented by the *ch* in German words like *ach*) that had been spelt by scribes with *gh* like in *laugh*, *night*, *eight* was also discontinued. Spellings continued to remain unaltered despite these changes, much like the scooterist in a slap stick comedy who continues driving oblivious of the riders on pillion seats having fallen off the vehicle! And then the English were subjected to a revolutionary linguistic development between 1350 and 1700 which substantially accounts for the oddities of the pronunciation.

This development is called the *Great Vowel Shift* (*GVS*)- that is to say, after fixing the spellings, the English proceeded to change the manner in which some long vowels were to be stressed, leaving the short vowels alone. This made pronunciation more idiosyncratic than ever before. What was pronounced as *shape* in Middle English (in the time of Chaucer) became *sheep; may, me; sheer, shire; maat, mate; lot, out; hoose, house; floor, flour, boot, boat; mood, mode*, etc— basically, the stress in the extant long vowels, which was hitherto akin to the Latin-derived Romance languages (French, Spanish, Italian, Romanian, Portuguese), changed.

Basically, 'the long vowel sounds of English(or tense vowels as Laird calls them) changed their values in a fundamental and seemingly systematic way, each of them moving forward and upward in mouth".

Let me illustrate with a small diagram of the CHAIN SHIFT

(a: →) æ: → e: → i: (→ əi) → ai and ɔ: → o: → u: (→ əu) → au which can be illustrated as Fast → Fad → Fed → Feed → Fear → Fire; and Fort → Foot → Food → Foe → Flout. Just try speaking them aloud and concentrate on the stress changes.

But these vowel changes took different shapes depending on their positioning of consonants around them— so *hoose* became *house* but *doom* did not become *doume* nor did *scoop scoupe* and *boob boube*. This was because the change in stress of *oo* to *ou* did not occur when placed before labial consonants like *m*, *p*, *b*. Processes like trisyllabic laxing and mergers were accelerated. Labial Consonants!! Trisyllabic laxing!! Mergers!! This is getting to be highly technical but just remember when anyone asks you why the pairs *mane-main, bred-bread, vein-vain* sound similar, why the ante penultimate syllable in *child-children*, *divine-divinity*, *mine-mineral* sound dissimilar, why the final *e* was lost so that made was no more pronounced *mah-duh*, why we get one spelling for many vowel sounds-*ea* in *knead*, *bread*, *wear*, and *great*, and multiple spellings for one vowel sound like *due and dew*, why the vowel *schwa*, (represented IPA symbol[9]) gained currency to become the most common vowel in English, why there was a an increased use of double vowels (e.g., *soon*), or of silent final *'e'f e.g., name*) to mark long vowels and double consonants to mark the preceding short vowel (e.g., sitting), or why *clean* and *lane* which rhymed during Shakespeare's time no more do, just raise your hand, stand up, say "due to the GVS" and pocket the prize.

And if some Smart Alec finds flaws in your argument, questions you as to why the *ar* sound of the Elizabethan period persists in *Derby*, *Berkley*, *Clerk* but not in *jerk*, *nerve*, *herd* and *serve*, why words like *uncouth* and *dour* maintain their pre-vowel shift pronunciation ("*uncooth*" and "*door*" rather than "*uncowth*" and "*dowr*"), why *food* is pronounced differently than *good*, *stood*, *blood*, and why there are different sound of '*o*' in *shove* and *move*, tell him that GVS impacted differently in terms of time and space and further that the English have rules and exception to rules in equal measure!

This brings us to the very interesting question- how far can the written word keep pace with the spoken which changes ever so often? Speaking itself is a faculty which Man developed much later in his evolution when his larynx, pushed deeper into this throat, made choking a possibility and also brought the possibility of articulated speech. It is an ability much more imprecisely developed than hearing.

We don't normally speak what we THINK we are saying- we say *laties* for *ladies*, insert a *p* between *m* and *t* in *warmth* to make it *warmpth*, make *something* sound *sompthing* and actually say *howvar you* instead of *how are you*. We tend to slur, especially names, and even vowels so that *necessary* becomes *nessree*, and *Salt Lake Solleke* - and even in Bengali so that we end up saying *bhallagena* instead of *bhalo lagey na* and *kamnachho* instead of *kemon achho*. When our tongues slide over words like rasam does on a banana leaf , we tend to chew off words from the beginning ('*stralia from Australia*) or the end (*mag from magazine*) or the middle (fo'c"s'*l*e from Forecast*l*e) and leave them as aphetic, apocopic and syncopic shreds respectively.

Speaking is not only imprecise, it is also affected by many other considerations- fashion, peer pressure, etc. And where is the guarantee that after we have made spelling consistent with pronunciation, the latter will not again change? It is *dance* today, tomorrow it could be *daahnce*. *Darling* today, *daahillng* tomorrow. There are already so many pronounced differences in accent amongst the English— the Scots, Americans, Australians and if you hop across to communities who speak English as their second language, pronunciation could go for a toss especially when in some of these tongues, some English phonemes could be totally absent.

If one takes Bengali for example, the language does not have anything to correspond to the English phonemes of the short vowel a - neither the first *a* of *A*merica nor the *o* of w*o*rd nor the *u* of b*u*t, the *v* of *v*ery, the *s* of *s*ix, *w* of *w*indow. So if we are to change the spellings as per Bengali pronunciation of English words, it could end up as a "*bherry beeg mishtak*'. The Japanese don't have an *l* so *elevator* is *erebeta*, *butter batta* and *salad sarada*. The Ukrainians have twisted the *haircut* to *herkot*, the Polish *ice-cream* to *ajskrym*, the Lithuanians *moving pictures* to *muving pickeris*. It would be expecting too much of spellings to continue to twist like these tongues.

Of course, English language reforms, specially the ones aimed at speaking the way we write, may have met with partial success and enabled us to arrive at our present pronunciation of *waistcoat* and *forehead* from the earlier *weskit* and *forrid*, but overall, spelling reforms, especially changing spellings to as we speak have been unfortunately, and if you will pardon me, as effective as AAP's political reforms in India. Besides, you cannot take away *k* from *knew* and not be confused it with *new*.

One of the lessons to be learnt from the success of English has been that there cannot be a guarantee that a high degree of spelling - pronunciation consistency will make a language easier to learn and become popular, Sanskrit, which has about the most phonemic of the known orthographies , would not have been a dead language which it is almost today and Bengali, which is not so phonemic, would not have been the second largest spoken language in the Indian sub continent. Another lesson is that the absence of a Central authority would not necessarily jeopardise the growth of a language but could infact give it a flexibility to, what a friend of mine says, "borrow, adapt, adopt, swerve, manoeuvre, negotiate, etc" - qualities needed in a language to grow and prosper.

A final word of advice - when in doubt about the pronunciation of a word , ask someone. You cannot always be expected to know that in *Loughborough*, the first *ough* sounds as in *cuff* and the second rhymes with *thorough*, and that *Leveson-Gower* could be '*loosen gore*'.

FURTHER READINGS

Bill Bryson: Mother Tongue- The Story of the English Language, Penguin 1990

WEBSITE

http://en.wikipedia.org/wiki/English_alphabet
http://en.wikipedia.org/wiki/Silent letter
http://www.thehistoryofenglish.com
http://rationaiwiki.org/wiki/English spelling reform)
http://en.wikipedia.org/wiki
http://en.wikipedia.org/wiki/Siient letter
http://en.wikipedia.org/wiki/Three
http://www.thehistorygfenglish.com/historv early modern.html
http://en.wikipedia.org/wiki/Anglo-Saxon Chronicle
http://en.wikipedia.org/wiki/English-language_spelling, reform
http://www.thehistoryofenqlish.com/historv middle.html
http://en.wikipedia.org/wiki/English-language spelling _reform
http://en.wikipedia.org/wiki/Chain_shift

বধ্যভূমি উপত্যকা— রাষ্ট্রের সন্ত্রাস ও হারিয়ে যাওয়া মানুষ

সিদ্ধার্থ গুহ রায়*

১৯৪৭-এ ক্ষমতা হাস্তান্তর পরবর্তীকালীন ভারতীয় উপমহাদেশের রাজনৈতিক ইতিহাসের এক অত্যন্ত গুরুত্বপূর্ণ ও বিতর্কিত অধ্যায় কাশ্মীর সমস্যা। এই সমস্যা ভারতের অভ্যন্তরীণ সমস্যা হিসাবে সীমাবদ্ধ নেই। কাশ্মীরের সঙ্গে প্রতিবেশী রাষ্ট্র পাকিস্তানেরও স্বার্থ জড়িত। তাই কাশ্মীর সমস্যা প্রথম থেকেই জাতীয় সীমারেখা অতিক্রম করে একটি আন্তর্জাতিক সমস্যার রূপ নিয়েছে। অথচ বিগত ৬ দশকেরও বেশি সময় ধরে আমাদের শাসকরা এই সমস্যা সমাধানে চূড়ান্ত ব্যর্থ হয়েছেন। এই ব্যর্থতার ফলশ্রুতি হিসাবে সমস্যা ক্রমে তীব্রতর হয়েছে এবং তার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছেন কাশ্মীরের সাধারণ মানুষ। ভারত ও পাকিস্তানের রাষ্ট্রনেতারা নিজেদের সংকীর্ণ জাতীয় স্বার্থ রক্ষা করার তাগিদে কাশ্মীরকে তাদের দাবার ঘুঁটি হিসাবে ব্যবহার করেছেন। কাশ্মীরের মানুষের ইচ্ছা ও আকাঙ্ক্ষার প্রতি বিন্দু মাত্র সম্মান প্রদর্শন তাঁরা করেননি। কাশ্মীরের মানুষের ক্ষোভের উৎস কোথায় তার অনুসন্ধান না করে ভারত সরকার সমস্যাটিকে নিছক আইন শৃঙ্খলার সমস্যা হিসাবে দেখতে চেয়েছে। ১৯৯০-এর দশকে কাশ্মীর একটি রক্তাক্ত উপত্যকায় পরিণত হয়েছিল। কাশ্মীরের মানুষের আত্মনিয়ন্ত্রণের গণতান্ত্রিক দাবিকে দমন করতে গিয়ে ভারত রাষ্ট্র এক নির্লজ্জ হত্যাকারীর ভূমিকায় অবতীর্ণ হয়েছিল। সামরিক ও আধা-সামরিক বাহিনীর ওপর নির্ভর করে অবাধ হত্যাকাণ্ড ও রক্তপাতের মধ্য দিয়ে ভারত সরকার সেখানে 'গণতন্ত্র' প্রতিষ্ঠায় প্রয়াসী হয়েছে। ১৯৯০-এর থেকে কাশ্মীরের সামরিক ও আধা সামরিক বাহিনীর প্রবল উপস্থিতি কাশ্মীরের মানুষের মানবাধিকার ভূলুণ্ঠিত করেছিল। ১৯৯৭ সালে জম্মু-কাশ্মীরে ৬ ডিভিশন সৈন্য, প্রায় ৯৫ হাজার বর্ডার সিকিউরিটি ফোর্স (বি এস এফ)-এর জওয়ান, রাষ্ট্রীয় রাইফেলসের ৮০ হাজার এবং সেন্ট্রাল রিজার্ভ পুলিস ফোর্স (সি. আর. পি. এফ)-এর ৭০ হাজার সশস্ত্র কর্মী নিযুক্ত ছিল। তার ওপর জম্মু-কাশ্মীরে বিভিন্ন রাজ্য থেকে সশস্ত্র কনস্ট্যাবুলারি নিয়ে আসা হয়েছিল। এই বিপুল সংখ্যক 'বীর' মাত্র ৯০০০ আত্ম নিয়ন্ত্রণের সমর্থক কাশ্মীরী জঙ্গীকে দমন করতে ব্যস্ত ছিল।[১]

১৯৯০-এর দশক থেকে হাজার হাজার মানুষকে উপত্যকায় নির্দয়ভাবে হত্যা করা হয়েছে। হাজার হাজার মানুষ তাঁদের পরিবার-পরিজনদের কাছ থেকে হারিয়ে গেছেন। যাবতীয় ঘটনাই ঘটেছে রাষ্ট্রের মদতে। অথচ এই সমস্ত হত্যাকাণ্ডের জন্য দায়ী অপরাধীদের বিরুদ্ধে কোন ব্যবস্থাই নেয়নি বিশ্বের বৃহত্তম গণতন্ত্র।[২] প্রকৃত পক্ষে রাষ্ট্র ব্যবস্থার দাক্ষিণ্যে প্রাপ্ত মানবাধিকার ও মানুষের মর্যাদার পরিপন্থী একটি আইন 'সশস্ত্র সামরিক বাহিনীর বিশেষ ক্ষমতা আইন' (Armed Force Special Power Act) সশস্ত্র বাহিনীকে উদ্ধত ও বেপরোয়া করে তুলেছে।[৩] এই আইনটির সবচেয়ে খারাপ দিক হল যে, এই আইন যাবতীয় বিচার-বিভাগীয় হস্তক্ষেপ থেকে অব্যাহতি দিয়েছে সামরিক ও আধা সামরিক বাহিনীর দোষী সদস্যদের। এই ধরনের অব্যাহতি অবশ্যই অন্ততঃ কিছু মানুষের অপরাধ প্রবণতা বাড়িয়ে তোলে, আর তাছাড়া এই ধরনের আইনের প্রণয়ন ও প্রয়োগ স্পষ্ট করে তোলে যে, কেবল বহির্দেশীয় বাহিনীর বিরুদ্ধেই নয়, নিজের দেশের নাগরিকদের বিরুদ্ধেও যুদ্ধ করার দায়িত্ব ন্যস্ত হয়েছে সামরিক বাহিনীর ওপর, যা অবশ্যই সুস্থ গণতান্ত্রিক ব্যবস্থার পরিপন্থী।

১৯৮০-র দশকের একোবরে অন্তিম লগ্নে আত্মনিয়ন্ত্রণের দাবিতে উত্তাল হয়ে উঠেছিল উপত্যকা, মোটামুটি তখন থেকেই সেখানে সামরিক বাহিনী ও আধা সামরিক বাহিনীর তৎপরতার সূচনা। আন্দোলন দমন করার এই তৎপরতাই ক্রমশঃ কাশ্মীরের মানুষকে ভারত রাষ্ট্র থেকে বিচ্ছিন্ন করে তুলেছিল। উপত্যকা যখন প্রতিবাদে উত্তাল তখন প্রতিবাদী কণ্ঠ স্তব্ধ করার উপায় হিসাবে রাষ্ট্রীয় দমন নীতি আরও নিষ্ঠুর হয়ে ওঠে। চণ্ডীগড় থেকে প্রকাশিত একটি পত্রিকার সম্পাদকীয়তে লেখা হয়েছিল— 'রাজ্য সরকার রাজ্য পুলিশের ওপর আস্থা হারিয়ে সেন্ট্রাল রিজার্ভ পুলিশের ওপর অধিকতর নির্ভরশীল হয়ে উঠেছে, সাধারণ মানুষকে বন্দি করে বিনা বিচারে আটক রাখা হয়েছে। সরকারি পরিসংখ্যান অনুযায়ী রাজ্যে উগ্রপন্থীর সংখ্যা যত, সেই অনুপাতে বন্দির সংখ্যা অনেক বেশী।'[৪] ১৯৯০ সালের ১৯ জানুয়ারি কেন্দ্রীয় সরকার জগমোহনকে জম্মু কাশ্মীরের রাজ্যপাল নিযুক্ত করে। অগণতান্ত্রিক ও সাম্প্রদায়িক জগমোহন বিশ্বাস করতেন রাষ্ট্রীয় সন্ত্রাসের মাধ্যমেই উপত্যকায় শান্তি প্রতিষ্ঠা করা যাবে। তাঁর কাছে কাশ্মীর ছিল 'বৃশ্চিকদের

অধ্যাপক, ইতিহাস বিভাগ, বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর, কলকাতা-৬৩

উপত্যকা'। তিনি রাষ্ট্রীয় বাহিনীর সাহায্য নিয়েই 'বৃশ্চিক' নিধনের কাজে লিপ্ত হলেন। তাঁরই পরামর্শে বিপুল সংখ্যক সামরিক ও আধা সামরিক বাহিনী উপত্যকায় পাঠানো হয়েছিল। জগমোহন রাজ্যপাল নিযুক্ত হবার পরই জম্মু-কাশ্মীরের তৎকালীন মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লা পদত্যাগ করেন। কাশ্মীরের আশা-আকাঙ্ক্ষা নির্মূল করার বল্গাহীন স্বাধীনতা পেলেন জগমোহন। কাশ্মীরকে একটি রক্তাক্ত উপত্যকায় পরিণত করার প্রক্রিয়ার সূচনা জগমোহনের আমলেই ঘটেছিল। রাষ্ট্র কর্তৃক সংগঠিত গণহত্যাকে রাজনৈতিক বৈধ রূপ দেওয়া হয়।

জগমোহনের নির্দেশে কেন্দ্রীয় বাহিনী বেপরোয়া হয়ে ওঠে এবং উপত্যকার সাধারণ মানুষের ওপর নিষ্ঠুর অত্যাচার চালাতে থাকে। ১৯৯০ সালের মার্চ মাসে শ্রীনগরের পুলিশ সুপার এল. এ. চৌধুরী সামরিক বাহিনীর অত্যাচারের বিরুদ্ধে জাকুরা থানায় এফ. আই. আর পর্যন্ত করেছিলেন।[৫] কিন্তু অত্যাচারীদের বিরুদ্ধে কোন ব্যবস্থাই রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার নেয়নি। ১৯৯০ সালের ৩১ মার্চ চূড়ান্ত অমানবিক ও অসভ্য একটি ঘটনা ঘটে। শ্রীনগরের বিচারনাগ এলাকায় একজন শিক্ষক তাঁর বাড়িতে বসে কয়েকজন ছাত্রকে পড়াচ্ছিলেন। ছাত্রদের গড় বয়স ১২। ছাত্রদের মধ্যে একজন মুসলমান, বাকিরা সকলেই অ-মুসলমান। মুসলমান ছেলেটির নাম নাজির সফি। নিরাপত্তা বাহিনীর লোকেরা শিক্ষকের ঘরে ঢোকে ও ছাত্রদের নাম জিজ্ঞাসা করে। নামের ভিত্তিতে তারা মুসলমান ছাত্রটিকে সনাক্ত করে এবং তাকে গুলি করে মেরে চলে যায়।[৬] এই অমানবিক ঘটনার বিরুদ্ধে বিশ্বের বৃহত্তম গণতন্ত্রে প্রতিবাদ হয় না। ১৯৯০ সালের ৫ই জুলাই জম্মু-কাশ্মীরে 'সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন।' (Armed Forces Special Power Act) বলবৎ করা হয়। সামরিক ও আধা সামরিক বাহিনী উপত্যকায় নির্দয় হাতে মানবাধিকার লঙ্ঘনের আইনী স্বীকৃতি পেল। উপত্যকায় কেন্দ্রীয় বাহিনীর অত্যাচারের বিরুদ্ধে যে সমস্ত বুদ্ধিজীবী, আইনজীবী ও মানবাধিকার কর্মী প্রতিবাদ করেছিলেন তাদের সকলকেই প্রায় সামরিক ও আধা সামরিক বাহিনীর হাতে মৃত্যুবরণ করতে হয়েছিল। এক্ষেত্রে দুটি নাম উল্লেখযোগ্য— একজন হৃদয়নাথ ওয়াং চু এবং অপর জন জলিল আন্দ্রাবী। সামরিক বাহিনীর হেফাজতে মৃত্যু বা হেফাজত থেকে গুম হয়ে যাবার ঘটনাকে কেন্দ্র করে হৃদয়নাথ ওয়াং চু জম্মু-কাশ্মীর হাইকোর্টে একাধিক রিট পিটিশন দাখিল করেন ১৯৯২ সালের নভেম্বর মাসে তিনি সামরিক বাহিনীর হেফাজতে নিহত ও নিখোঁজ ব্যক্তিদের একটি তালিকাও তৈরি করেন। রাষ্ট্রের মদতপুষ্ট একদল দুষ্কৃতি ১৯৯২ সালের ৫ই ডিসেম্বর ওয়াংচুকে হত্যা করে। জলিল আন্দ্রাবী ছিলেন একটি স্থানীয় মানবাধিকার সংগঠন 'কাশ্মীর কমিশন অফ জুরিস্ট'-এর সভাপতি ও একজন পেশাদার আইনজীবী। রাষ্ট্রীয় সন্ত্রাসের বিরুদ্ধে আইনি লড়াইকে তিনি একটি বিশেষ স্তরে উন্নীত করেন। ১৯৯৪ সালে আন্দ্রাবী জম্মু-কাশ্মীর হাইকোর্টের কাছে রিট পিটিশন করে সামরিক ও অসামরিক বাহিনীর হেফাজতে কজন বন্দী আছেন, কতজন নিহত হয়েছে, কতজন নিখোঁজ হয়েছেন, কি ধরনের অমানবিক ও অস্বাস্থ্যকর পরিবেশে তাঁরা রয়েছেন ইত্যাদি বিষয় জানতে চান। ১৯৯৬ সালের ২৭ মার্চ জলিল আন্দ্রাবীর গুলিবিদ্ধ মৃতদেহ ঝিলাম নদীতে ভাসতে দেখা যায়। জলিল আন্দ্রাবীর মৃত্যু প্রসঙ্গে কাশ্মীর টাইমস্ পত্রিকা লিখেছিল— 'আত্মমর্যাদাসম্পন্ন, স্বাধীনচেতা, প্রতিবাদী মানুষ কাশ্মীরে বেশিদিন বেঁচে থাকতে পারে না। আন্দ্রাবীর হত্যাকাণ্ড এই সত্যকেই প্রতিষ্ঠিত করেছে।'[৭]

সাম্প্রতিক অতীতে ২০১২ সালের ডিসেম্বর মাসে কাশ্মীরে রাষ্ট্রীয় সন্ত্রাস ও মানবাধিকার লঙ্ঘনের ওপর *Alleged Perpetrators: Stories of Impunity in Jammu and Kashmir* নামে একটি তথ্যনিষ্ঠ প্রতিবেদেন প্রকাশিত হয়েছে। প্রতিবেদনটির প্রস্তুতকর্তা International Peoples' Tribunal on Human Rights and Justice in Indian Administered Kashmir (IPTK) and Association of Parents of Disappeared Persons (APDP। জম্মু-কাশ্মীরে সামরিক ও আধা-সামরিক বাহিনীর হত্যাকারীরা (Perpetrators) ১৯৮৯ সাল থেকে কিভাবে শাস্তি থেকে অব্যাহতি (Impunity) পেয়ে এসেছে, সে সংক্রান্ত মূল্যবান বহু দলিল ও নথির সংকলন এই প্রতিবেদন। জম্মু-কাশ্মীরের ৮০০০ মানুষ নিখোঁজ হয়েছেন, ৭০০০০ মানুষ রহস্যজনকভাবে খুন হয়েছেন, বহু মানুষকে অজানা জায়গায় সমাধিস্থ করা হয়েছে। বস্তুত রাষ্ট্রীয় নথিপত্র ও দলিলের ওপর ভিত্তি করেই এই প্রতিবেদন তৈরি করা হয়েছে, যা প্রমাণ করে যে বিগত ২০-২২ বছরের কাশ্মীরের ইতিহাস মানবাধিকার লঙ্ঘনের ইতিহাসেরই নামান্তর। আর এই মানবাধিকার লঙ্ঘনের তথা মানব নিধন যজ্ঞের প্রধান পুরোহিত ভারত রাষ্ট্র। আইনের রক্ষকরাই সবচেয়ে মারাত্মক আইন লঙ্ঘনকারী হিসাবে প্রতিপন্ন হয়েছে। রাষ্ট্রের সমর্থনপুষ্ট বহু হত্যাকারীই শাস্তির হাত থেকে নিষ্কৃতি পেয়েছেন।

বস্তুত ঠিক কতজন সামরিক ও আধাসামরিক বাহিনীর সদস্য উপত্যকায় সন্ত্রাস চালানোর জন্য শাস্তি পেয়েছিলেন তা নিয়ে রাষ্ট্রের বিভিন্ন বক্তব্যের মধ্যে স্ববিরোধিতা স্পষ্ট। ১৯৯৬ সালে ভারতের প্রধানমন্ত্রী দেবগৌড়া তাঁর বিবৃতিতে বলেছিলেন— ১৯৯১ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত কাশ্মীরে মানবাধিকার লঙ্ঘনের জন্য মোট ২৭২ জন সশস্ত্র সামরিক বাহিনীর সদস্য শাস্তি পেয়েছেন। ২০০৫ সালের ২৩ নভেম্বর কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব ভি. কে. দুগ্গাল জানিয়েছিলেন, ১৯৯০ এর জানুয়ারি থেকে উপত্যকার মানুষের ওপর অত্যাচার চালানোর অভিযোগে নিরাপত্তা বাহিনীর ২১৫ জনকে শাস্তি দেওয়া হয়েছে। ২০০৪ সালের ২১ মে সামরিক বাহিনীর প্রাক্তন প্রধান এন. সি. ভিজ বলেছিলেন, উপত্যকায় বাড়াবাড়ি রকমের অত্যাচার ও হত্যাকাণ্ড চালানোর অভিযোগে মোট ২০০০ নালিশ জমা পড়েছিল। তার মধ্যে ৩৫ জন সশস্ত্র নিরাপত্তা বাহিনীর সদস্যকে শাস্তি দেওয়া হয়েছে। এদের মধ্যে কেউ চাকুরি থেকে বরখাস্ত হয়েছে, আবার কেউ কারারুদ্ধ হয়েছে। কিন্তু মাত্র তিনদিন পরে ২০০৪-এর ২৪ মে জাতীয় মানবাধিকার কমিশন একটি প্রেস বিবৃতিতে জানায়— কাশ্মীরে মানবাধিকার লঙ্ঘনের জন্য মোট ১৩১ জন সামরিক বাহিনীর সদস্যকে শাস্তি দেওয়া হয়েছে। সুতরাং দেখা যাচ্ছে প্রকৃত তথ্য উদঘাটনের ক্ষেত্রে রাষ্ট্রের বিভিন্ন শাখার বক্তব্য সম্পূর্ণ সঙ্গতিবিহীন ও স্ববিরোধী, বা মানবাধিকার রক্ষার বিষয়ে ভারত রাষ্ট্রের সদিচ্ছার অভাব প্রমাণ করে।[৮]

উপরোক্ত তথ্যসমৃদ্ধ প্রতিবেদনে (Alleged Perpetrators) মোট ২১৪ টি ঘটনার করুণ বিবরণ রয়েছে, যেগুলি প্রমাণ করে সামরিক ও আধা সামরিক বাহিনী উপত্যকাকে বধ্যভূমি করে তুলেছে। ১৯৯০ সালের ১৬ই জুলাই সি. আর. পি. এফ জওয়ানরা ফয়াজ আহ্‌মেদ শাল্লাকে তার বাড়ি থেকে তুলে নিয়ে যায়। তারপর থেকে তার আত্মীয় পরিজন তার আর দেখা পায়নি। শাল্লার পরিবার হাইকোর্টে মামলা করে। হাইকোর্ট ১৯৯৫ সালের ৩০ মার্চ বিষয়টি নিয়ে তদন্ত করার নির্দেশ দেয় এবং শ্রীনগরের এক সেশন জর্জকে তদন্ত অফিসার নিযুক্ত করা হয়। ১৯৯৮ সালের ১২ মে তদন্ত অফিসার হাইকোর্টকে জানান যে ১৯৯০-এর ১৫ জুলাই ফয়াজ আহমেদ শাল্লাকে সি. আর. পি. এফ জওয়ানরা ফতে কাদাল অঞ্চলে তার বাড়ি থেকে তুলে নিয়ে যায়। তারপর তাকে জিজ্ঞাসাবাদের জন্য হরিনিবাসের একটি গেস্ট হাউসে নিয়ে যাওয়া হয়। তারপর তাকে আর দেখা যায়নি। হাইকোর্ট অনুসন্ধান চালিয়ে যেতে বলে। ইতিমধ্যে জম্মু কাশ্মীর সরকার ও রাজ্য পুলিশ বিষয়টি থেকে হাত গুটিয়ে নেয় এবং জানিয়ে দেয় যে এ বিষয়ে তারা কোন দায়িত্ব নেবে না। আজ পর্যন্ত শাল্লা নিখোঁজ। রাজ্য মানবাধিকার কমিশন, জাতীয় মানবাধিকার কমিশন কারোর কাছেই কোন নির্দিষ্ট তথ্য নেই। হত্যাকারী যথারীতি অব্যাহতি পেয়ে গেছে।[৯]

এরকম অসংখ্য ঘটনার কথা Alleged Perpetrators-এ তুলে ধরা হয়েছে। সন্ত্রাসবাদী ও রাষ্ট্র-বিরোধী ষড়যন্ত্রকারী সন্দেহে, প্রতিবেশী রাষ্ট্রের প্রত্যক্ষ মদতে অন্তর্ঘাতমূলক কাজের অভিযোগে উপত্যকার হাজার হাজার মানুষকে তুলে নিয়ে গেছে নিরাপত্তা বাহিনী। কিন্তু এই আটক হওয়া মানুষগুলোর আজও কোন হদিশ নেই। কোথায় তারা হারিয়ে গেলেন তার কোন উত্তর নেই রাষ্ট্রের কর্ণধারদের কাছে। যারা তাঁদের তুলে নিয়ে গিয়ে গুম করে ফেলল তাদের কোন জবাবদিহি করতে হয় না রাষ্ট্রের আইনের কাছে। উপরোক্ত প্রতিবেদনে এ রকম অভিযুক্ত ৫০০ জন নিরাপত্তা বাহিনীর সদস্যদের নামের তালিকা আছে। কিন্তু তাদের বিরুদ্ধে কোন আইনি ব্যবস্থা নেওয়া যায় না কারণ আইনি ব্যবস্থা নিতে হলে কেন্দ্রীয় সরকারের আগাম অনুমতি লাগে। অধিকাংশ ক্ষেত্রেই অনুমতি পাওয়া যায় না।

এই হারিয়ে যাওয়া বা নিখোঁজ হওয়া মানুষগুলোর পরিবার নিয়ে একটু খোঁজ নেওয়া যেতে পারে। গুম হয়ে যাওয়া পুরুষ মানুষগুলোর স্ত্রীরা উপত্যকায় আধা বিধবা (half widow) নামে পরিচিত। এর কারণ সরকারী ঘোষণা অনুযায়ী তাঁদের স্বামীরা নিখোঁজ, সরকার তাদের মৃত ঘোষণা করেনি। ২০১১ সালের একটি প্রতিবেদন থেকে জানা যায়, সে সময় কাশ্মীরে এরকম আধা বিধবার সংখ্যা ছিল কম করে ১৫০০। যেহেতু তাঁদের স্বামীরা রাষ্ট্র কর্তৃক মৃত বলে ঘোষিত হননি, সেহেতু তাঁরা স্বামীর অবসরকালীন ভাতা বা অন্যান্য সরকারি অনুদান থেকে বঞ্চিত। এই আধা বিধবা ও তাঁদের সন্তানরা অসহনীয় দারিদ্রের মধ্যে দিন কাটাচ্ছেন।[১০]

রাষ্ট্রীয় নিরাপত্তা বাহিনী পরিচালিত যৌন হিংসা উপত্যকাকে সন্ত্রস্ত করে তুলেছিল ১৯৯০-এর দশকে। ১৯৯১ সালের মার্চ মাসে উত্তর কাশ্মীরের কুণাল পোশপোরা অঞ্চলে সামরিক ও আধা সামরিক বাহিনীর জওয়ানেরা সেখানকার বিভিন্ন বয়সের মেয়েদের ওপর গণধর্ষণ চালায়। কিন্তু অপরাধীদের আজও কোন শাস্তি হয়নি। এই জঘন্যতম অপরাধের বিষয়ে ভারতীয় নাগরিক সমাজের নীরবতায় এখনও কুণাল পোশপোরার মানুষের তীব্র ক্ষোভ রয়ে গেছে। প্রাক্তন সম্পাদক বি. জি. ভার্গিস-এর নেতৃত্বে

ভারতীয় প্রেস কাউন্সিলের একটি দল বিষয়টির তদন্ত করতে গিয়েছিল। সামরিক বাহিনীর নির্দেশ অনুযায়ী তদন্ত কাজ সেরে প্রেস কাউন্সিল বিবৃতি দিয়েছিল— সমস্তটাই একটা 'বিরাট ধোঁকা' (massive hoax) এবং জঙ্গি ও তাদের প্রতি সহানুভূতিশীলদের দ্বারা প্রচারিত একটা ডাহা মিথ্যা এই ধর্ষণের ঘটনা। অথচ ঐ অঞ্চলের ৩৩ জন মহিলা স্বাস্থ্য পরীক্ষা করে প্রমাণিত হয়েছিল যে তাঁরা সকলেই ধর্ষিতা হয়েছেন।[১১]

বস্তুত সামরিক বাহিনীকে উপত্যকায় যা খুশী করার সাহস জুগিয়েছে সংসদীয় রাজনৈতিক দলগুলি। পার্লামেন্টে আইন পাশ করে তারা সামরিক ও আধা সামরিক বাহিনীর হাতে গণহত্যা চালানোর অবাধ অধিকার তুলে দিয়েছে। এই আইনগুলি জারি হবার ফলে ভারতীয় সংবিধান গুরুত্বহীন হয়ে পড়েছে। সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন ও উপদ্রুত এলাকা আইন প্রয়োগ করে সংবিধানের ২১ নম্বর ধারায় স্বীকৃত জীবনের অধিকার নাকচ করা হয়েছে। তাছাড়া এই আইন দুটি নাগরিককে সংবিধানের ৩২ নং ধারা অনুযায়ী আটক ব্যক্তিকে আইন সাহায্য পাওয়ার অধিকার থেকে বঞ্চিত করেছে। এই দানবিক আইনগুলির উপত্যকায় ব্যাপক প্রয়োগ রাষ্ট্রীয় সন্ত্রাসকে তীব্রতর করেছে। সশস্ত্র বাহিনীকে অপরাধমূলক আচরণ ও মানবাধিকার লঙঘনের জন্য যাবতীয় শাস্তি থেকে নিষ্কৃতি দিয়ে ভারত রাষ্ট্র কাশ্মীরে গণতন্ত্রকে একটি প্রহসনে পরিণত করেছে। কাশ্মীর উপত্যকা একটি বধ্যভূমিতে পরিণত হয়েছে।

কাশ্মীরের অভ্যুত্থানের সূচনাপর্ব থেকেই দুটি সুস্পষ্ট পৃথক ধারার অস্তিত্ব ছিল— পাকিস্তানের মদতে ইসলামি মৌলবাদের প্রভাবে কাশ্মীরকে পাকিস্তানের অন্তভুক্ত করার প্রয়াস এবং একটি ধর্ম নিরপেক্ষ মতাদর্শের ভিত্তিতে 'আজাদি'র জন্য লড়াই, অর্থাৎ আত্মনিয়ন্ত্রণের অধিকারের দাবি। কিন্তু ভারত সরকারের নিষ্ঠুর দমননীতি কাশ্মীরের বহু সাধারণ মানুষকে ক্রমশঃ মৌলবাদের দিকে নিয়ে গেছে। পাকিস্তানপন্থী মৌলবাদীরাই হয়ে উঠেছে উপত্যাকার সাধারণ মুসলমানদের শক্তির উৎস।[১২] ভারতীয় শাসকদলের ব্যর্থতা কাশ্মীর সমস্যাকে ক্রমশ জটিলতর করে তুলেছে।

তথ্যসূত্র

১। Gautam Navlakha, 'Internal Militarisation Blood of the Tracks', *Econimic and Political Weekly*, February 8-14, 1997, p.299.

২। কাশ্মীরের রাষ্ট্রীয় সন্ত্রাসের বিষয়ে বিশদভাবে জানার জন্য দেখুন, সিদ্ধার্থ গুহ রায়, *কাশ্মীর: মুক্তি সংগ্রাম ও রাষ্ট্রীয় সন্ত্রাস— একটি সমকালীন ইতিহাস*, কলকাতা, ২০০৯।

৩। এই আইন সম্পর্কে জানার জন্য দেখুন, সিদ্ধার্থ গুহ রায়, *মানবাধিকার ও গণতান্ত্রিক অধিকার: একটি ঐতিহাসিক প্রেক্ষাপট*, কলকাতা, ২০১২, পৃ ১৪৫-১৫৫।

৪। *Tribune*, 22 June, 1989.

৫। Committee on Initiative on Kashmir, *India's Kashmir War*, March, 1990, পৃ. ৯-১০।

৬। People's Union for Civil Liberties (PUCL) and Citizens for Democrazy (CFD), *Report on Kashmir situation*, New Delhi, 2990, পৃ. ৯।

৭। Sumantra Bose, *The Challenge in Kashmir: Democracy, Self Determination and a Just Peace*, New Delhi, 1997, পৃ. ১৯৫-১৯৬।

৮। IPIK and APDP, *Alleged Perpetrators: Story of Impunity in Jammu and Kashmir*, Srinagar, 2012, পৃ. ১১।

৯। ঐ পৃ. ২১-২২

১০। APDP, Half Widow, Half Wife: *Response to Gendered Violence in Kashmir*, Srinagar, ২০১১, পুরো প্রতিবেদন (Passim).

১১। *The Telegraph*, 15 July, 2013.

১২। *Kashmir Times*, 24 August, 1999.

বাংলা ও বাঙালির বিলুপ্ত বাঘ— স্যার আশুতোষ মুখোপাধ্যায়

স্বপন মুখোপাধ্যায়*

ঊনবিংশ শতাব্দীর নবজাগরণের অগ্রপথিকদের অন্যতম স্যার আশুতোষ মুখোপাধ্যায়। বাংলার মানুষ তাঁকে 'বাংলার বাঘ' নামে অভিহিত করেছিল। সেটা নিতান্ত তাঁর দাপুটে ব্যক্তিত্বের জন্য নয়। তাঁর মেধা, তেজস্বিতা, স্বাজাত্যবোধ, স্বাধীনচেতা মানসিকতা, সর্বোপরি তাঁর নির্ভীকতার জন্য। কিন্তু তিনি কি শুধু বাংলার বাঘ? না, প্রখ্যাত ফরাসি প্রাচ্যতত্ত্ববিদ সিলভান লেভি (Sylvain Levi 1863-1935) যিনি সারা পৃথিবীতেই সম্মানিত, তিনি বলেছিলেন স্যার আশুতোষ ফ্রান্সে জন্মালে, সে দেশের লোকেরা তাঁকেই 'ফরাসি বাঘ' নামে অভিহিত করত। প্রকৃতপক্ষে ফরাসি জনগণ সে দেশের প্রধানমন্ত্রী জর্জ ক্লামাঁসো-কে 'ফরাসি-বাঘ' নামে অভিহিত করে থাকে। স্যার আশুতোষ পৃথিবীর যে দেশেই জন্মাতেন সে দেশের মানুষই তাঁকে সেদেশের বাঘ অভিধায় চিহ্নিত করত।

আমরা অনুসন্ধান করে দেখি, এর কারণ কী। রাজা রামমোহন রায়ই 'First Modern man in India', যিনি ভারতবর্ষে পাশ্চাত্য যুক্তিবাদী শিক্ষা ও জ্ঞান-বিজ্ঞানের প্রসার চেয়েছিলেন। সেই ধারা এগিয়ে নিয়ে গেছেন বিদ্যাসাগর ও ঋষি বঙ্কিম। চার্চ মিশনারি সোসাইটি, উইলিয়াম কেরি, মার্শম্যান এবং মি: স্টিওয়ার্ট উদ্যোগ নিয়েছিলেন এ দেশে শিক্ষার প্রসার ঘটানোর।

অবশেষে মেকলে সাহেব ১৮৩৫ এর ২ ফেব্রুয়ারি তাঁর মিনিটস্-এ এ-দেশে পাশ্চাত্য শিক্ষার প্রসারের জন্য সুপারিশ করলেন। তখন বাংলায় শিক্ষিতের হার ১% থেকে ১$\frac{১}{২}$%। মেকলে যুক্তি দিলেন পাশ্চাত্য শিক্ষার প্রসার ঘটলে মূর্তিপূজা বন্ধ হবে অর্থাৎ হিন্দুধর্ম এ-দেশ থেকে বিলুপ্ত হবে। খ্রিস্টধর্মের প্রসার ঘটবে। তিনি ইংরেজি-শিক্ষায় এক শ্রেণির মানুষকে শিক্ষিত করতে চাইলেন যারা হবেন শাসক ও সাধারণ মানুষের মধ্যে যোগসূত্র-শ্রেণি অর্থাৎ intermediaries, মেকলে তাঁর মিনিটস্-এ লিখলেন,—

"Interpreters between us and the millions whom we govern— a class of persons Indians in blood and colour, but English in tastes, in opinions, in morals and in intellect."

মেকলের বক্তব্য খুব পরিষ্কার। মূর্তিপূজার অবসান মানে হিন্দুধর্মের বিদায় অর্থাৎ শিক্ষা-বিস্তারের পশ্চাৎ-উদ্দেশ্য খ্রিস্টধর্মের প্রতিষ্ঠা। আর Filtration পদ্ধতিতে শিক্ষার বিস্তার।

মেকলের বক্তব্য মানতে পারেননি জেমস্ লং। তিনি বললেন, কবে এক শ্রেণি শিক্ষিত হয়ে নিচু স্তরে তারা শিক্ষার আলো পৌঁছে দেবে, এভাবে অপেক্ষা করে থাকলে শিক্ষার প্রসার হবে না। এ যেন নদীতীরে গালে হাত দিয়ে বসে থাকা। কবে নদীর জল শুকোবে, তবে নদী পার হব। তিনি Adam's Report on Vernacular Education সমর্থন করে সরকারের কাছে জোরালো বক্তব্য রাখেন। ১৯ জুলাই ১৮৫৪ উডস্ ডেসপ্যাচ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পথ সুগম করে দিল। ২৪ জানুয়ারি ১৮৫৭ সিপাহি যুদ্ধের বছর কলকাতা বিশ্ববিদ্যালয় স্থাপিত হল। লর্ড ক্যানিং হলেন তার প্রথম আচার্য।

কলকাতা বিশ্ববিদ্যালয় নামটি উচ্চারিত হবার সঙ্গে সঙ্গেই যে নামটি অনিবার্যভাবে মনে আসে তা হল স্যার আশুতোষ মুখোপাধ্যায়। এ কেবল আবেগতাড়িত বাঙালির অতিকথন নয়। ১৯২৪-এর ২৫ মে আশুতোষের মৃত্যুর পর গভর্নর জেনারেল লর্ড লিটন সেনেট হলের স্মৃতি সভায় নতমস্তকে বললেন,

Sir Asutosh was in fact the university and the university Sir Asutosh.

মেকলে যেভাবে সমস্ত ভারতবাসীকে সভ্যতার আলো বিবর্জিত অশিক্ষিত বলে উপেক্ষা করেছিলেন তার যোগ্য প্রতিবাদ হিসেবে আবির্ভূত হলেন সরস্বতীর বরপুত্র, দেশপ্রেমী, তেজস্বী পুরুষ আশুতোষ মুখোপাধ্যায়। তাই দ্বারভাঙা হলের দোতলায় তাঁর মূর্তির নীচে দেশবাসী খোদাই করে লিখে দিয়েছে:

His noblest achievement surest of all the place for his mother tongue in stepmother's hall.

স্যার আশুতোষের পোষাক ছিল বিদ্যাসাগরের মতোই ধুতি আর ফতুয়া। চাদর সামলাতে পারতেন না বলে ধুতির উপরেই কোট! এই পোষাকেই গিয়েছেন বড়লাটের সঙ্গে দেখা করতে। তাঁর ওজস্বিতা, তাঁর ব্যক্তিত্ব, তাঁর সমুদ্রের মতো পাণ্ডিত্যের সামনে কেউ

* * বিশিষ্ট লেখক ও প্রাক্তন ছাত্র, বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর, কলকাতা-৬৩

চোখ তুলে কথা বলতে সাহস করত না। মেকলে সাহেব বেঁচে থাকলে তাঁকে স্বীকার করতে হত বাঙালির তেজস্বিতাকে তিনি চিনতে পারেননি।

সবার মনেই একটি প্রশ্ন জাগে, এমন কোমল হৃদয়ের বঙ্গজননীর কোলে, বাংলার নরম মাটির সবুজ প্রকৃতির নম্র অঙ্গনে এমন একজন দৃঢ়চেতা, অনমনীয় মেরুদণ্ডের মেধাবী সন্তানের জন্ম হল কী করে?

আশুতোষ তাঁর বাল্য ও কৈশোরের স্মৃতিকথা লিখে রেখে গেছেন, সেইসঙ্গে একটি সুন্দর বাঁধানো খাতায় প্রথম যৌবনের দিনলিপি। এই দিনলিপির মধ্যে পাওয়া যাবে ভবিষ্যৎ মেধাবী অপ্রতিদ্বন্দ্বী সারস্বত প্রতিভার অধিকারী আশুতোষের বড় হয়ে ওঠার প্রস্তুতি পর্বের প্রতিটি সোপান নির্মাণের অক্লান্ত পরিশ্রম। আমি একদিনের একটি দিনলিপির উল্লেখ করছি—

১৮৮৩-র নভেম্বর ১৫

''৬-টায় শয্যা ত্যাগ করেছি। যথারীতি সংস্কৃত পড়লাম বিশেষ করে ছন্দ; এটি এখন পুনর্গঠন প্রয়োজন। স্টেটস্‌ম্যান পড়া গেল। দুপুরে একটু ঘুমিয়ে নিয়েছি। Milton-এর Paradise Lost-এর ৮ম সর্গ সম্পূর্ণ শেষ করলাম, স্মৃতি থেকে প্রায় সবটাই আবৃত্তি করতে পারছি। কাকাবাবুর সঙ্গে Westfield Photographer-এ গিয়েছিলাম, ছবি তোলা হল, তাঁরা জানালেন negative চমৎকার হয়েছে। thaker's থেকে কাকাবাবুর জন্য Cotton's India কিনলাম এবং নিজের জন্য অন্যান্য বই কিনলাম। বাবার সঙ্গে হাঁটতে বেরিয়ে ছিলাম। রাত্রে Cambridge Problem 1883 পড়লাম। শয্যা গ্রহণ ৯.৪০-এ।''

যখন প্রেসিডেন্সি কলেজে আশুতোষ ছাত্র তখন গণিতে তাঁর গবেষণাপত্র Cambridge Messenger of Mathematics-এ প্রকাশিত হয়। তিনিই প্রথম ভারতীয় গণিতের বিষয়ে গুরুত্বপূর্ণ গবেষণা করেন। পৃথিবীর বিভিন্ন পত্র-পত্রিকায় তাঁর গণিতের উপর গবেষণাপত্র প্রকাশিত হতে থাকে। সি.ভি. রমন লিখেছেন, আশুতোষ মুখোপাধ্যায় আইনজ্ঞ হওয়ায় আমাদের দেশ পৃথিবীর মধ্যে একজন সেরা গণিতজ্ঞকে হারাল।

আশুতোষ বি-এ পরীক্ষায় সর্বোচ্চ নম্বর পেয়ে ঈষাণ স্কলারশিপ পেয়েছিলেন। ছমাস পরে এম-এ পরীক্ষায় গণিতে তিনি প্রথম শ্রেণিতে প্রথম হন। পরের বছর প্রেমচাঁদ-রায়চাঁদ বৃত্তি পান ও ফিজিক্সে এম-এ পাশ করেন। তিনিই প্রথম কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে দুটি বিষয়ে এম-এ পাশ করেন।

আশুতোষ গণিতের একজন গবেষক হতে চেয়েছিলেন। স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায় তাঁর জন্য বাৎসরিক চার হাজার টাকার একটা অধ্যাপক-পদ সৃষ্টির অনেক চেষ্টা করেন কিন্তু ব্যর্থ হন। শেষে প্রেসিডেন্সি কলেজে আশুতোষকে শিক্ষক পদে নিয়োগ করতে চেয়েছিলেন। আশুতোষ ইংরেজ অধ্যাপকের সমতুল বেতন দাবি করেন। চাকরি হয়নি। শেষে স্যার রাসবিহারী ঘোষের কাছে শিক্ষানবিশি করেন এবং আইন ব্যবসা শুরু করেন। দুবার তিনি কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি হয়েছিলেন। মাত্র চল্লিশ বছর বয়সে তিনি বিচারপতি হন। স্যার আশুতোষ কলকাতা বিশ্ববিদ্যালয়ের এক সমাবর্তন অনুষ্ঠানে বলেছিলেন— আমি একজন গণিতের গবেষক হতে পারিনি তাই আমি 'Drifted to law'।

১৮৮৯ সালে তিনি প্রথম কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেটের সব থেকে কম বয়সের সভ্য হলেন। সেই সময় তিনি প্রস্তাব দেন বাংলা কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তত একটি পত্র হোক। কিন্তু সেদিন তাঁর প্রস্তাব বাতিল হয়ে যায়। এরপর ১৯০৬ সাল থেকে ১৯১৪ চার বার এবং ১৯২১ সালে আবার উপাচার্য হন। ১৯২৩-এ স্যার আশুতোষকে শর্তসাপেক্ষে উপাচার্যের পদ প্রদান করার জন্য প্রস্তাব দেওয়া হলে তিনি সে প্রস্তাব প্রত্যাখ্যান করেন।

বাংলা ভাষার মর্যাদা প্রতিষ্ঠার জন্য উপাচার্য হিসেবে স্যার আশুতোষ মুখোপাধ্যায় যে অসামান্য ভূমিকা গ্রহণ করেন তারজন্য বাঙালি চিরদিন তাঁর কাছে ঋণী হয়ে থাকবে। আচার্য দীনেশচন্দ্র সেনকে আহ্বান জানিয়ে তিনি আনন্দের সঙ্গে বলেন, আপনারা প্রস্তুত হন, এবার কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলায় এম-এ ক্লাশ খুলব। রবীন্দ্রনাথের সাহায্য নিয়ে তিনি বাংলা প্রশ্নপত্র তৈরি করেন এবং বাংলা পাঠ্যক্রম বিষয়ে তাঁর সুপরামর্শ গ্রহণ করেন। নিজের ছেলে শ্যামাপ্রসাদ বি-এ অনার্সে ইংরেজি বিষয়ে প্রথম শ্রেণিতে প্রথম হন কিন্তু স্যার আশুতোষের নির্দেশে বাংলা বিভাগের মর্যাদা বৃদ্ধির জন্য শ্যামাপ্রসাদ এম-এ পড়েন বাংলায়।

স্যার আশুতোষের আগে কলকাতা বিশ্ববিদ্যালয় কেবল পরীক্ষা নিয়ামক ছিল। স্যার আশুতোষের উদ্যোগে এবং অক্লান্ত পরিশ্রমে কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রত্যক্ষভাবে উচ্চতর শিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়।

কেবল বাংলা ভাষা নয়, ভারতের বিভিন্ন প্রদেশের ভাষা ও সাহিত্যসমূহের উপর গুরুত্ব আরোপ করার জন্য তিনি ইন্ডিয়ান ভার্ণাকুলারস্— নামে একটি বিষয় এম-এর পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করেন।

তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেবল ভারতের মধ্যে নয় বিশ্বের মধ্যে বিশেষ মর্যাদায় প্রতিষ্ঠিত করতে চান। সেই উদ্দেশ্যে তিনি দেশ-বিদেশ থেকে নানা বিষয়ে ব্যুৎপত্তিসম্পন্ন বিদ্বজ্জনদের কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদে আহ্বান জানান। ব্রিটিশ সরকার আর্থিক অনুদান ও সাহায্যের প্রতিশ্রুতি পালন না করলে স্যার আশুতোষ নিজের উদ্যোগে, অর্থে ও পরিশ্রমে নতুন নতুন বিভাগ গড়ে তোলেন। তাঁর অনুরোধে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যোগ দিলেন আচার্য প্রফুল্লচন্দ্র রায়। তিনি গড়ে তুললেন রসায়ান বিভাগ। বিশ্ববিদ্যালয়ে যোগ দিলেন, জগদীশচন্দ্র বসু, জ্ঞানচন্দ্র ঘোষ, সি. ভি. রমন। এলেন ইতিহাসবিদ ভাণ্ডারকর, দার্শনিক সর্বপল্লী রাধাকৃষণণ, ব্রজেন শীল। স্যার আশুতোষের প্রবল উদ্যোগে নতুন নতুন বিভাগ যেমন, জীববিদ্যা, নৃতত্ত্ব, উদ্ভিদবিদ্যা, মনোবিজ্ঞান এবং আইন-কলেজ খোলা হল।

কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে তিনি রবীন্দ্রনাথকে সাম্মানিক ডি. লিট ডিগ্রি প্রদান করার জন্য ১৯১৩, ২৮ অক্টোবর সিন্ডিকেটের সভায় প্রস্তাব গ্রহণ করেন। এই সিদ্ধান্ত গ্রহণের পর খবর পাওয়া যায় যে রবীন্দ্রনাথ নোবেল পুরস্কার পাচ্ছেন। স্যার আশুতোষের দূরদর্শী সিদ্ধান্তে বাঙালি এক লজ্জার হাত থেকে মুক্তি পেল। আমাদের দেশের সব সম্মান পাওয়া যায় বিদেশ থেকে সম্মানিত হবার পর। আমাদের এই লজ্জার হাত থেকে বাঁচিয়েছিলেন স্যার আশুতোষ।

আচার্য দীনেশচন্দ্র সেনকে ডি. লিট ডিগ্রি দান স্যার আশুতোষের আর এক অনন্য কীর্তি। সেনেটের সভায় যখন তাঁকে ডি. লিট প্রদান নিয়ে ভোট হয় তাতে প্রথমে দেখা যায় প্রস্তাব বিপুল ভোটে নাকচ হয়ে গেছে। এরপর যখন স্যার আশুতোষ দীনেশচন্দ্রের বাংলাসাহিত্যে অবদানের কথা বিস্তৃতভাবে সভ্যদের সামনে ব্যাখ্যা করে তুলে ধরেন তখন দেখা যায় বিপুল ভোটে সেই প্রস্তাব সমর্থন পায়। রবীন্দ্রনাথকে তিনি ১৯২১ সালে নিজের মায়ের নামে 'জগত্তারিণী স্বর্ণপদক' প্রদান করেন।

শিল্পাচার্য অবনীন্দ্রনাথ সারা জীবন যত কাজ করেছেন তার যেটুকু যা অবশিষ্ট ছিল এমনকি তাঁর সংগৃহীত ছবি, 'কাটুম-কুটুম' সব শেষ জীবনে নিলামে বিক্রি করে দিতে চান। আর্থিক দৈন্য তাঁকে এমনভাবে মানসিক অবসাদের শিকার করে যে তিনি একটি হ্যান্ডবিল ছেপে সব নিলামে বিক্রি করার জন্য আবেদন করেন। একথা জেনেই স্যার আশুতোষ অবনীন্দ্রনাথের সঙ্গে সাক্ষাৎ করেন। তাঁকে বোঝান যে এই কষ্টের শিল্পকর্ম বেচে দিলে তিনি আর বাঁচবেন না। নীরব থাকেন এই অভিমানী শিল্পী। এতবড় শিল্প প্রতিভার এই পরিণতি হতে পারে না। স্যার আশুতোষ বললেন, আমি বিশ্ববিদ্যালয়ে আপনার চাকরির ব্যবস্থা করছি। আপনি হ্যান্ডবিল তুলে নিন। স্যার আশুতোষের আবেদন মতো কাজ করেন এই বিশ্বশ্রুত প্রতিভাবান শিল্পী। তিনি স্যার আশুতোষের কাছে এত কৃতজ্ঞ ছিলেন যে আশুতোষের মৃত্যুর পর এই মিতবাক শিল্পী বলেন—

''আজ তিনি (আশুতোষ) নেই এখন লুকোবার প্রয়োজনও নেই। আমি স্যার আশুতোষের চাকর ছিলাম।''

বাংলার সমস্ত বিদ্যোৎসাহী কর্মকাণ্ডের সঙ্গে স্যার আশুতোষ নিজেকে ব্যাপৃত রেখেছিলেন। এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল, ন্যাশানাল লাইব্রেরি প্রভৃতি প্রতিষ্ঠানে তাঁর অবদান সর্বজন স্বীকৃত। তিনি লন্ডন, প্যারিস, নিউইয়র্ক, এডিনবার্গ প্রভৃতি স্থানের ম্যাথমেটিকাল সোসাইটির সদস্য ছিলেন। প্রখ্যাত গণিতশাস্ত্রী গণেশপ্রসাদ মন্তব্য করেছেন যে ভারতবর্ষে ভাস্করের পর এত বড় গণিতজ্ঞের জন্ম হয়নি।

আইনের জগতেও তাঁর অবদান চিরস্মরণীয় হয়ে আছে। হিস্ট্রি অব জুরিস্প্রুডেন্স এবং সায়েনটিফিক ও অ্যানালিটিকাল জুরিসপ্রুডেন্স-এর উপর প্রতিষ্ঠিত তাঁর বিচারক হিসেবে রায় দৃষ্টান্তস্বরূপ উল্লেখিত হয়ে থাকে। শূদ্রদের জারজপুত্রদের উত্তরাধিকার সংক্রান্ত বিষয়ে তাঁর স্বীকৃতিদান বিশেষ উল্লেখযোগ্য। আইনের ছাত্র হিসেবে তিনি নিজের কৃতিত্বের পরিচয় দিয়ে ১৮৮৪, ৮৫, ৮৬ পরপর তিন বছর টেগোর ল স্বর্ণপদক লাভ করেন। তাঁর আইনের উপর এই ব্যুৎপত্তি বিচারক হিসেবে স্বীকৃত হয়েছিল।

তাঁর মেধা, কর্মোদ্যোগ, দেশপ্রেম, ওজস্বিতা সবকিছুর ঊর্ধ্বে ছিল তীক্ষ্ণ আত্মমর্যাদাবোধ। ১৯২৩ এ যখন স্যার আশুতোষকে আবার শর্তসাপেক্ষে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ গ্রহণের প্রস্তাব দেওয়া হয় তখন বাংলার গভর্নরকে একটি পত্র দিয়ে তিনি সে প্রস্তাব প্রত্যাখ্যান করেন। সেই চিঠির মধ্যে স্যার আশুতোষের তেজস্বিতার যে অনবদ্য দ্যুতি বিচ্ছুরিত তারই জন্য প্রধানত বাংলার মানুষ তাঁকে 'বাংলার বাঘ' নামে অভিহিত করে। তিনি লিখলেন:

"I send you without hesitation the only answer which an honourable man can send, an answer which you and your advisers expect and desire: I decline the insulting offer you have made to me."

সারস্বত প্রতিভার সঙ্গে চরিত্রের এই অনমনীয় দৃঢ়তা আজ প্রায় বিলুপ্ত। এ অবক্ষয় শুধু বাংলায় নয় সমস্ত বিশ্বেই বেদনার কারণ। তবু ভবিষ্যৎ প্রজন্মের কাছে এমন হিমালয় প্রতিম চরিত্র-মাধুর্য প্রেরণার চিরন্তন উৎস হয়ে থাকবে। স্বয়ং কবি রবীন্দ্রনাথ ১৯৩৯ এ স্যার আশুতোষের ১৫ তম প্রয়াণ বার্ষিকীতে যে প্রণাম জানিয়েছেন, সেই প্রণামে নত হই আমরা—

বাঙালির চিত্তক্ষেত্রে আশুতোষ
বিদ্যার সারথি
তোমারে আপন নামে সম্মানিত
করেছে ভারতী।
প্রবল প্রভাবে তব বঙ্গবাণী
বাহনের রথ
জ্ঞানঅন্ন বিতরণে লভিয়াছে
অন্তরের পথ
তব জন্মভূমি তলে। কবি সেই
বাণীর প্রসাদ
পাঠায় উদ্দেশে তব বঙ্গজননীর
আশীর্বাদ।

UNVEILING IN THE NEW PUBLIC SPHERE: NARRATIVES OF TRANSGRESSION BY MUSLIM WOMEN IN THE WORLD OF BLOGS

Tajuddin Ahmed*

The veil is certainly one of the most debatable issues in the domain of postcolonial and feminist studies. As much as the veil is an article of clothing, it is also a concept, often performing the role of an emblem. Miriam Cooke in her important work *Women Claim Islam: Creating Islamic Feminism through Islam*, has foregrounded the shifting significance of the act of veiling/ unveiling through an account of an event in which Muslim women had to witness helplessly as the connotations of veiling changed rapidly. It involves two middle-class female professors from Kabul, Fatima and Zaynab, immediately before the Talibans came to power on September, 1996. Zaynab had decided to put on her ritual scarf as she was confident that the choice was with her. But Fatima thought otherwise and she accused Zaynab of false consciousness.

> Zaynab retorted that Fatima had not understood her. She was sanguine that the veil could not be used against her since it was she who had freely chosen to assume it. ..."I might take it off tomorrow!" They turned on the radio Kabul: the Taliban have come to power. One of their first acts is to curtail women's rights: women must be totally covered... (Cooke 124)

Veiling; Shifting and Ambivalent Connotations

Scholars of cultural studies regard veil as a symbol of both oppression and resistance, of empowerment and helplessness. In the emergent scholarship on the marginal and marginality, the issue of veiling is interpreted in conjunction with the arguments involving identity, colonialism and patriarchy. Jennifer Heath in her study *The Veil: Women Writers on Its History, Lore, and Politics* has pointed at the variations and contradictions with which the idea of veiling is riddled. According to her, the veil can be, "illusion, vanity, artifice, deception, liberation, imprisonment, euphemism, divination, concealment, hallucination, depression, eloquent silence, holiness, the ether beyond consciousness, the hidden hundredth name of God, the final passage into death, even the Biblical apocalypse, the lifting of God's veil, signaling so-called end times" (3). In the Indian context, the practice of purdah, equivalent to the idea of veiling, is not just laced with ambivalence and contradiction. It "is not merely a form of dress or custom, but is indicative of a whole social system" (Jain 1). Eunice Desouza in the introduction to her seminal work *Purdah: An Anthology* has pointed at the heterogeneity of the factors which have contributed to the survival of the practice and are therefore indicative of the complexity of this religio-cultural practice: " A wide variety of reasons for purdah exists: religious injunction, notions of female behaviour, group solidarity and defensiveness about identity, the control of sexual impulse in men and women, status, family honour and respectability, and, where women have

* Assistant Professor, Department of English, Aliah University, Kolkata

property rights, the fear that misalliances would lead to the depletion of property" (xii). Jasbir Jain and Amina Amin have argued that purdah or veil has come to stand for the dividing line between tradition and modernity and has inherited the complex value structures associated with the word tradition. But Jain and Amin have also drawn attention to the fact that, the concept and practice of veiling, "carries both positive and negative connotations" (vii).

This ambivalence and alterations in the significances of veiling can easily be understood from the recent history of Iran. During the regime of the Shah, when the state encouraged and sponsored the westernized manner of life women removed their veils as a sign of modernization programme. Later, when there was opposition to the reign of Shah in all spheres of private and public life, women once again started to wear the veil as an expression of their resistance. However, even after the establishment of the Islamic state, Iranian women continued to wear veils as they were continuously reminded of the honour of the nation which according to the Islamic state depended on these women remaining veiled. Today, for the Iranian women, "veiling demonstrates submission to a new nationalistic state" (Bulbeck 32). Orhan Pamuk's novel *Snow* depicts the plight of some young Turkish women from the provincial border-town of Kar. Mostly students in colleges and university they had committed suicide after being forced to remove their *hijab* or headscarf. The novel problematizes the essentialist readings, preferred by both the Secularists and the Islamists as such readings of this religio-cultural custom fit well to their own scheme of things. In the Indian context, the Begum of Bhopal's gradual change in attitude towards veiling is emblematic of the way educated Muslim women tried to negotiate the diverse significances of veiling. In 1922 she opposed any possibility of Muslim girls shedding purdah and attending co-educational schools. Several years later, she would declare in a report to the All India Women's Conference: "The present strictness of purdah system among Muslims does not form part of their religious obligations. The Mussalmans should coolly and calmly decide whether by respecting a mere custom they should keep their women in a state of suspended animation" (qtd. in Lateef 78). Finally, in 1929, when she presided over AIWC session, she removed her veil in a public and symbolic gesture. In this backdrop of shifting significances one can easily understand that the physical gesture of unveiling is inseparably linked to the idea of unveiling of the mind. Not surprisingly Fatima Mernissi, feminist writer from Morocco and one of the most important contemporary Muslim sociologists, explicates her plan of calling into question the patriarchal reading of the Holy Quran with an image of lifting a veil: "So let us raise the sail and lift the veil - the sails of the memory-ship. But first let us lift the veils with which our contemporaries disguise the past in order to dim our present" (Mernissi 11). Mernissi's almost-lyrical declaration to " raise the sail" and "lift the veil" echoes the same strength of resolve that was heard in the slogan raised by Nawal El Sadwai, Egyptian feminist writer, activist, physician and psychiatrist, a slogan that later became the mission of the Arab Women's Solidarity Association : "Removing the veil from the mind" (qtd. in Cooke 134).

Removing the Veil from the Mind: The Activities in the Virtual World

Taking cue from this idea of "removing the veil from the mind", one can locate another form of unveiling taking place in the world of weblogs and the principal participants in this act which denotes an intention to be visible to and be heard by the wider world are Muslim women. Innumerable posts

গোল কুঁড়েঘর। আফ্রিকার একটা গ্রাম। ঘুড়িটা কোনভাবে ছিঁড়ে গেল আর নীচে পড়তে থাকল। উড়োজাহাজ উড়ে চলে গেল। ঘুড়িটা পড়তে পড়তে একটা নারকোল গাছে এসে আটকে গেল। এদিকে গাঁয়ের একটা ছোট্ট বাচ্চা কালো ছেলে নারকোল পাড়তে গাছে উঠে এই অদ্ভুত, ভয়াল দর্শন জিনিসটা দেখতে পেল আর অমনি বিকট চিৎকার করে গাছ থেকে প্রায় পড়ে গেল। তার মা বাবা, প্রতিবেশীরা সবাই ছুটে এল এবং ভয়ে কাঁপতে কাঁপতে আলোচনা করতে থাকল যে এবারে তারা কি করবে? শেষে তারা গ্রামের ওঝাকে ডেকে পাঠাল। নানান পালকে সুসজ্জিত হয়ে, সঙ্গে বাজনদার নিয়ে ওঝা এল। এসে বলি দিয়ে, মন্ত্র পড়ল, তারপরে তার সবথেকে শক্তিশালী সঙ্গীকে গাছে উঠে 'জিনিস'টা পাড়তে বলল। গভীর শ্রদ্ধার সঙ্গে সে সেটা পেড়ে আনল। তারপর ওঝা গ্রামের সবাইকে নিয়ে শোভাযাত্রা করে সেই নারকোল গাছ থেকে গ্রামের পবিত্র সমাধিক্ষেত্রে গেল যেখানে সেই 'জিনিস'টাকে পোঁতা হল এবং আজও নাকি সেটা ভক্তিভরে পুজো করা হয়।

ঐ সমস্ত চকচকে বই, যেগুলো হয়ত মা বাবারা তাঁদের ছেলেমেয়েদের জন্মদিনে উপহার দিয়ে থাকেন, সেই সমস্ত দামি, বাইরে থেকে আমদানি করা ছোটদের বইগুলোর মধ্যে এই গল্পটাই সব থেকে নাটকীয় ছিল। যেগুলো বাইরে থেকে খুব সুন্দর দেখতে কিন্তু আদতে খুবই নিম্নমানের। ফলে যখন আচিবির বন্ধু, নাইজিরিয়ার ক্রেমব্রীজ ইউনিভার্সিটির প্রতিনিধি কবি ক্রিস্টোফার ওকিবো সেই সময় তাঁকে, তাঁদের জন্য একটা ছোটদের বই লিখতে বলেন, আচিবি নির্দ্বিধায় রাজী হয়ে যান। কারণ এর প্রয়োজনীয়তা এবং গুরুত্ব তিনি সম্যক উপলব্ধি করতে পারছিলেন। অতএব এই সময় তিনি লেখেন 'চিকি আর নদী' আর বইটি উৎসর্গ করেন চিনেলো আর ওনার সমস্ত ভাইপো, ভাইঝি, বোনপো বোনঝিদের।

এ প্রসঙ্গে তিনি এটাও বলেন যে ''আমি সবকিছু খুব সহজ করে ফেলছি। শিশুরা ছোট হতে পারে, কিন্তু ছোটদের বই লেখা মোটেও সহজ নয়। ('দ্য এডুকেশন অভ দ্য ব্রিটিশ প্রোটেক্টেড চাইল্ড' পৃ ৬৮-৭১)। একটি ছোট বুদ্ধিমান, সাহসী ছেলেকে কেন্দ্র করে কাহিনি গড়ে উঠলেও, চিকির গল্প কিন্তু উদ্বিগ্ন, প্রাপ্তবয়স্ক পাঠকের কাছেও অর্থবহ।

গল্পের শুরুতে মাকে ছেড়ে, নিজের গ্রাম ছেড়ে চিকি কাকার সঙ্গে পাড়ি দেয় শহরে। কেঁদে ফেলে যাওয়ার সময়। কিন্তু মা বোঝায় যে সে এখন বড় হয়ে গেছে। ('চিকি আর নদী', পৃ ১০)। ব্যস চিকি চোখ মুছে নেয়। তারপর নিজের বাক্স নিয়ে কাকার পেছন পেছন চলে চিকি। লরি ধরে শহরে পৌঁছতে হবে তো! আর সেই লরি ধরার জন্য আবার হাঁটতে হবে আধ মাইল। যাই হোক, এই যাত্রার শেষে এসে পৌঁছয় চিকি কাকার বাড়িতে। কেমন বাড়ি?

''পঞ্চাশটা লোকের বাড়িটায় উঠোনে দুটো মাত্র পায়খানা। একটা বড়োদের, আর একটা বাচ্চাদের। দুটোই নোংরা, বাচ্চাদেরটা তো জঘন্য। বিশাল-বিশাল মাছিতে ভর্তি, এত বড়ো মাছি উমুওফিয়ায় কোনোদিন দেখেনি চিকি। ঘেন্নায় রি-রি করে গা। চিকি তাই বেশ বুঝে ফেলেছে, বড়ো শহর হলেই যে সেটা গাঁয়ের চেয়ে সবসময়ে ভালো হবে, এমন কোনো কথা নেই।'' ('চিকি আর নদী', পৃ ১৬)। চিকির বন্ধুত্ব হয় কাকার কাজের লোক মাইকেলের সঙ্গে। সে তাকে কাজে সাহায্যও করে। শ্রেণী বিভাজনের সামাজিক সীমারেখা ছোটদের ভালভাবে রপ্ত হয় না বলেই কি এই 'কাজের লোকের' সঙ্গে তাদের বন্ধুত্ব হয় বারবার? নাকি 'ছোটলোক' বলে পরিচিত এই সব নিম্নবর্গের প্রান্তিক মানুষের সঙ্গেই 'ছোট'রা বেশি একাত্ম বোধ করে তাদের নিজেদের প্রান্তিক অবস্থানের জন্যই! তবে, কাজের লোক কিন্তু ভোলে না উভয়ের শ্রেণীগত পার্থক্য। তাঁরা বয়সে এবং অভিজ্ঞতায় 'বড়' কিনা! অবস্থার ফেরে বিত্তবান মনিবের আর্থিক অবস্থা যতই খারাপ হোক না কেন, তাতে শ্রেণীগত বিভাজন যে মুছে যায় না, এ তাঁরা ভালোই জানে!

বড়দের কথা এবং কাজের অসংগতি, নিজের স্বার্থ সিদ্ধির জন্য নানারকম কথা বলা এসবই ছোটদের কাছে ধরা পড়ে যায় কিন্তু তারা বড়দের মত কোন উপদেশ শোনাতে বসে না। চিকির গল্পে যেদিন ইশকুল চত্বর ধোয়া মোছা করছিল সবাই, ছুটির আগের দিনে সেখানে একটা ঘটনা পাওয়া যায়, যার মূল বক্তব্য অতিরিক্ত কৌতূহল ভালো নয়। কাজেই হেডস্যার যখন হঠাৎ 'আব্রাহাম' বলে ডেকে উঠলেন, তখন যাদের নাম আব্রাহাম নয় এমন কিছু ছেলে উঠে দাঁড়িয়ে দেখতে গেল ব্যাপারটা কি? আর ফাঁদে পা দিয়ে দিল! আব্রাহাম নামে আসলে সেখানে কেউই ছিল না। যেসব ছেলেরা অতিরিক্ত কৌতূহল দেখালো তাদের পাঠানো হল এক মিশনারির সঙ্গে অকিকপের গ্রামে। তার মালপত্র বয়ে নিয়ে যাওয়ার জন্য। হেডমাস্টারমশাই জানালেন যে ''অতিরিক্ত কৌতূহলেই তোমাদের এই হাল' আর ওদের শোনালেন 'সেই বেজায় কৌতূহলী' বাঁদরটির গল্প যার মাথায় বুলেট বিঁধে গিয়েছিল।'' ('চিকি আর নদী', পৃ ২৩)।

শেষে দেখা যাবে যে অতিরিক্ত কৌতূহল আর সাহসই চিকির সাফল্যের অন্যতম কারণ অথচ হেডমাস্টারমশাই এই কৌতূহলের জন্যই 'শাস্তি' দিলেন বাচ্চাদের! সন্ধ্যেবেলা পরীক্ষার ফল জেনে ফেরার সময় চিকির মনে পড়ে একবার স্কুলের 'গবেট' ছেলেরা বুদ্ধি বাড়বে বিশ্বাস করে একজন দুষ্টু লোকের কাছ থেকে বাজে কতগুলো বড়ি কিনে খেয়েছিল আর পরীক্ষায় তারা সবাই বিশ্রীভাবে ফেল করেছিল। কেমন পাগলের মত আর রোগা হয়ে গিয়েছিল। সবাইকে হাসপাতালে পাঠাতে হয়েছিল। তারপর যখন সেরে গিয়েছিল তখন একজন স্যার ওদের নিয়ে লিখেছিলেন— ''একটি ছিল গবেট ছেলে এই আমাদের ক্লাশে, ... ফল বেরোলেই পষ্ট হলো, লাস্ট হয়েছেন ক্লাশে।'' ('চিকি আর নদী', পৃ ২৫)। সেই মজায় অবশ্য তিনজন 'গবেট'ও যোগ দিয়েছিল। এখানেই আবারও বেরিয়ে আসে সেই স্বাভাবিকতা আর সহজ ব্যাপার! একজন শিক্ষক ব্যঙ্গ করে ছাত্রের নামে ছড়া লিখলেন আবার সেই ছাত্ররাও তাতে যোগ দিল! যেন 'বড়'দের স্বাভাবিক অধিকার এসবে। এখানে 'ঠিক-বেঠিক', 'পলিটিক্যালি করেক্ট' মূল্যবোধের কোন ব্যাপার আসে না কারণ চিকির বাস্তব দুনিয়ায় সে সবের বালাই প্রায় নেই বললেই চলে। সেই জন্যই যখন সে কুড়িয়ে পায় ছটা পেনি, তখন কোন দ্বিধা থাকে না সেটাকে দ্বিগুণ করে ফেলার ইচ্ছে পোষণ করতে। তারপরে সেই ছ'পেনি নিয়ে সে প্রিয় বন্ধুর দ্বারস্থ হয়ে। কারণ এটাকে দ্বিগুণ করতে না পারলে তো আর নাইজার পেরোন যাবে না। স্যামুয়েল জাদুকরের কাছে গিয়ে পয়সা দ্বিগুণ করে নিতে বলল আর পয়সা যখন দ্বিগুণ হয়েই যাবে তখন তার থেকে কিছু নিয়ে বনমোরগের সিদ্ধ ডিম আর 'সূয়া' নামে বিশেষ ধরনের শিককাবাব খেয়ে ফেলতে কোন ক্ষতি নেই! তিন পেনিকে ছ'পেনি আর ছ'পেনিকে একশিলিং করে ফেললেই হল! আবার কি? অতএব চিকি আগে যা কখনো করেনি, তাই করে। তিন পেনি খরচা করে আর আস্ত একটা শিককাবাব খায়— একা! স্যামুয়েল 'রাস্তা'র ছেলেদের মত খেতে খেতে হাঁটার কথায় ভীষণ বকুনি দেয় চিকিকে। তাই তারা কাছেই একটা আমগাছের ছায়ায় বসে খায়। খেতে খেতেই চলতে থাকে স্যামুয়েলের সঙ্গে আড়ি ভাব আবার আড়ির কৈশোরপর্ব যেখানে বন্ধুত্ব হল সব থেকে মূল্যবান। আচিবি নিজের কৈশোরে প্রথমবার ওনিৎশায় আসার বিবরণ দিয়েছেন তাঁর 'দ্য এডুকেশন অভ এ ব্রিটিশ প্রোটেক্টেড চাইল্ড' প্রবন্ধে। ওনিৎশা একটা জাদু শহর আর সেটা একদম সত্যি। একে তো এখানে আছে নাইজার নদী। তাছাড়া প্রথমবার গ্রামের ঘাট থেকে পকেটে পয়সা নিয়ে একটা বড় শহরে এসে স্বাধীনতার আনন্দটাও অন্যরকম। আর সেটা পূর্ণরূপে উপভোগ করতে গিয়ে তিনি আধ পেনি দিয়ে কেনা অনেকটা চিনেবাদাম একাই খেয়ে ফেলেন আর তারপর যেটা হয়েছিল, তার ফলস্বরূপ এর বহুবছর বাদেও চিনে বাদামের নাম শুনলেই তাঁর পেটে ব্যথা হত!'' (পৃ ১৫)। চিকির এই স্বাধীনতা উপভোগ করার মাধ্যমে যেন বা সেই স্মৃতি ফিরে আসে একটু একটু।

জাদুকরের কাছে চিকিকে একাই যেতে হল কারণ স্যামুয়েল গেল অসুস্থ মাকে দেখতে। তার মায়ের হয়েছে বাতের ব্যথা যা কিনা 'বড়'দের হয়। নিজেকে প্রফেসর চ্যান্ডাস বলা জাদুকর আসলে ''একটা বেঁটে লোক, খয়েরি হয়ে যাওয়া একটা আলখাল্লা তার পরনে। প্যান্টটা বেঢপ। তেরপলের মতো শক্ত একরকম জিনিসে তৈরি— বসতে গেলেই খড়মড় করে আওয়াজ হয়।'' আর তারপরে জাদুকরের সঙ্গে চিকির নানা কথাবার্তা হল। উনি তো তিন পেনিকে দ্বিগুণ করতে হবে শুনে হেসেই অস্থির হয়ে গেলেন আর তারপরে চিকিকে ভালো লেগেছে বলে তাকে নাম জিজ্ঞেস করেন আর বলেন, ''চিকি। বাঃ বাবা কী করেন?' 'বাবা নেই', উত্তর দেয় চিকি। 'জানতাম, দেখলাম একবার পরখ করে।'' ('চিকি আর নদী', পৃ ৩৪)। আর চিকিও অবাক হয়ে যায় জাদুকরের এই ক্ষমতা দেখে! তারপর প্রফেসর চ্যান্ডাসের ম্যাজিকে অভিভূত হয়ে সে যা বলে তাতেই বিশ্বাস করে চিকি আর পরের দিন সকালে উঠে বুঝতে পারে, ঠকেছে সে। সারা সকাল মন খারাপ করার পরে দুপুরে সে গেল বন্ধুর বাড়িতে। ছোট ছোট বিষয় এত সাবলীলভাবে বলা হয়েছে এই কাহিনীতে যে নিজেদের ছোটবেলার কথা মনে পড়ে যায়। বন্ধুর বাড়ি গিয়ে তাদের সঙ্গে এক টেবিলে বসে যাওয়ার মজাটাই তো আলাদা! চিকি স্যামুয়েলের বাড়ি গিয়ে স্যামুয়েলের সঙ্গে বসে গেল গারি আর ওকারোর ঝোল খেতে। ''ঝোলের মধ্যে মাছের পরিমাণটা লক্ষ করে জিভ সুড়সুড়'' করছিল চিকির। আর যখন এস. এম. ও. জি.-এর সঙ্গে তার বাবাও একটু খেতে বলল, তখন সে দিব্যি বসে জামায় একটুও দাগ না ফেলে খেয়ে নিল। ('চিকি আর নদী', পৃ ৩৮)। তারপরে দুজনে যায় জাদুকরের বাড়ি। সে বেমালুম অস্বীকার করে সব কিছু। উল্টে এমন ভয় দেখায় যে দুজনেই টেনে দৌড় লাগায়। এইভাবেই জীবনের শিক্ষা ঠেকে শিখতে থাকে চিকি। কুড়িয়ে পাওয়া পয়সা দিয়ে তার কাজ হয় না। অতি লোভে, কাজ না করেই পয়সা বাড়ানোর ইচ্ছেও কার্যকর হয় না।

লোভের পরিণাম যে ভাল হয় না তা 'বাঁশি' গল্পটিতেও দেখতে পাই। 'বাঁশি' গল্পটি পড়তে গিয়ে প্রতিপদে মনে পড়ে যায় বাংলার দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের 'সুখু আর দুখু'র গল্প। অথবা প্রচলিত কাঠুরিয়া আর জলদেবতার গল্প এবং বোধহয় এর মিল রয়েছে পৃথিবীর অধিকাংশ ভাষায় ছোটদের জন্য সৃষ্ট হওয়া বিভিন্ন রূপকথা, উপকথা, লোককথার সঙ্গে। আসলে এখানেও সেই কিছুটা 'মান্য করা' আর 'ভাল' হওয়ার উপদেশ। তবে এই কাহিনীতে হয়ত বা রয়েছে মূল কথাটি। আসল হল ক্ষমতাকে মান্য করা আর নিজের লক্ষে অটল থাকা, সৎ থাকা।

নারীনিসর্গনীতিবাদী তত্ত্ব শিশু-কিশোর কেন্দ্রিক সামাজিক মূল্যবোধের ধারণাকে শুধুমাত্র বৃহত্তর সমাজের অংশ হিশেবেই দেখার পরিবতর্তে একজন আলাদা অন্যরকম ব্যক্তি হিশেবেও ছোটদের জন্য নৈতিক চিন্তাভাবনার কথা বলে থাকে। ঠিক যেমন নারীনিসর্গনীতিবাদ একটি সামাজিক আন্দোলন হিশেবে সামাজিক অতি-সরলীকরণের বিরোধিতা করে বিশ্বের নারীসমাজের বৈচিত্র্যের সমৃদ্ধিকে সমর্থন করে এবং সেই বৈচিত্র্যের মধ্যেই একটি সংহতি খুঁজে বের করার চেষ্টা চালিয়ে যায়, তেমনই এখানে শৈশবের ধারণাও বহুমুখী ও বৈচিত্র্য ভরপুর। আলোচ্য কাহিনীগুলিতে এর প্রতিফলন দেখা যায়। নারীনিসর্গনীতিবাদ একটা মূল্যবোধের পরিকাঠামোর সংজ্ঞা নিরূপণের মাধ্যমে ছোটদের সহযোগিতা কাজে লাগিয়ে তাদের আস্থা পুনরার্জনের একটা সুযোগ করে দেয়। এই সংজ্ঞার ভিত্তিতেই ছোটদের জীবনের বাধাবিপত্তি এবং জটিলতা সমূহের মোকাবিলা করা যাবে মনে করা হয়। লালনপালন এবং ক্ষমতায়নের চিন্তা বাঁধা রয়েছে সম্পর্ক, বহুমুখীনতা, অন্তর্ভুক্তি এবং রূপান্তরের মত পারস্পরিক সমর্থনকারী বিষয়গুলির সূত্রে। আমরাও এই পারস্পরিক সূত্রেই সেই পৃথিবী যেখানে ছোটদের প্রয়োজন ও চাহিদার উত্তর দেওয়া এবং তাদের অবদান গ্রহণ করা হবে তা গড়ার কাজে সমর্থন পাই। চিকি যখন সবাইকে জানাল যে পাহারাদার মিথ্যে বলছে তখন কিন্তু পরিষ্কার করে বলা আছে যে একটা ছোট ছেলের কথায় কেউ হয়ত কান দিত না। কিন্তু গণ্ডগোল করল পাহারাদার। সে গিয়ে চিকির গলা চেপে ধরে অতিরিক্ত বাড়াবাড়ি করে ফেলল বলেই সবাই প্রাপ্তবয়স্ক লোকের এই আচরণে ব্যাপারটা ভাল করে বোঝার চেষ্টা করল বলেই চিকির কথাকে গুরুত্ব দিল তারা। ('চিকি আর নদী', পৃ ৫৮)। কাজেই দেখা এবং বোঝা গেল যে, বড়দের স্বাপেক্ষে, বড়দের আচরণের ওপরেই নির্ভর করে ছোটদের কথা গুরুত্ব পাবে কি পাবে না!

চিকির গল্প প্রসঙ্গে আচিবি বলেন ''চিকি আমার প্রথম ছোটদের জন্য লেখা বই। ছোটদের জন্য জন্য লেখাটা আমি খুব উপভোগ করি। আমার কাছে এটা খুব গুরুত্বপূর্ণ। এটা একটা চ্যালেঞ্জ যেটা বারবার গ্রহণ করতে ভালো লাগে কারণ সম্পূর্ণ অন্যধরনের এক মানসিকতার প্রয়োজন হয় এই কাজে। আমাকে সম্পূর্ণভাবে একটা বাচ্চার মনোজগতে ঢুকে পড়তে হয় যেটা খুবই লাভজনক। আমার মনে হয় প্রত্যেকেরই এটা কোন না কোনভাবে করা উচিত। সবাইকে যে গল্প লিখতেই হবে তার কোন মানে নেই, কিন্তু আমাদের বারবার শৈশবে ফিরে যাওয়া উচিত। আর যখন তুমি ছোটদের জন্য লিখবে তখন কিন্তু শুধুমাত্র বাচ্চার মত করে ভাবলে হবে না, আমার মনে হয় সেই সময়টুকুর জন্য তোমাকে একটা বাচ্চা হয়ে যেতে হবে।''

আচিবির বিশ্বাস, বাচ্চা মানুষ করতে গিয়ে আসলে বড়রাই শেখে। বাবা হিসেবে সেটা তিনি জানেন এবং মনে করেন যে সেটা একধরনের বিনম্রবোধের জন্ম দেয়। এটা খুব বাস্তব একটা বিষয়। কিন্তু, তার মানে এই নয় যে সবকিছুতেই ছাড় দেওয়া যাবে এবং একটি বাচ্চাকে কখনোই শুধরে দেওয়া চলবে না। কারণ, আমরা সেই সব বহুবছর ধরে প্রাপ্ত অভিজ্ঞতায় ভর করে কথা বলছি যা বাচ্চার পক্ষে জানা একপ্রকার অসম্ভব প্রায়। (কট, পৃ ৮৬)।

আচিবির দুটি আলোচ্য গল্পেই এই মনোভাবের প্রতিফলন দেখা যায়। বাচ্চা আসলে পূর্বপুরুষের প্রতিনিধি এবং অন্য জগত থেকে এসেছে, এটা মেনে নিলেই সেই জগতের সঙ্গে নিজের পরিচয় আরেকবার ঝালিয়ে নেওয়া যায়। তাঁর মতে এভাবে ভাবাটা বেশ ভালো কারণ আসলে এগুলো আমাদের অভিজ্ঞতার রূপক। আমরা সত্যিই জানি না কিন্তু। আমরা শুধুমাত্র শব্দকে ছবির মত ব্যবহার করতে চেয়ে আমাদের সঙ্গে নিয়মিত মোলাকাত হতে থাকা আবছা অথচ জোরালো ধারণাগুলোকে বলার চেষ্টা চালিয়ে যাই। আচিবি জানান (কট, পৃ ৮৫-৮৬) যে, অতীতে তাঁর সমাজে, একটি বাচ্চা জন্মালে, তার বাড়ির লোকেরা একজন দৈবজ্ঞের কাছে জানতে যেত যে, কোন পূর্বপুরুষ এই শিশুটির মাধ্যমে আবার এলেন? তারা জানতে চাইত যে এই নতুন আগন্তুক কি এই শিশুটির বাবার বাবা? নাকি বাবার ঠাকুর্দা?

অতএব শিশুটি মোটেই নতুন নয়। আর তার পরিচয় জানার পরে তাকে সেই শ্রদ্ধা আর সম্মান দেওয়া হত। আচিবি জানেন না যে ঠিক কি পদ্ধতিতে এটা নির্ধারণ করা হত এবং এটাও জানেন না যে এর অর্থ কি এই যে একেবারে অবিকল সেই পূর্বপুরুষটিই আবার জন্মগ্রহণ করেছেন নাকি তাঁর স্বভাব চরিত্র বৈশিষ্ট্য এই শিশুটি পেয়েছে? এটা তাঁর কাছে এবং সবার কাছেই একটা রহস্য। কিন্তু তিনি বলতে চান যে, প্রতীক হিশেবে এগুলোই প্রচলিত। বাচ্চারা তাদের ঠাকুরদার মত হয়, বাবার মত নয়। এবং প্রায়ই দেখা যায় যে ঠাকুরদার সঙ্গে নাতিনাতনির সম্পর্ক অনেক বেশি কাছের এবং মধুর হয়। ইবো সমাজের বিশ্বাস যে পূর্বপুরুষের অন্য জগত এবং মানুষের দুনিয়ার মধ্যে এই যে নিরন্তর যাতায়াত যার ফলে সেই অন্য দুনিয়া সম্পর্কে জানা যায়, তা ঘটে কিন্তু শিশুটির মাধ্যমেই। কারণ সে সেখান থেকে আসছে। যে সমস্ত বৃদ্ধ মানুষ সেই জগতে চলে যাচ্ছেন, তাদের পরিবর্তে ছোটরাই সেই দুনিয়া সম্পর্কে বেশি জানে কারণ তারা সদ্য সেখান থেকে তাদের অভিজ্ঞতা নিয়ে এসেছে।

পরিবার যেন ছোটদের কাছে এবং অবশ্যই সমাজের কাছে অদৃষ্টের মতই অমোঘ। বড়-ছোট সম্পর্কের বিন্যাসে পরিবার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে রয়েছে। কারণ সেখানেই রয়েছে পারস্পরিক নির্ভরতা, সমঝোতা, ভালবাসা। চিকির পরিবারে 'বড়'রা মোটেই আদর্শ ভালমানুষ নন। যেমন চিকির কাকা। তিনি ভারি কড়া মেজাজের। ''কথাটথা প্রায় বলেনই না। হাসিও নেই; হাসতে দেখা যায় তখনই যখন প্রতিবেশী মিস্টার এন্ওয়ানা কি অন্য কোন বন্ধুবান্ধবের সঙ্গে বসে তালের রস কি আর কোন ঠান্ডা পানীয় তিনি খান। অন্য ছেলেমেয়েদের সঙ্গে চিকিও যদি খেলা করে, ওঁর খুব আপত্তি, এটা নাকি সময়ের অপব্যয়। তাঁর মতে ছোট ছোট ছেলেমেয়েরা সবসময়ে কেবল বই পড়বে কিংবা অঙ্ক কষবে ব্যস!'' ('চিকি আর নদী', পৃ ১৪)। অতএব দেখাই যাচ্ছে যে, চিকির কাকা একদম যেন সেই 'বড়'দের মত যারা শুধু বড় হয়ে যাওয়ার জন্যই ছোটদের ওপরে কর্তৃত্ব ফলানোর অধিকার পেয়ে গেছেন বলে মনে করেন। কাকার কাছে নদী পার হওয়ার পয়সা চেয়ে জোটে কাকা আর মিস্টার এন্ওয়ানার কাছ থেকে ব্যঙ্গ। তবু বিশ্বাস হারায় না চিকি। ঠেকে শিখে এক এক করে লোভ, অহংকার, চালাকির অন্তঃসারশূন্যতা বুঝতে পারে সে।

নৈতিক মূল্যবোধের মধ্যে কিন্তু রয়েছে পারস্পরিক বিশ্বাস। আচিবি এটা মানেন যে অল্পবয়সী পাঠকের প্রতি শিক্ষকের ভূমিকা পালনের দায় তিনি এড়াতে পারেন না। তিনি জানান, ''আমার অধিকাংশ পাঠকই অল্পবয়সী। তারা হয় স্কুল অথবা কলেজে পড়ছে অথবা সদ্য কলেজ পাশ করেছে। এবং তাদের অনেকেই আমাকে একপ্রকার শিক্ষক হিসেবেই দেখে।'' ('দ্য নভেলিস্ট অ্যাজ টীচার', পৃ ৪১)। চিকির গল্পে তাঁর শিক্ষকের ভূমিকা নিয়ে সন্দেহের অবকাশ থাকে না। ফাঁকি দিয়ে যে কোন কাজ আসলে হয় না সেই শিক্ষা এ কাহিনীর প্রতি মুহূর্তে। ধৈর্য, অধ্যবসায়, পরিশ্রম আর সাহসের কোন বিকল্প নেই একথা প্রমাণ হয় বারবার। শেষমেশ, চিকি কোন চালাকি অথবা শস্তায় বাজিমাতের পরিবর্তে, নিজের বুদ্ধি আর পরিশ্রমেই অর্জন করে নেয় তার স্বপ্ন সফল করার জন্য একটা শিলিং।

আচিবির মতে স্বার্থত্যাগ, অহং, গর্ব, লোভ, জীবন-মৃত্যুর অর্থ— এই ধরনের সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়ে গল্প বলা হচ্ছে সমাজের সর্বাপেক্ষা কম তাৎপর্যপূর্ণ সদস্য ছোটদের, এবং সেটা কিন্তু তাদের জন্য খুব চমৎকার বিষয়। বাচ্চারা সবসময়েই জানতে চায় যে কে এই দুনিয়া সৃষ্টি করল? কিভাবে কিছু মানুষ কষ্ট পায়? কে মৃত্যু সৃষ্টি করল?... আসলে প্রায়শই, আমরা তুচ্ছ সব বিষয়ের জালে আটকে পড়ি... অন্যদিকে চলে যাই। কিন্তু মূল প্রশ্নটা এখনো একই রয়ে গেছে এবং মূলত এগুলো নিয়েই ছোটদের গল্পের কারবার।

'বাঁশি' গল্পটিতে একটি লোকের দুটি স্ত্রী। প্রথম স্ত্রী স্বামীর অনুগত। ছেলেটিও বাবা মায়ের বাধ্য। কিন্তু বাঁশি আনতে গিয়ে সে বজায় রাখে নিজের জেদ। অপরদিকে দ্বিতীয় স্ত্রী স্বামীর অনুগত নয়, লোভী এবং সে বাধ্য করে তার ছেলেকে ভূতের রাজ্যে যেতে। এই ছেলেটি কিন্তু মায়ের কথা শোনে। অথচ শাস্তি পায় সে। আসলে প্রথম ছেলেটি বাবা মায়ের কথা অমান্য করলেও সে মেনেছিল মানুষের থেকেও বড় ভূতের রাজার কথা। আর মেনেছিল কিছু মানবিক মূল্যবোধ। আর দ্বিতীয় ছেলেটি মায়ের কথা শুনলেও অমান্য করেছিল ভূতের কথা। মানেনি কিছু মানবিক মূল্যবোধ। ভূতের নির্দেশ অমান্য করেছিল ফেরার সময়। যদিও কোথাও জানা যায় না যে তার ফলে কি হল কারণ সে তো নিরাপদেই বাড়ি ফিরে এল! হয়ত বা তার ফলেই তার বাকি শাস্তি! জানতে ইচ্ছে করে যদি সে এই শেষের নির্দেশটুকু পালন করত তাহলে কি তার অন্তিম পরিণতি এত ভয়ঙ্কর হত না! অথবা মহিলার অন্য ছেলেমেয়েরা যে মারা গেল, তারাই বা কি অপরাধ করল? মানুষের পাপের শাস্তি মানুষকেই ভোগ করতে হয়, সেই দায় বহন করতে হয়। বড়দের দায় তাই অবধারিতভাবেই ছোটদের ওপরে বর্তায় অলিখিত শর্তে।

'বাঁশি' গল্পটির ক্ষেত্রে আচিবি আফ্রিকার বিভিন্ন সমাজে বহুল প্রচারিত একটা সহজ সরল লোককথার নবনির্মাণের ব্যাখ্যা করতে গিয়ে বলেছেন যে তিনি এটা সচেতনভাবে করেছেন যাতে ছোটদের, সমাজ সম্পর্কে ধারণা এবং সামাজিক ব্যবহার সম্পর্কিত ধারণা বিষয়ে যথাযথ শিক্ষা দেওয়া যায়। (এমারজিং পার্স্পেক্টিভ অন চিনুয়া আচিবি, পৃ ৪৩৬)। তাই প্রথম ছেলেটি অবাধ্যতা সত্ত্বেও তার বাঁশিটি ফেরত পায় এবং তার সঙ্গে অতিরিক্ত উপহার পাওয়ার যুক্তি হিসেবে ছেলেটি ভূতের রাজাকে মাথা নীচু করে জানায় যে বাঁশিটি তার নিজের হাতে তৈরি যার কোন বিকল্প হতে পারে না এবং এটাও জানায় যে নিজের বলতে তার শুধুমাত্র এই বাঁশিটিই রয়েছে আর কিছু নেই। তাই অন্ধকারে, ঠান্ডায় বাঁশিটি একলা পড়ে থাকবে সেটা মানতে না পেরেই সে বাবা মায়ের অবাধ্য হওয়ার মত অন্যায় করে ফেলেছে। এখানে আচিবি নিজেই বলেছেন— ''... আমার মনে হয় যে অবাধ্যতার স্বপক্ষে এভাবেই যুক্তি খাড়া করা উচিত। ছোটরা হয়ত প্রশ্ন করবে না। কিন্তু, এটা তাদের জন্য অস্বস্তিদায়ক। মানে, ধরুন, আপনি যদি তাদের বলেন, 'তোমরা অবশ্যই মা বাবার কথা মেনে চলবে!' তাহলে সেই ছেলেটি, যে বাবা মায়ের অবাধ্যতা করল আর তা সত্ত্বেও শেষে গিয়ে পুরষ্কৃত হল, কেন হল? কাজেই আমি চাইব যাতে প্রশ্নটি তোলা হয়। যাতে ছেলেটি একটা যুৎসই জবাব দিতে পারে এবং সর্দার ভূত প্রশ্রয়ের সঙ্গে বলতে পারে 'তাই বলে এটাই কিন্তু যথেষ্ট নয়। তবে তোমার উদ্যম আমার ভালো লেগেছে। তোমার সাহস আমার ভালো লেগেছে।'' কাজে কাজেই বাধ্যতা যে নিয়ম সেটা বলা হল, আবার সাহস যে গুরুত্বপূর্ণ সেটাও প্রতিষ্ঠা করা গেল।' অর্থাৎ গল্পটা অক্ষুণ্ণ রেখেও প্রয়োজনমত জরুরী বিষয় আনা হল। আচিবি ইচ্ছাকৃতভাবেই বহুবিবাহের অভিশাপকে নাটকীয়ভাবে পরিবেশন করেছেন যাতে আজকের ছেলেমেয়ে এবং স্ত্রীরা এই ধরনের পরিস্থিতিতে জেনেবুঝে নির্বাচন করতে পারে। এই গল্পের নীতিকথা এতটাই প্রকট যে বাচ্চারা ভুলবে না। এখানে ছোটদের লোভ, অতি উচ্চাশা, ঈর্ষা, হিংসা, বিশ্বাসঘাতকতা, অবাধ্যতা, আত্মম্ভরিতা এবং আত্মকেন্দ্রিকতার পরিণাম সম্পর্কে সতর্ক করে দেওয়া হয়েছে। অন্যদিকে সারল্য, বিনয়, সাহস, সততা, কঠোর পরিশ্রম, দয়া, এবং আত্মবিশ্বাসের মত গুণগুলির প্রশংসা করা হয়েছে। লোককথাকে পরিবর্তিত রূপ দিতে গিয়ে আচিবি সমসাময়িক কিছু বৈশিষ্ট্য যোগ করেছেন। এভাবেই প্রথম ছেলেটির উপহার বদলে হয়ে যায় 'সোনা, রুপো এবং পেতল, জামাকাপড় এবং মখমল', যেগুলো কিনা সম্পদের আধুনিক প্রতীক।

চিরাচরিত ক্ষমতা কাঠামোর ওপরে অবধারিতভাবেই থাকে বড়রা আর সেই ক্ষমতায় থাকতে গেলে প্রশ্নহীন আনুগত্যই ক্ষমতায় টিকে থাকা এবং ক্ষমতা বৃদ্ধির অন্যতম উপায়। অতএব শিশু এবং নারী উভয়েই যখন ক্ষমতার বয়ানে শাসিতের স্থানে থাকে তখন আরও এক নিবিড় আত্মিক সম্পর্কের বুনোটে বাঁধা পড়ে তারা। ছোটরা সবসময়েই বড়দের ওপর বিশ্বাস বজায় রাখে এই ভেবে যে তাদের চিন্তাভাবনা ও মনোভাব গুরুত্ব পাবে ও সাড়া পাবে। যখন আমরা শৈশব সম্পর্কিত বড়কেন্দ্রিক ধ্যানধারণা ও তা থেকে উদ্ভূত সেই সংক্রান্ত সামাজিক ও পারিপার্শ্বিক সংস্কার বিষয়ে অপর্যাপ্ত দৃষ্টিভঙ্গী গ্রহণ করি, তখন তাদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হয়। (স্কাই, পৃ ২০৮)। এই 'বিশ্বাস' আর 'বিশ্বাসঘাতকতা' নিয়েই চলে জীবন যা আচিবির লেখায় এসেছে জীবনের স্বাভাবিক ছন্দের মতই।

ছোট-বড়, নারী-পুরুষ এবং মানব—অমানব প্রকৃতির ভেতরে ন্যায় এবং সহানুভূতিশীল সম্পর্কের প্রচারের মত পারস্পরিক সহায়তামূলক প্রকল্পে নারীনিসর্গনীতিবাদী দর্শন এবং সক্রিয় আন্দোলন নিয়োজিত। সম্পর্কের মূল্যবোধ গোষ্ঠীজীবনের প্রতিটি ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণের কথা বলে থাকে। ছোটদের কণ্ঠস্বর যেন অন্যান্য সবার মতই শোনা যায়। অর্থাৎ খেয়াল রাখা দরকার যে, ছোটরা যেন প্রতীক বা বোড়ে হিসেবে ব্যবহৃত না হয়।

নারীনিসর্গনীতিবাদের অন্যতম মূল বক্তব্যের কিছুটা আচিবি নিজেই বলেছেন। হয়ত অজান্তেই; ''একটা দ্বর্থ্যবোধ। সব কিছুরই দুটি দিক রয়েছে। 'যখনই কোনকিছু দাঁড়ায়, তার পাশাপাশি অপর কিছুও থাকে। এটা আর একটা খুব জোরালো ইবো বিবৃতি। সম্পূর্ণ সত্যিও বটে, এবং যখনই কেউ এই 'অপর' বা 'অন্য'কে দেখতে অস্বীকার করে, তখনই তার সমস্যার শুরু।'' (কট, পৃ ৮৭)। নারীনিসর্গনীতিবাদীদের মতে, '' শেষ উত্তর দেওয়ার অধিকার কোনো ব্যক্তি বা গোষ্ঠীর নেই।'' (মৈত্র, পৃ ১৪২)। সম্পর্কের নানা রসায়ন, ক্ষমতার নানা সমীকরণের ছবি এঁকে আচিবি 'ক্ষমতা'র বৈষম্য ঘোচানোর কথাই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বলেছেন। কিন্তু এই বৈষম্য ঘোচানোর ক্ষেত্রে আসেনি আলাদা করে ছোটমেয়েদের কথা। প্রান্তিকেরও প্রান্তিক অবস্থানে থাকা তাদের স্বর এখানে একেবারেই অনুপস্থিত। এর ফলে নারীনিসর্গনীতিবাদী দর্শনের সেই দিকটিও অনুপস্থিত থেকে যায় যেখানে পারস্পরিক

নির্ভরশীলতার সঙ্গে প্রকৃতি-পরিবেশ, নারী, পুরুষ, ছোট, বড় প্রত্যেকের ব্যক্তিগত স্বাতন্ত্র্যের জায়গাটাও সুরক্ষিত থাকবে একটি কাঁথায় কাপড়ের প্রতিটি টুকরোর ভিন্ন অবস্থানের মতই।

আচিবি ছোটদের কাছে নিজের ভাবনা, মূল্যবোধ, সমাজকে চেনানোর দায়িত্ব পালন করতে চেয়েছেন তাঁর লেখার মাধ্যমে। নাইজেরিয়ায় লিঙ্গ সাম্যের মত সমাজে অনুপস্থিত বিষয় নতুন করে উপস্থাপনের চেয়েও আচিবির কাছে প্রয়োজনীয় ছিল তার সমাজের ঔপনিবেশিক প্রভাবে সৃষ্ট আত্মপরিচয়ের প্রবল সঙ্কট কাটিয়ে ওঠা। পিতৃতান্ত্রিক সমাজে এভাবেই লিঙ্গ বৈষম্যের বিষয়টি আপাত গুরুত্বহীন হয়ে পড়ে অন্যান্য 'গুরুদায়িত্বের' থেকে। আর তাই 'কিশোর' চরিত্রদের মায়েদের দেখা পেলেও, তাদের সমবয়সী অথবা অন্য মহিলা চরিত্র থেকে যায় অনুপস্থিত।

রোজ উরে মেজু তাঁর গবেষণামূলক প্রবন্ধে দেখিয়েছেন যে, পশ্চিম আফ্রিকার ঘানার আকানদের মত, কয়েকটি অংশত মাতৃকেন্দ্রিক সমাজের কথা বাদ দিলে, সাধারণভাবে পূর্ব আফ্রিকার নাইজিরিয়া এবং আফ্রিকার অন্যান্য সমাজ মূলত পুরুষতান্ত্রিক। আচিবি কিন্তু এই সমাজেই বেড়ে উঠেছেন। ঔপনিবেশিকতার প্রভাবে পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত অথচ শিকড়ের সঙ্গে দৃঢ়ভাবে আবদ্ধ একজন সংবেদনশীল মানুষের মনে একই সঙ্গে দেশি-বিদেশি সংস্কৃতি, ভাল-মন্দ, নতুন-পুরোনো, ঐতিহ্য ও আধুনিকতার বিভিন্ন দিক নিয়ে পরস্পর বিরোধিতা থাকাটাই স্বাভাবিক। এই সবের মধ্যেই অন্য অনেক কিছুকে মেলাতে গিয়ে, অনেক গুরুত্বপূর্ণ বিষয়কে ছোটদের কাছে প্রাঞ্জল করে সরসভাবে তুলে ধরতে গিয়ে, ছোটদের মধ্যেও যে লিঙ্গ বৈষম্য বর্তমান— সেই অতি গুরুত্বপূর্ণ দিকটি অবহেলিতই থেকে গেছে। তবে, সমাজে নারীর ভূমিকা এবং তার গুরুত্ব উপলব্ধি করে পরবর্তী সময়ে তিনি জোরালো নারীস্বরের স্বপক্ষে বক্তব্য যেমন রেখেছেন, তাঁর পরবর্তী অনেক লেখাতেই প্রধান এবং মূল চরিত্র রূপে এনেছেন স্বাধীন, স্বাবলম্বী, ক্ষমতার অধিকারী নারীদের। কিন্তু তা মূলত বড়দের উপন্যাসে। ছোট মেয়েদের অবস্থান তাঁর লেখায় সেই প্রান্তেই রয়ে যায়।

আচিবি এক সাক্ষাৎকারে বলেন যে গ্রামের গোষ্ঠীজীবনে সবার জায়গা রয়েছে। নারী, পুরুষ, বাচ্চা, আত্মা, দেবতা, জীবজন্তু এবং প্রকৃতি... এবং নারী এবং পুরুষ, জীবিত এবং মৃত... এটা খুব গুরুত্বপূর্ণ, জীবিত এবং মৃতর দুনিয়া এবং যে জন্মায়নি এখনো, তাকে নিয়ে, সবাইকে নিয়ে গোষ্ঠীজীবন। অর্থাৎ এটা একই সঙ্গে পার্থিব এবং অপার্থিব। অতএব গ্রামে তুমি যাই করনা কেন, এই সত্যিটা মাথায় রাখতে হবে। আরও বলেন যে, আজ যেমন আলাদা আলাদাভাবে আমরা রাজনীতি, অর্থনীতি, ধর্মর কথা বলি, আগে কখনোই এরকম খোপে খোপে সবকিছুকে আলাদা করার কোন ব্যাপার কোনদিন ছিল না। আদি সমাজে সবকিছু একসঙ্গে ওতপ্রোত জড়িয়ে ছিল। ইবো সমাজে কোন মানুষ 'অধার্মিক' ছিলো না। এমনকি ইবো ভাষায় 'ধর্ম' বলে কিছুর অস্তিত্বই নেই— ''এককথায় এটা 'জীবন'— 'ইট্স সিম্প্লি লাইফ।'' (কট, পৃ ৭৮-৭৯) এখানেই 'জীবন'-যাপনে সবাই মিলে মিশে একসঙ্গে, পারস্পরিক নির্ভরতায় জড়িয়ে থাকার মত নারীনিসর্গনীতিবাদী ধারণার, একটা মূল ভাবনা যেন বলে দেন আচিবি। হয়ত এই বিশ্বাস নিয়ে লেখা হলেই চিকির সঙ্গে তার কোন কিশোরী বন্ধুকেও পেত পাঠক, অথবা হয়ত চিকির পরিবর্তেই পেত! মূল চরিত্র হিশেবে!

তথ্যসূত্র

চিনুয়া আচিবি, ১৪০১ বঙ্গাব্দ, 'চিকি আর নদী', অনুবাদ— শ্রাবন্তী ঘোষ, দে'জ পাবলিশিং

'চিকি এ্যান্ড দ্য রিভার', ২০১১, অ্যাঙ্কর বুকস, নিউ ইয়র্ক

'দ্য ফ্লুট', ১৯৭৯, ফোর্থ ডাইমেনশন, এনুগু, নাইজিরিয়া

এ্যান ইমেজ অব আফ্রিকা, ১৯৮৯, হোপস এ্যান্ড ইমপেডিমেন্টস, সিলেক্টেড এসেজ, ডাবলডেঃ অ্যাঙ্কর বুক্স

'দ্য নভেলিস্ট অ্যাজ টীচার', ১৯৮৯, হোপস এ্যান্ড ইমপেডিমেন্টস, সিলেক্টেড এসেজ, ডাবলডেঃ অ্যাঙ্কর বুক্স

'দ্য এডুকেশন অব এ ব্রিটিশ প্রোটেক্টেড চাইল্ড', ২০০৯, পেঙ্গুইন

'দ্যা রাইটার এ্যান্ড হিজ কম্যুনিটি', ১৯৮৯, হোপস এ্যান্ড ইমপেডিমেন্টস, সিলেক্টেড এসেজ, ডাবলডেঃ অ্যাঙ্কর বুক্স

কারেন জে ওয়ারেন, ১৯৯৪, 'টোয়ার্ড এ্যান ইকোফেমিনিস্ট পীস্‌পলিটিক্স', ইকোলজিকাল ফেমিনিজম, লন্ডন-নিউইয়র্ক: রুটলেজ

কারেন জে ওয়ারেন, ১৯৯০, 'দ্য পাওয়ার এ্যান্ড দ্য প্রমিস অব ইকোলজিকাল ফেমিনিজম', এনভায়রনমেন্টাল এথিকস ১২(২)

যোনাথন কট এর নেওয়া আচিবির সাক্ষাৎকার, ১৯৯৭, 'চিনুয়া আচিবিঃ এ্যাট দ্য ক্রসরোডস্, কনভারসেশনস্ উইদ চিনুয়া আচিবি', সম্পাদনা বার্নথ লিন্ডফর্স, ইউনিভার্সিটি প্রেস অব মেসিসিপি

রাইসা সিমোলা, ১৯৯৩, 'দ্য ফ্যট, দ্য ড্রাম এ্যান্ড হাও দ্য লেপার্ড গট হিজ ক্লজ বাই চিনুয়া আচিবি'। *নর্ডিক জার্নাল অব আফ্রিকান স্টাডিজ* ২(১): ৮৭-৮৯, জোসেনশু বিশ্ববিদ্যালয়, ফিনল্যান্ড

রুথান কার্থ স্কাই, ১৯৯৭, 'ইকোফেমিনিজম এ্যান্ড চিলড্রেন', ''ইকোফেমিনিজম, কালচার, নেচার'', কারেন জে ওয়ারেন (সম্পাঃ) , ইন্ডিয়ানা ইউনিভার্সিটি প্রেস

শেফালি মৈত্র, ২০০৩, 'নারী-নিসর্গনীতি', নৈতিকতা ও নারীবাদঃ দার্শনিক প্রেক্ষিতের নানা মাত্রা, নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড

ওয়েবসাইট এবং ইন্টারনেট তথ্যপঞ্জি:

রোজ উরে মেজু, http://www.uga.edu/~womanist/mezu1.2.htm [2/11/2009 1:17:59 PM] [WOMEN IN ACHEBE]

কারেন জে ওয়ারেন, ''ইন্ট্রোডাকশন টু ইকোফেমিনিজম'' lenvironmental.lilithezine.com/Introduction toEcofeminism.htm.

হিন্দি চলচ্চিত্রে নারী চরিত্রের সামাজিক বিবর্তন

সুমনা সাহা দাস*

বিজ্ঞানের ইতিহাসে মানুষের সৃষ্টির খাতা যত পূর্ণ হয়েছে ততই প্রযুক্তি উন্নত হয়েছে। এই ইতিহাসেরই একটি বৃহৎ ও অন্যতম গুরুত্বপূর্ণ অধ্যায় হল চলচ্চিত্র। তৎকালীন সমাজচিত্রের উৎকৃষ্ট প্রতিফলন ঘটে একমাত্র সাহিত্য ও গণমাধ্যমের মধ্য দিয়ে। সেই গণমাধ্যমেরই উৎকৃষ্টতম আধার এই চলচ্চিত্র। মানুষের হৃদয়ের অন্তঃস্থলে পৌঁছে যাওয়ার চাবিকাঠি। রঙবেরঙের চরিত্রের মধ্যে দিয়ে মানবজীবনের ক্ষুদ্রাতিক্ষুদ্র অনুভূতি, ভাবাবেগ, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক প্রেক্ষাপট সহ প্রতিটি দিকের পুঙ্খানুপুঙ্খ রূপ চিত্র তুলে ধরে এই চলচ্চিত্র। এত রঙের মধ্যে একটি অবশ্যম্ভাবি রঙ নারী চরিত্র, যা রামধনুর মতো নানা রূপ নিয়ে, আঙ্গিক নিয়ে বারবার আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে উঠে এসেছে চলচ্চিত্রের মধ্যে।

দীর্ঘ ১০০ বছরের ভারতীয় চলচ্চিত্রের গৌরবে মেয়েদের পথচলা কিন্তু মোটেও সহজ ছিল না। বিশেষত প্রাথমিকভাবে দেখতে গেলে একটি বিষয় সুস্পষ্ট যে এই ১০০ বছরের উপাখ্যানে নারী চরিত্র নিজেদের প্রকৃত স্থান করে নিতে প্রায় ১৭ বছর সময় নিয়েছে।

১৯১৩-তে যখন ভারতীয় সংস্কৃতি মাইলফলক সৃষ্টি করল প্রথম চলচ্চিত্র নির্মাণ করে তখন সেই বিশাল কর্মযজ্ঞে কোনও স্থানেই উঠে এল না কোনো নারী। দাদাসাহেব ফালকের রাজা হরিশ্চন্দ্র প্রকাশিত হল বিনা রমণীর অভিনয়ে। অন্না সালুঙ্কে নামক একজন হোটেলে খাবার তৈরি করার লোক অভিনয় করল 'রানি তারামতী'র চরিত্রে। ভারতের বর্ণাঢ্য ঐতিহ্যে অভাগা নারীর কোনো স্থানই হল না। কারণ, "The women who chose the unconventional profession of action were looked down upon as prostitutes or women who were 'easily available'."

তবু সাহস দেখালেন দুর্গাবাই কামাত ও তার মেয়ে কমলাবাই গোখলে। ১৯১৩-তেই মোহিনী ভস্মাসুর চলচ্চিত্রে পার্শ্ব চরিত্রে অভিনয় করল তারা। কিন্তু ১৭ বছর পর ১৯৩১ সালে হিন্দি ছবিতে প্রথম 'নায়িকা' বা মূল নারী চরিত্রে একজন নারী অভিনয় করে। 'আলম-আরা' যা কিনা প্রথম সবাক ছবিও, এতে নায়িকার চরিত্রে অভিনয় করেন প্রখ্যাত জুবেইদা। শুধু অভিনয় করাই নয় যথেষ্ট সাহসী পোশাকে (তৎকালীন সামাজিক প্রেক্ষাপট বিচারে) এবং সাহসী দৃশ্যে দেখা যায় তাকে।

অবশেষে পথচলা শুরু, তবে নায়িকা হয়েও সেসব যেন পার্শ্ব চরিত্রের মতই, কারণ 'Heroism' বলতে কেবলই পুরুষকেন্দ্রিকতা বোঝায়।

তবে এরই মধ্যে সম্পূর্ণ মহিলা কেন্দ্রিক চলচ্চিত্র নির্মিত হল ১৯৪০-এ। 'অওরত' নামক চরিত্রটি তুলে ধরল তৎকালীন সামাজিক চিত্রে একজন নারীর প্রকৃত রূপ, আত্মত্যাগ, বাৎসল্য ও সংসার রক্ষার যাবতীয় প্রচেষ্টা। যদিও এর আগে ১৯৩৫-এ হান্টারওয়ালি, ১৯৩৬-এ 'অচ্ছুৎ কন্যা', ১৯৩৭-এ 'কিষাণ কন্যা'ও উল্লেখযোগ্য তবু 'অওরত' নিল এক অনন্য মাত্রা। ২৭ বছর পর ১৯৫৭-য় ভারতীয় সিনেমা পুনরায় ইতিহাসের পাতায় স্বর্ণাক্ষরে নাম লেখায় 'মাদার ইন্ডিয়া' চলচ্চিত্রটি নির্মাণ করে, যা 'অওরত'-এরই পুনর্নির্মাণ। দুই সিনেমাই মেহেবুব খানের পরিচালনায় নির্মিত। এক কথায় 'মাদার ইন্ডিয়া' ছিল ভারতীয় সমাজচিত্রে নারীর আদর্শ রূপ।

নারী চরিত্র, এক কথায় যদি তাকে বর্ণনা করতে চাওয়া হয়, তবে তা সমগ্র বিশ্বের কঠিনতম কাজ। তাই হয়ত চলচ্চিত্র জগৎও তার রং-কে একটি ফ্রেমে মেলে ধরতে অক্ষম।

নানা চলচ্চিত্রে নানা আঙ্গিকে সে কখনো নায়িকা, কখনো খল-নায়িকা। তবু ১০০ বছরের চলচ্চিত্র জগৎ নারীকে তার মাধুর্য থেকে টেনে বার করে আনতে পারেনি মূল নায়িকা বা নারীর ঘরোয়া প্রতিবিম্বকে তুলে ধরতে গিয়ে। যেখানে সে এই মূল সামাজিক ধারণা থেকে বেরিয়ে এসেছে, সেখানেই সে খল-নায়িকা হয়ে গেছে।

অধ্যাপিকা, সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগ, বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর, কলকাতা-৬৩

তবে যদি 'vamp' শব্দটিকে না ছুঁয়ে আলাদা করে শুধুই কেন্দ্রীয় নারী নায়িকা চরিত্র নিয়ে আলোচনা করা হয়, তা হলে চলচ্চিত্রের যে ঐতিহ্যের ইতিহাস তদানীন্তন সামাজিক প্রেক্ষাপটে নারীর অবস্থানকে প্রকৃতরূপে তুলে ধরে, তা থেকে বোঝা যাবে কীভাবে তা অতি ধীরে হলেও, ক্রমপরিবর্তিত।

সুদূর ১৯৫৭ থেকে বর্তমানে ২০১৪, দীর্ঘ এই ৫৭ বছরের পথে বহু নারী চরিত্র নির্মিত হয়েছে, নারীকেন্দ্রিক চলচ্চিত্রও তৈরি হয়েছে।

তবে 'মাদার ইন্ডিয়া' আদর্শ বধূর চরিত্র থেকে একেবারে পৃথক মাত্রা নিয়ে পৃথক গল্প নিয়ে ভাবছে বলিউডের হিন্দি সিনেমার পরিচালকরা। হিরোইন, ফ্যাশন— এই দুটি সিনেমা অভিনেত্রীদের জীবনের কঠোরতাকে তুলে ধরে। সেভাবে কোনো মূল পুরুষ চরিত্র দেখাই যায় না এখানে। চাঁদনি বার, চামেলি, হেট স্টোরি, ব্ল্যাক, নো ওয়ান কিলড জ্যাসিকা, দ্যা ডার্টি পিকচার, কাহানি, ইংলিশ-ভিংলিশ-সহ আরো অনেক চলচ্চিত্রই তৈরি হয় একবিংশ শতকে।

২০১৪-র মরদানি চলচ্চিত্রটি বর্তমান সমাজের এক জ্বলন্ত সমস্যা তুলে ধরলেও নারীকেন্দ্রিক সিনেমা হিসাবে অনন্যসাধারণ এবং বর্তমানে মেয়েরা কীভাবে নিজের অস্তিত্বকে পুরুষ শাসনের ঊর্ধ্বে তুলে ধরতে সক্ষম তাও দেখানো হয়েছে।

তাই নারীর সামাজিক পরিবর্তনের প্রভাবকে চলচ্চিত্রে কীভাবে তুলে ধরা হয় তা দুই যুগের দুটি চলচ্চিত্র মাদার ইন্ডিয়া ও মরদানির তুলনামূলক আলোচনায় প্রকল্পে তুলে ধরা হল।

দুটি সিনেমায় দুজন নারী, দুরকম প্রেক্ষিত, জীবনের দুরকম পরিস্থিতি ও সমাধানও ভিন্ন, তবে দুটি ক্ষেত্রেই বিপরীত পক্ষে পুরুষ শাসিত সমাজের রক্তচক্ষু ও অন্যায়ের শক্তিশালী প্রভাব এই দুই নারীর লড়াইকে করে তুলেছে একের থেকে ভিন্ন ও অনন্য করে।

'মাদার ইন্ডিয়া' নামের মধ্যে রয়েছে ভারতমাতার প্রতিরূপ। সহনশীল, মমতাময়ী, কর্তব্যপরায়ণ নারীর আদর্শই মাদার ইন্ডিয়া। চলচ্চিত্রটির মধ্যে দেশভক্তির ছোঁয়া একটি গানের মধ্যেও দেখা যায়। 'ও যানে ওয়ালা যাওনা ঘর আপনা ছোড়কে, মাতা বুলা রহি হ্যা তুমহে হাত জোড়কে'।

তবে ওই একটি গান ছাড়া বাকী সম্পূর্ণ সিনেমাই মূল নারী চরিত্র 'রাধা'-র জীবনবৃত্তে ভাগ্যের সাথে লড়াই নিয়েই দেখানো হয়েছে, তাই তার প্রতিটি আত্মত্যাগ সহনশীলতা স্বামী, শাশুড়ী ও পরিবারের প্রতি কর্তব্য, সন্তানদের প্রতি মমতা, চরম বাধ্যবাধকতায় নিজের সতীত্ব রক্ষা, ভগবানের প্রতি অগাধ আস্থা দেখে মনে হতেই পারে চলিচ্চিত্রটির নাম মাদার ইন্ডিয়া না হয়ে 'অ্যা মাদার অব ইন্ডিয়া' হলে বেশি গ্রহণযোগ্য হত।

অন্য দিকে 'মর্‌দানি' শব্দটির নিজস্বতায় রয়েছে পুরুষোচিত ছোঁয়া অর্থাৎ সেই পুরানো 'নারী'-র ধারণাকে চ্যালেঞ্জ না জানিয়ে যেন বিপরীত দিকে মেনে নেওয়া অর্থাৎ একজন নারী যখনই তার কোমলতা, নমনীয়তা ভেঙে বেরিয়ে আসে নিজের বুদ্ধিমত্তা, দৈহিক বলকে শাণিত করে প্রতিবাদ করে তখনই তার নারীত্বে প্রশ্ন ওঠে, এক্ষেত্রেও তাই চলচ্চিত্রের কেন্দ্রীয় চরিত্র 'শিবানী রায়' নামক একজন মহিলা পুলিশ অফিসার হলেও সিনেমার নাম দেওয়া হল 'মর্‌দানি'। যে নামের মধ্যেই রয়েছে নারীদের যোগ্যতার প্রতি প্রশ্ন চিহ্ন।

অমিতাভ বচ্চনের 'মর্দ' নামক একটি সিনেমার বিখ্যাত সংলাপ ছিল 'মর্দ কো দর্দ নেহি হোতা' অর্থাৎ পুরুষরা যেন লৌহশক্তির অধিকারী। এই 'মর্দ' শব্দটি থেকেই 'মর্‌দানি' শব্দের উত্তরণ। বোঝায়ই যায় নাম মাহাত্ম্যে রানি মুখার্জি-র 'নারী' হওয়ার গরিমায় রয়ে গেছে প্রশ্ন।

তবে সেদিক থেকে নারী কেন্দ্রীক এজাতীয় সিনেমা 'তেজস্বীনী, 'ফুল বনে অঙ্গারে' সহ অন্যান্য চলচ্চিত্রগুলি নামের দিক থেকে অনেক বেশি উপযুক্ত।

মাদার ইন্ডিয়ায় রাধার চরিত্রে নার্গিস স্ত্রী হিসেবে গৃহ প্রবেশের পর থেকেই তাঁর জীবনে দুর্ভাগ্যের কালোছায়া নেমে আসে। সে নিঃশব্দে স্বামীর সেবা করে, নিজের এক মাত্র সম্বল বিয়ের গয়না দিয়ে সংসারের দারিদ্র মেটাতে চায়, স্বামীর প্রতিবন্ধকতাতেও হেরে যায় না তার মনোবল, তার স্বামী হার মেনে জীবন থেকে পালিয়ে যায়, স্বামী নিরুদ্দেশ হলেও জীবনের কঠিনতম মুহূর্তে সে বলে 'ম্যা ঘর ছোড়কে নেহি জাউঙ্গি আগার যো আ গ্যায়ে তো।' অদ্ভুত এক ট্রাজেডি, তবুও সে পতিব্রতা, সন্তানরা একে একে মৃত্যুর দিকে ঢলে পড়ছে অনাহারে, প্রাকৃতিক দুর্যোগে, তবুও সে নিজ সতীত্ব দান করতে গিয়েও স্বামীর ফিরে আসার আশায় আগলে রাখে।

বিপরীতে মর্‌দানির শিবানীর ভূমিকায় রানি সম্পূর্ণ পৃথক। সে একজন কেয়ারিং স্ত্রী কিন্তু প্রকাশের ক্ষেত্রে আবেগের উচ্ছলতা নেই, বিশেষ প্রকাশও নেই। বরং তার স্বামী (অভিনেতা যিশু সেনগুপ্ত) অপেক্ষা করে তার জন্য রাতে ফেরার, অন্যদিকে যিশু চোখে ওষুধ দিতে বল্লে সে গুরুত্ব না দিয়ে ব্যস্ত থাকে নিজের শরীর চর্চা নিয়ে। যীশুর প্রতি তার শত্রুরা প্রতিশোধ নিলে তার আবেগ কেবল চোখের জলে প্রকাশ পায়, আবেগের অতি দেখনদারি থাকে না তাতে। তবে তার স্বামীই তার মনোবল বাড়ায় দুটি সংলাপে 'ছোড়না মত্ শালেকো, চাহে কুচ ভি হো যায়ে' এবং 'দিমাগ শান্ত রাখ না, ওকে! তুম জব শান্ত হোতি হো, তো সবসে খতরনাক হোতি হো'।

দুই নারীর স্বামীদের মধ্যে সম্পূর্ণ বিপরীত চরিত্রায়ন হলেও দুই স্ত্রী মনোবলের দিক থেকে অভিন্ন।

সেদিক থেকে তুলনামূলক আলোচনার ক্ষেত্রে স্বামী-স্ত্রী-র সম্পর্ক নিয়ে যদি সিনেমার ভূমিকা দেখা হয়, তাহলে সবথেকে উৎকৃষ্টতম উদাহরণ হয়ে উঠতেই পারে স্ত্রী-র 'মেনে-ও-মানিয়ে' নেওয়া ও আত্মবলিদানের একটি চলচ্চিত্র 'অভিমান'।

'অভিমান' সিনেমায় স্ত্রী জয়া ভাদুড়ী নিজের গুণবলে স্বামী অমিতাভের থেকে অনেক বেশী সাফল্য অর্জন করে, শুরু হয় আত্মাভিমানের সমস্যা। সেখান থেকে স্ত্রীর আত্মত্যাগ।

মর্‌দানি সেক্ষেত্রে সম্পূর্ণ বিপরীত। একজন ডাক্তার হয়েও নিজের পুলিশ স্ত্রীকে সম্মান ও মনোবল দিতে ব্যর্থ হয়নি ডাঃ বিক্রম রায়, তবে হয়ত পেশাগত ভিন্নতা কিছুটা সহায়তা করেছে।

মরদানির একটি দৃশ্যে দেখানো হয় শিবানি চাবি খুলে মধ্য রাতে ঘুরে ঢুকছে। নাম ফলকে প্রথম নামটি 'শিবানি' ও দ্বিতীয়টি তার স্বামীর 'ডাঃ বিক্রম রায়'। বোঝাই যায় সে 'একমেবঅদ্বিতয়ম'।

অন্যদিকে মাদার ইন্ডিয়ার নার্গিস ও রাজ কুমারের বিয়েতে প্রথমে দেখানো হয় সাত পাকের একটিতে স্বামী প্রথমে ও ট্রান্সিশন শটে' স্ত্রী চলে আসে সামনে। অন্য দৃশ্যে হাল টানার সময় একইভাবে দুজনকে দেখানো হয়। দৈহিক বলেও সে একজন পুরুষের সমান। সদ্যজাত শিশুকে নিয়ে একা হাতে শিশুকে পিঠে বেঁধে ফসল ফলায়, বন্যার জলে দুই সন্তানকে মাচায় ধরে দাঁড়িয়ে থাকে সমগ্র রাত। মানসিক ও দৈহিক শক্তির অভূতপূর্ব মিশ্রণ দেখা যায় এই দুই যুগের দুই রমণীর মধ্যে।

দুটি চলচ্চিত্রে দুই প্রেক্ষিতে সামাজিক ব্যবস্থায় নারী নির্যাতনের রূপ ভিন্ন।

১৯৫৭-র চলচ্চিত্রে উঠে এসেছে তৎকালীন মহাজনি ব্যবস্থার কদাকার চিত্র রূপ, অন্যদিকে ২০১৪-র বর্তমান সমাজে সেই নির্যাতনের রূপ শ্লীলতাহানি, নারী পাচার, ধর্ষণ ও খুন।

উভয় নায়িকাই লড়ে গেছে নিজ নিজ পথে। মাদার ইন্ডিয়ার মতোই তিলে তিলে সহ্য করেছে রাধা, স্বামীকে হারিয়ে, সন্তানদের মৃত্যু দেখেও লড়াই করেনি, তবে যখন সতীত্ব রক্ষার প্রশ্ন উঠেছে, তখন সে লাঠি তুলেছে, অন্য নারীর সম্মান রক্ষার্থে পিছপা হয়নি নিজের সবথেকে প্রিয় ও আদরের সন্তানকেও গুলি করে হত্যা করতে।

তবে রানি লড়েছে 'মর্‌দানি' হয়ে, শক্তি ও বুদ্ধিবলে। শারীরিক শক্তিকে পুরুষ শক্তির ঊর্ধ্বে নিয়ে গেছে কঠোর অধ্যাবসায়। সে লড়েছে নিজের সম্মানের জন্যে, অন্যের সম্মান বাঁচাতে, নারী পাচারের বিরুদ্ধে, ধর্ষণের বিরুদ্ধে।

এক্ষেত্রে দুটি চলচ্চিত্রেই নারীর লড়াই ও অস্ত্র হাতে তুলে নেওয়া সম্মান ও সতীত্ব রক্ষার্থে।

প্রথমেই বলা হয়েছে 'heroism' শব্দটি নিজস্বতায় পুরুষতান্ত্রিক। তাই এই কথাটিকে স্বীকার করে নেওয়া কঠিন। এক্ষেত্রে একটি প্রশ্ন উঠতেই পারে যে নারী চরিত্রের জন্যে কেন এমন কোনো শব্দ সৃষ্টিই হয়নি অভিধানের পাতায়! উত্তরটি পাওয়া মোটেও সহজসাধ্য নয়, তবে ধরে নেওয়া যেতেই পারে যে হিরো তৈরি করতে গিয়ে পুরুষশাসিত সমাজ ভাবেইনি যে নারীরাও ভেঙে দিতে পারে সব পুরুষোচিত 'মিথ'।

তবে একটি চলচ্চিত্র যে নারীর তথাকথিত 'hero' চরিত্র না দেখিয়েও তাকে অনন্য করে তুলতে পারে তা বোঝা যায় শ্রীদেবী অভিনীত 'ইংলিশ-ভিংলিশ দেখলেই। কেন্দ্রীয় চরিত্র একজন ঘরোয়া স্ত্রী, যে কেবল ভাল রান্না করতে পারে, কিন্তু শুধুমাত্র তা দিয়ে পরিবারের লোকজন বিশেষত তার স্বামী ও সন্তানকে সন্তুষ্ট করতে পারে না, কারণ সে ইংরাজী বর্ণ বিন্দুমাত্র জানে না। এখান থেকেই তার লড়াই শুরু। নিজের একার চেষ্টায় সে ভিন-দেশে অপরিচিত পরিবেশে ইংরাজী শেখে ও তার সন্তানকে বোঝায় সে

মোটেও অপমানের বা অবহেলার নয়। এখানে সে নারীর মূল্যবোধকে ত্যাগ করে না, গৃহকোণের মাঝে নারীর ধারণাকেও ভাঙে না, তবুও সে হয়ে ওঠে একজন 'hero'।

অর্থাৎ 'hero' হয়ে উঠতে গেলেই যে শুধুই মর্‌দানি-র শিবানি হতে হবে তা নয়, নিজস্ব সত্ত্বায় দৃঢ়ভাবে টিকে থেকে নিজের অস্তিত্বের জানান দেওয়াও এক প্রকার heroism।

বর্তমান চলচ্চিত্রে মহিলাদের ভূমিকা অনেকাংশেই হয়ে উঠেছে এমনই প্রথা ভাঙা গল্পকে কেন্দ্র করে। ২০১৪-র আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে এসে তাই হিন্দি সিনেমার অন্যতম লেজেন্ড অমিতাভ বচ্চন বলে গেলেন,

Asserting that the girls now were far more conscious of their rights, liberated and educated, this is now strongly reflected in Indian cinema. Films recently released have redefined the Indian women. "Referring to films like "Chandni Bar" and "Page 3" to buttress his point, he said: "These characters have had many, many shades that have moved away from the pre-set stereotypes of wife, of vamp or the sacrificing mother."

FURTHER READINGS

India & you. The world's window to India, 'HER JOURNEY IN INDIAN CINEMA WOMEN IN 100 YEARS OF INDIAN CINEMA.' https://mediaindiagroup.wordpress.com/tag women-in-100-years-of-indian-cinema

Roy, Amrita. 2012. The Journey of Women in Indian Cinema, The soft copy, An IIJNM web publication.http://www.thesoftcopy.in/afchive//softcopy 13/17_01_13_amrita_oped.html

Recent films have redefined the Indian women: Amitabh Bachchan, India Today in.http://indiatoday.intoday.in/story/amitabh-bachchan-kolkata-international-film-festival-recent-films-have-re-defined-the-indian-women/1/400182.html

Changing role of women in Indian cinema http://zeenews.india.com/entertainment/womens-day-2014/changing-role-of-women-in-indian-cinema_151663.html

Ray, Satyajit. 2002. Speaking of Films, Penguin, India

Saran, Renu. 2012. History of Indian Cinema, Diamond Books

ISSN No. 2277- 4831

bodhi kala

(A bilingual Journal)

Joint Editors :

Sukanya Sanyal, Dept. of English
Aparajita Bhattacharjya, Dept. of History

Associate Editors:

Sumita Chakraborty, Dept. of Political Science
Sutapa Bhattacharjya, Dept. of Sanskrit
Tripti Dhar, Dept. of Philosophy

Chief Advisor :

Tapan Kumar Poddar, Principal

Advisors:

Manindranath Pandit, Dept. of Commerce

Siddhartha Guha Roy, Dept. of History

Nabakishore Chanda, Dept. of Bengali

Arvind Pan, Dept. of Physics

Atanu Thakur, Dept. of Economics

Sutapa Kumar Rai, Dept. of Botany

Debasish Mukherjee, Dept. of Mathematics

*The authors are solely responsible for the contents of their papers/articles compiled in this volume. The publishers or editors do not take any responsibility for the same in any manner.
Errors, if any, are purely unintentional and regretted.

Principal , Vivekananda College
Thakurpukur, Kolkata - 63

Why bodhi ?

Bankim Chandra in Dharma-tattwa raised a million dollar question "what we are to do with life; what is to be done ?" (*Jibon loia ki koribo; ki korite hoy*?). This was probably the question which hunted a considerable section of our faculty members. In an untiring pursuit to solve this question, we came to realize that eternal quest for knowledge along with healthy exchange of opinion could be an effective starting point in our journey to the centre of this question. By exerting our freedom of expression and also by articulating our opinion, we may at least make our life more meaningful. This venture requires a platform for clarity of thought. Thus came the idea of *Bodhi*, a journal to be published exclusively by Vivekananda College. Not only the members of our faculty, any free thinker from any part of the globe is at liberty to contribute and express his/her valued opinion. We welcome articles from the experts of different subjects. We firmly believe that active participation of erudite persons shall enable the journal to rise to the pinnacle of glory in near future.

The advent of printing in 15th century Europe raised the human civilization to a majestic climax. Power of the printed word began to dominate the entire world. Pope Alexander VI, apprehensive of the development, warned in papal bull in 1501: "The art of printing is very useful insofaras it furthers the circulation of useful and tested books: but it can be more harmful if it is permitted to widen the influence of pernicious works." By the word 'pernicious', the pope meant any writing 'antagonistic to the Catholic faith.' Centuries have passed since the days of the pope Alexander VI. In many ways, liberalism reigned supreme in the past centuries. Accepting others' views has been accepted fact in our times, although not followed always in the strict sense of the term. But we are determined to follow it. The opinion of the 'other' shall be honoured, but at the same time the right to polemics will not be ignored.

It is the well considered opinion of the faculty members that the journal would be published in three parts–bodhi artham, bodhi vijanan and bodhi kala. The first one will deal with issues relating to finance and economics; the second one shall comprise discussion on science and technology and the third one will include articles on humanities and social sciences. But we are entirely opposed to the idea of rigid compartmentalization. A discourse on the history of science may be published in bodhi kala, or for example, a critique of colonial economy shall well accepted in bodhi artham. Our resources are limited, but our vision is an humble effort on our part to build up a knowledge based society.

That is why .....

Chief Advisor
bodhi

NOTES TO CONTRIBUTORS

Bodhi is an official journal of the Vivekananda College, Kolkata. Each volume of this journal includes three issues viz. *bodhi artham, bodhi kala* and *bodhi bijnan*; one issue per year. We accept any original article or review not published elsewhere. But, under any condition, the Editorial Board of Vivekananda College will not shoulder the responsibility of the views or criticisms expressed by the authors or reviewers.

The articles should be written with clarity and simplicity so that an undergraduate student from any branch of studies can understand and enjoy it. But in no way should fidelity of facts and concepts be compromised. Preference would be on new findings and/or new conceptual developments that might have important scientific, social or policy implications. Articles of interdisciplinary nature or transcending into a philosophical height will be a welcome.

General Guidelines

The manuscript should be typed either in English or in Bengali in 12pt Times of MS word, both one soft copy and one hard copy have to be submitted. They will not be returned. The drawings or BW photographs are to be digitised as '.tif' files or a neat copy has to be sent along with the text.

Articles must be not more than 8000 words including notes, tables and references.

Authors are requested to prepare their soft copies in text format. PDF versions cannot be processed by Bodhi. Authors are encouraged to use UK English spelling.

Authors are requested to provide full details for correspondence: Designation, postal and email address and phone number.

Letter

Readers of Bodhi are encouraged to send comments and suggestions (300-400 words) on published articles. All letters should have the writer's full name, designation and postal and email address.

Reference

The reference used in an article should be placed in appropriate position within brackets by author(s) name(s) followed by the year of publication (e.g. Ricklefs and Miller, 2006).

For Books

Khan, M.Y. and Jain, P.K. 2005. *Financial Management*. 1st Edn. Tata McGraw Hill, New Delhi.

For Journals

Hornell, J. 1912. New cestodes from Indian fishes. *Rec. Indian Mus.* 7: 197-209.

All the submissions will be peer reviewed by subject expert(s) of repute and decision by the Editorial Board on acceptance or refusal for publication will be final.

Author will receive two copies of the journal free of cost.

All manuscripts are to be sent to -

The Principal
Vivekananda College
269, Diamond Harbour Road
Kolkata - 700 063.
E-mail: vivekanandacollege63@gmail.com

CONTENTS

বাংলা গদ্যের ইতিহাস রচনা নিয়ে কিছু প্রশ্ন	দেবেশ রায়	৩
Spelling should be pensioned off, it terrorizes human beings from birth	Vivek Sahay	15
বধ্যভূমি উপত্যকা— রাষ্ট্রের সন্ত্রাস ও হারিয়ে যাওয়া মানুষ	সিদ্ধার্থ গুহ রায়	২৩
বাংলা ও বাঙালির বিলুপ্ত বাঘ— স্যার আশুতোষ মুখোপাধ্যায়	স্বপন মুখোপাধ্যায়	২৭
Unveiling in the New Public Sphere: Narratives of Transgression by Muslim Women in the World of Blogs	Tajuddin Ahmed	31
The Logic of Ethics in the *Shadow* Industry: Literary Product and Literary Object in Three Peter Carey Stories	Arka Chattopadhyay	41
ইলেকট্রা মাই লাভ	সুরঞ্জন রায়	৫১
The Muchalinda-Buddha: its Origin and Evolution in the Art of Indian Asia	Shreyashi Chaudhuri	53
Caste and the Left: A Brief Sketch of the Caste Question and Three Decades of Left Front Rule in West Bengal	Surajit Gupta	63
(CoM) Promised Comparisons and the Trials of Truth-Telling	Anik Samanta	69
The Problem of Negation	Sangeeta Chattopadhyay	83
GandhIji-The journalist	Arnab Kumar Banerjee and Supriyo Hazra	91
From 'Hariyali' to 'Hool' Changing Profile of the Jungle Mahal Santals	Aparajita Bhattacharyya	99
Entering The Trap Of The Text	Manidip Chakraborty	109
চিকি আর নদী' এবং 'বাঁশি',— চিনুয়া আচিবির ছোটদের লেখায় ছোট-বড় সম্পর্কঃ একটি নারীনিসর্গনীতিবাদী পাঠ	মৌপিয়া মুখোপাধ্যায়	১১৩
হিন্দি চলচ্চিত্রে নারী চরিত্রের সামাজিক বিবর্তন	সুমনা সাহা দাস	১২১

We are here: **www.vckolkata63.org**

Published by: Tapan Kr. Poddar, Principal, Vivekananda College, from 269 D. H. Road, Kolkata-63
Printed by : Barnana, 6/7 Bijoygarh, Kolkata-32. Ph: 6451 3342